করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন। সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

প্রথম আলো

Prothom Alo North America

31 March 2022, Thursday, 6th Year, Issue 263, 40 Pages

যুক্তরাষ্ট্রে নতুন নায়িকা নিয়ে শাকিবের নতুন সিনেমা পৃষ্ঠা ৩০

৩১ মার্চ ২০২২, ১৭ চৈত্র ১৪২৮, ২৮ শাবান ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৬, সংখ্যা ২৬৩, পৃষ্ঠা: ৪০

জমজমাট আয়োজনে প্রথম আলো উত্তর আমেরিকার ৬ষ্ঠ বর্ষে পদার্পণ

ভালোবাসা ভাগাভাগি করে একসাথে চলি

বিশেষ প্রতিনিধি

উত্তর আমেরিকায় বিশেষত নিউইয়র্কে বাংলা সংস্কৃতি, সাহিত্য ও ঐতিহ্যের ধারা অব্যাহত রাখতে নিরলস প্রচেষ্টা এবং চর্চা জারি রাখটা জরুরি। একইসাথে আমেরিকার মূলধারায় নিজেদের অংশগ্রহণ এবং সাফল্যের সাথে যুক্ত রাখতে প্রয়োজন সংগঠিত জনসমাজ। আর এজন্য প্রয়োজন একটি শক্তিশালী প্লাটফর্মের।

প্রথম আলো উত্তর আমেরিকা গত পাঁচ বছরের পথচলায় তৈরি করেছে এধরনের একটি প্লাটফর্ম। যেখানে একে যুক্ত হয়েছে জনসমাজের কল্যাণকামী আলোকিত মানুষের স্রোত। তাই আসুন ভালোবাসা ভাগাভাগি করে একসাথে চলি।

নিউইয়র্কের কুইন ব্লুভার্ডের আগ্রা প্যালেসে প্রথম আলোর উত্তর আমেরিকার বর্ষপূর্তিতে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেয়া কমিউনিটি অ্যাক্টিভিস্ট, বিচারক, আইনজীবী, ব্যবসায়ী, বিজ্ঞাপনদাতা, লেখক, সাংবাদিকসহ সুধীজনদের প্রত্যাশা ও অভিমত ছিল এমনই। একইসাথে যুক্তরাষ্ট্রের মূল স্রোতের সাথে বাংলাদেশি জনসমাজের তালমিলিয়ে এগিয়ে চলা ও সাফল্যের গল্পও উঠে আসে বক্তৃতায়। অনুষ্ঠানজুড়ে ৫১তম স্বাধীনতা দিবসে উদযাপন নিয়েও অতিথিদের বক্তৃতায় একাত্তরের মহান মুক্তিযুদ্ধে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

প্রথম আলো উত্তর আমেরিকার ৬ষ্ঠ বর্ষে পদার্পণ উদযাপন অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন ডিসট্রিক্ট অ্যাটর্নি ম্যালিন্ডা কার্টজ। ছবি: সৈয়দ মাসুদুল কবির

জনসমাজকে এগিয়ে নেয়ার অঙ্গীকার

রুদ্র মাসুদ

নিউইয়র্কের কুইনস ডিসট্রিক্ট অ্যাটর্নি ম্যালিন্ডা কার্টজ বলছেন, কমিউনিটির নিরাপদ জীবনযাপন নিশ্চত করার দায়িত্ব তাঁর। এ কাজে সহযোগিতা করার জন্য তিনি নিউইয়র্ক সিটির বহুজনমিশ্রণের সব ধরনের জনগোষ্ঠীর সহযোগিতা কামনা করেছেন।

কুইনসের প্রথম নারী ডিসট্রিক্ট অ্যাটর্নি ম্যালিন্ডা কার্টজ, নিউইয়র্ক নগরের কমিশনার দিলীপ চৌহান, সিনেটর জন লুসহ বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়ে গেল প্রথম আলো উত্তর আমেরিকার ৬ষ্ঠ বর্ষে পদার্পণ অনুষ্ঠান।

২৭ মার্চ রোববার প্রথম আলো উত্তর আমেরিকার একদল লেখক সাংবাদিকের সম্মিলিত উপস্থাপনা এবং পরিবেশনায় অনুষ্ঠানটি ছিল ভিন্ন আয়োজনের। নারী লেখক, সাংবাদিকদের ব্যবস্থাপনায় সাজানো অনুষ্ঠানে নিউইয়র্কের বাংলাদেশি সমাজের উল্লেখযোগ্য লোকজন উপস্থিত ছিলেন। অনেকটাই পারিবারিক মিলনমেলার মতো হয়ে উঠেছিল ফরেস্ট হিলের আগ্রা প্যালেস।

অনুষ্ঠানের শুরুতে মহান স্বাধীনতার জন্য আত্মাহুতি দেয়া বীরদের প্রতি সম্মাননা জানানো হয়। ভিডিওচিত্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিব, মিডিয়া স্টারের প্রয়াত চেয়ারম্যান লতিফুর রহমানের প্রতি শ্রদ্ধা জানানো হয়। ট্রান্সকম গ্রুপের বর্তমান প্রধান সিমিন রহমান, প্রথম আলো সম্পাদক মতিউর রহমানের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়।

বেলা ১২টায় রওশন হকের উপস্থাপনায় অনুষ্ঠান শুরু হয়। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

অভিবাসন আবেদনে গতি আনার উদ্যোগ

এইচ বি রিতা

আমেরিকার অভিবাসন ব্যবস্থায় গতি নিয়ে আসার জন্য বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। দীর্ঘদিন থেকে জমে থাকা আবেদনগুলো ফয়সালা করার জন্য গত মঙ্গলবার অভিবাসন বিভাগ বেশ কিছু পদক্ষেপের ঘোষণা দিয়েছে।

ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (USCIS) একটি বিবৃতিতে বলেছে যে, নতুন উদ্দ্যোগটি আবেদনকারীদের অপেক্ষার সময় কমাতে সাহায্য করবে। সেই সাথে প্রিমিয়াম প্রক্রিয়াকরনে অতিরিক্ত ফর্মগুলিতে প্রসারিত করতে এবং যারা ওয়ার্ক পারমিট পুনর্নবীকরণের জন্য অপেক্ষা করছেন, তাদের সুবিধার জন্য নতুন লক্ষ্য নির্ধারণের পরিকল্পনা করবে।

ওয়ার্ক পারমিট, সাধারণত ২ বছরের জন্য বৈধ হয় এবং ভিসাধারীরা পুনর্নবীকরণের জন্য আবেদন করলে সেটা স্বয়ংক্রিয়ভাবে ১৮০ দিনের জন্য সময় বাড়ানো হয়। কিন্তু পুনর্নবীকরণ প্রক্রিয়ায় নজিরবিহীন বিলম্বের কারণে অনেক অভিবাসীরা অপেক্ষায় থাকছে এবং তাদের কাজের অনুমতির মেয়াদ শেষ হয়ে যাচ্ছে। যার ফলে তারা চাকরি হারাচ্ছে।

সাম্প্রতিক বছরগুলিতে, সামগ্রিকভাবে আবেদন প্রক্রিয়াকরণের সময় ২৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ফেব্রুয়ারি পর্যন্ত ৯.৫ মিলিয়ন আবেদন জমা পরেছে। ২০১৯ অর্থবছরের শেষে যা ছিলো ৫.৭ মিলিয়ন। আবেদনগুলির প্রক্রিয়াকরণ বিলম্বের কারণে লক্ষ লক্ষ অভিবাসীদের অভিবাসন আবেদনগুলো অনুমোদন করা হয়নি। যার কারণে তারা



- নতুন ব্যবস্থা পরিকল্পনা নিয়ে USCIS জানায়, এটি আরও কর্মী নিয়োগ করবে এবং নতুন প্রক্রিয়াকরণের সময়-লক্ষ্য পূরণের জন্য প্রযুক্তির ব্যবহারে প্রক্রিয়াগুলিকে আরও আধুনিক করবে।

পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে এবংমাস-বছর যাবত তারা কাজ করতে পারছে না।

ফেডারেল এজেন্সি বছরের পর বছর ধরে এই ক্রমবর্ধমান আবেদনগুলি পূরণের চেষ্টা করছিলো। তবে সাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের অধীনে বিধিনিষেধমূলক অভিবাসন নীতি এবং কোভিড-১৯ মহামারীর কারণে অভিবাসন পরিষেবাগুলি বিশ্বব্যাপী স্থগিত হয়ে গিয়েছিলো।

নতুন ব্যবস্থা পরিকল্পনা নিয়ে USCIS জানায়, এটি আরও কর্মী নিয়োগ করবে এবং নতুন প্রক্রিয়াকরণের সময়-লক্ষ্য পূরণের জন্য প্রযুক্তির ব্যবহারে প্রক্রিয়াগুলিকে আরও আধুনিক করবে। সংস্থাটি বলেছে যে, তারা ২০২৩ সালের সেপ্টেম্বরের মধ্যে এই লক্ষ্যগুলি অর্জনের

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

খোশ আমদেদ মাহে রমজান

উত্তর আমেরিকা অফিস

খোশ আমদেদ মাহে রমজান। চাঁদ দেখা সাপেক্ষে নিউইয়র্কসহ উত্তর আমেরিকায় ২ এপ্রিল শনিবার থেকে শুরু হচ্ছে পবিত্র রমজান মাস। রমজান উপলক্ষ্যে উত্তর আমেরিকার মসজিদে শুক্রবার ১ এপ্রিল রাতে শুরু হবে তারাবির নামাজ। তাই আমেরিকাজুড়ে সমগ্র মুসলিম কমিউনিটিতে বিরাজ করছে রমজান মাসের আবহ।

আমেরিকায় এবারের রমজান মাস একটু অন্য রকমের। করোনা মহামারির কারণে গত দুই বছর নিউইয়র্কসহ পুরো আমেরিকায় লাখ লাখ মানুষ প্রাণ হারিয়েছে। এসময় করোনার মধ্যে রমজান মাস ও ঈদ উদযাপন করতে হয়েছে। অনেক কঠিন সময় ছিল।

এবার পরিস্থিতি অনেকটা স্বাভাবিক হয়েছে এসেছে। তাই করোনা পূর্ববর্তী সময়ের মতো রোজা ও ঈদ পালনের আশা করছেন আমেরিকার মুসলিম সম্প্রদায়।

কখনই হার মেনে নেব না, শেষ পর্যন্ত খেলব: ইমরান খান

পতনের মুখে ইমরান সরকার

উত্তর আমেরিকা ডেস্ক

অনাস্থা ভোটের আগে পদত্যাগ করবেন না বলে জানিয়ে দিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। আজ বৃহস্পতিবার জাতির উদ্দেশে দেওয়া ভাষণে ইমরান খান এমনটি জানান। পাকিস্তানভিত্তিক সংবাদমাধ্যম ডনের প্রতিবেদনে এমনটি বলা হয়েছে।

আগামী রোববার এই অনাস্থা ভোট অনুষ্ঠিত হবে। পাকিস্তানের সংসদে ৩৪২ আসনের মধ্যে ১৭২ ভোট নিয়ে বিরোধী দল সংখ্যাগরিষ্ঠতা পেলেই ইমরান খানের প্রধানমন্ত্রিত্ব বাতিল হবে।

ইমরান খানের জোটের প্রধান শরিক এমকিউএম গতকাল বুধবার বিরোধী জোটে যোগ দেওয়ার পরই বিরোধী দল সংসদে এই সংখ্যাগরিষ্ঠতা লাভ করে।

কাগজে-কলমে পার্লামেন্টে বিরোধী দলের ভোট এখন ১৭৫, আর সরকারি দলের ১৬৪।

আজ জাতির উদ্দেশে দেওয়া ভাষণে

ইমরান খান

পাকিস্তানের প্রধানমন্ত্রী বলেন, 'আমি চাই তরুণেরা আমার কথা মনোযোগ দিয়ে শুনুক। আমরা ভয় করি। আমরা টাকার পেছনে ঘুরি। আমরা পিঁপড়ার মতো কাজ করি। আমি পাকিস্তানের উত্থান-পতন দেখেছি। আমি যখন স্কুলে পড়তাম, তখন দেশগুলোর কাছে পাকিস্তান ভালো উদাহরণ ছিল। দক্ষিণ কোরিয়াও এসেছে পাকিস্তানে। কিন্তু আমি এটার অবনতিও দেখেছি।'

ইমরান খান বলেন, 'আমি আমাদের প্রতিষ্ঠাতাদের ভিশন উপলব্ধি করার জন্য

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

ব্লগার অনন্ত হত্যার রায়

স্বাধীন মতপ্রকাশ প্রতিহত করতেই অনন্তকে হত্যা

ঢাকা অফিস

অনন্ত বিজয় দাশ

বিজ্ঞান লেখক ও ব্লগার অনন্ত বিজয় দাশ হত্যা মামলায় চারজনের মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। এ মামলায় খালাস পেয়েছেন একজন। ৩০ মার্চ বুধবার সিলেটের সন্ত্রাসবিরোধী ট্রাইব্যুনালের বিচারক নুরুল আমীন বিপ্লব এ রায় ঘোষণা করেন। রায়ের পর্যবেক্ষণে আদালত বলেছেন, স্বাধীন মতপ্রকাশের মৌলিক অধিকারকে প্রতিহত করার জন্য এবং তাঁর লেখনীকে চিরতরে স্তব্ধ করতেই এই হত্যাকাণ্ড।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন সিলেটের কানাইঘাট উপজেলার আবুল হোসেন (২৫), খালপাড় তালবাড়ির ফয়সাল আহমদ (২৭), সুনামগঞ্জের

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

REA
REAL ESTATE ADVANTAGE
Residential & Commercial Properties in Michigan
Selling, Buying, Leasing, HUD & Bank Owned Homes
If you are interested to buy or sell your home or business, we are more than happy to help you find your dream home or business & sell your property.
আপনি যদি আপনার বাড়ি বা ব্যবসা কিনতে বা বিক্রি করতে আগ্রহী হন, আমরা সানন্দে আপনার স্বপ্নের বাড়ি এবং ব্যবসা খুঁজে পেতে সাহায্য করতে পারি। আমরা ১৯৯৭ সাল থেকে একটি অভিজ্ঞ দল হিসাবে কাজ করছি।
www.reahome.com
Hamtramck Office:
3100 Caniff St. Hamtramck, MI 48212, Tel: (313) 871-2030
Warren Office:
28772 Ryan Rd. Warren, MI 48092, Tel: (586) 806-6650
Cell: (313) 505-4568



CHISHTI CPA PC
চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services.
Over 13 years of Accounting and Taxation Experience.
আমাদের অফিস জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ
- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ-এম্পলয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পুরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

AUTHORIZED e-file PROVIDER
NOTARY PUBLIC
Direct Deposit

একাউন্টিং ও বুককিপিং
- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

Mohammed K. Chishti, CPA, MBA
Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

ইঞ্জিনিয়ার মাহফুজুল হকের সম্মননা গ্রহণ

আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার এন্ড আর্কিটেক্স (এএবিইএ) নিউইয়র্ক চ্যাপ্টারের বার্ষিক কনভেনশন অনুষ্ঠিত হয়। গত ২৬ মার্চ লাগডিয়া ম্যারিয়টে জমকালো আয়োজনের মধ্য দিয়ে কনভেনশনের কার্যক্রম শুরু হয়। এ সময় কুইন্স বোরো প্রেসিডেন্ট ধনবান রিচার্ড থেকে সাউথ এশিয়ান কমিউনিটি সেবায় অবদানের জন্য মার্কস হোমকেয়ার কর্মকর্তা, কমিউনিটি এক্টিভিষ্ট ইঞ্জিনিয়ার মাহফুজুল হক সম্মননা গ্রহণ করেন। এ সময় সমবেত অতিথিরা তাকে করতালি দিয়ে স্বাগত জানান। ইঞ্জিনিয়ার মাহফুজুল হক বলেন, এই সম্মননা প্রাপ্তির মাধ্যমে কমিউনিটি উন্নয়নে আমাকে আরো বেশী দায়িত্ব নিতে হবে। তিনি সমাজসেবা মুলক কার্যক্রমের জন্য সবার সহযোগিতা কামনা করেন।

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেষ্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেষ্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।

আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।

রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্রাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

Ms. Farzana Choudhury

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

KARNAFULLY
কর্ণফুলী ট্যাক্স সার্ভিস
TAX SERVICES INC.

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent
এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং
- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP
- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File

ইমিগ্রেশন
- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Members: NSA NATP
Member of AICPA
naea

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
Admitted to Practice before the IRS

OFFICIAL NOTARY PUBLIC DULY COMMISSIONED

ADMITTED TO PRACTICE BEFORE THE IRS
ENROLLED AGENT

Office Hours:
Monday - Saturday
10 am - 9 pm
Sunday 7 pm

VISA MasterCard DISCOVER
Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

Please subscribe to our YouTube Channel KARNAFULLY TAX to get the latest updates.

37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

Ramadan Kareem
পবিত্র মাহে রমাজন উপলক্ষে
ইত্যাদি -তে
চলছে বিশেষ সেল
ইত্যাদি
ittadi
ITTADI BAZAR
37-57 73rd Street, Jackson Heights
NY 11372, Tel: 718-429-5555
ITTADI GARDEN & GRILL
73-07 37th Road Street, Jackson Heights
NY 11372, Tel: 718-429-5555
ITTADI BAZAAR HALAL FOOD MARKET
2111 STARLING AVENUE, BRONX, NY 10462
TEL: 347-621-2214

সম্পাদকীয়

মানুষের ভোগান্তি কমাতে হবে

কমেছে? কমেনি যে তার উদাহরণ হিসেবে ২৩ মার্চ বুধবার আগারগাঁওয়ে পাসপোর্ট অফিসে শত শত মানুষের দুর্ভোগের কথা উল্লেখ করা যায়।

নতুন সার্ভার চালু ও পরীক্ষামূলক কার্যক্রমের জন্য পাঁচ দিন বন্ধ ছিল ই-পাসপোর্ট সেবা। বুধবার থেকে আবার এ সেবা শুরু হয়েছে। কয়েক দিন বন্ধের পর সেবাগ্রহীতার চাপ বেশি হওয়াই স্বাভাবিক। এটা পাসপোর্ট অফিসের কর্মকর্তাদের বিবেচনায় ছিল বলে মনে হয় না। বুথের সংখ্যা বাড়িয়ে বা অন্য কোনো উপায়ে আবেদন ফরম জমা নেওয়ার ব্যবস্থা না করে উল্টো অসংখ্য মানুষকে লাইনে দাঁড় করিয়ে রেখে কোনো রকম ঘোষণা না দিয়ে বেলা ৩টার দিকে আবেদন ফরম জমা নেওয়া বন্ধ করে দিয়ে কর্মকর্তারা চরম দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন।

কেউ অফিস ছুটি নিয়ে, কেউ ক্লাস কামাই করে, কেউবা একটু দেরিতে অফিসে গিয়ে কাজে যোগ দেবেন ভেবে পাসপোর্ট অফিসে গিয়েছিলেন। কিন্তু পাসপোর্ট অফিসে সেবার মানের কোনো উন্নতি না হওয়ায় তাঁরা হতাশ ও ক্ষুব্ধ হয়েছেন। মানুষ লাইনে দাঁড়িয়ে অপেক্ষা করছেন অথচ কাউন্টারের ভেতরে যিনি দায়িত্ব পালন করছেন, তিনি কাউকে কিছু না বলে উধাও।

মানুষ কাউন্টারের সামনে জড়ো হয়ে ক্ষোভ প্রকাশ করলেও কর্তৃপক্ষের কোনো হেলদোল লক্ষ করা যায়নি।

পাসপোর্ট অফিসের অনিয়ম-দুর্নীতির অভিযোগ নতুন কিছু নয়। সেখানে দালাল চক্রের দৌরাত্ম্যের কথাও কারও অজানা নয়। ই-পাসপোর্ট চালু হওয়ার ফলে মানুষের পাসপোর্ট পাওয়া সহজ ও হয়রানিমুক্ত হবে বলে আশা করা হলেও তা হয়নি। পাসপোর্ট অফিসের বাইরে দালালেরা এখনো সক্রিয়। বাড়তি টাকা খরচ করলে তারা সহজেই ফরম জমা দেওয়া থেকে শুরু করে পাসপোর্ট দ্রুত পাওয়ার ব্যবস্থাও করে দেয়।

অনলাইনে ফরম পূরণ করার পর অফিসে আনুষ্ঠানিকতা বেশি থাকার কথা নয়। আঙুলের ছাপ নেওয়া আর ছবি তোলার জন্য প্রতি আবেদনকারীর জন্য কত সময় লাগে তার হিসাব করে প্রতিদিন কতজন মানুষকে সেবাদানের সক্ষমতা পাসপোর্ট অফিসের আছে, তা বের করে সেই সংখ্যক মানুষকে উপস্থিত থাকতে বললেই ঝামেলা অনেক কমে। প্রত্যেক মানুষেরই সময়ের মূল্য আছে। সব মানুষেরই আত্মমর্যাদাবোধ আছে। কোনো কারণে এক দিন সমস্যা হলে কর্তৃপক্ষের উচিত সেবাগ্রহীতাদের কাছে মার্জনা প্রার্থনা করা এবং সমস্যা কেন হয়েছে, তার কারণ ব্যাখ্যা করা। বয়স্ক ব্যক্তি এবং নারীদের টানা দাঁড়িয়ে থাকা সম্ভব হয় না। সিনিয়র সিটিজেনদের জন্য বিশেষ ব্যবস্থা রাখার বিষয়টিও বিবেচনা করা দরকার। উন্নয়নের গান তখনই মানুষের কানে মধুর লাগবে, যখন সেবা নিতে গিয়ে তাদের কষ্ট ভোগ করতে হবে না।

নদটি বাঁচাতে দ্রুত উদ্যোগ নিন

দখলদারদের দৌরাত্ম্যে ঠাকুরগাঁওয়ের টাঙ্গন নদ মৃতপ্রায় খালে পরিণত হয়েছে। দখলদারদের মধ্যে ভূমিহীনেরা যেমন রয়েছেন, আবার প্রভাবশালীরাও রয়েছেন। নির্বিচার দখলের ফলে একসময়ের খরস্রোতা টাঙ্গন এখন মরা খালে পরিণত হয়েছে। স্থানীয় প্রশাসন থেকে দখলদারদের তালিকা করে নদী রক্ষা কমিশনে পাঠানো হয়েছে। কিন্তু কমিশন এখনো নদটি রক্ষায় কোনো নির্দেশনা দেয়নি।

প্রথম আলোর প্রতিবেদন জানাচ্ছে, ঠাকুরগাঁও জেলার ১৩টি ছোট–বড় নদ–নদীর মধ্যে টাঙ্গন প্রধান। জাতীয় নদী রক্ষা কমিশনের তালিকায় দখলদার হিসেবে ৩০৩ জনের নাম পাওয়া গেছে। তাঁদের বেশির ভাগ স্থানীয় ব্যক্তি, তাঁরা নদের জায়গা দখল করে ঘরবাড়ি করেছেন। এর মধ্যে পাকা ঘর আছে ৪টি, ২০৭টি টিনশেড, ৮৫টি আধা পাকা এবং ২টি করে খড়ের ঘর ও দোকান আছে। এ ছাড়া একটি করে মসজিদ, খামার ও দেয়াল রয়েছে। একসময় নদে মাছ শিকার করে জীবিকা নির্বাহ করতেন অনেক জেলে। খরস্রোতা নদে এখন হাঁটুপানি। শুষ্ক মৌসুমে নদের বালু মাটিতে ধান চাষ হয়। নদটি শুকিয়ে যাওয়ায় জেলেরা তাঁদের পেশা পরিবর্তন করে দিনমজুরে পরিণত হয়েছেন।

বাংলাদেশের মানুষের জীবন-জীবিকার সঙ্গে নদ–নদী ওতপ্রোতভাবে যুক্ত। জীববৈচিত্র্য ও পরিবেশের ভারসাম্য রক্ষায় নদ–নদীর গুরুত্ব অপরিসীম। কিন্তু নির্বিচার দখল ও দূষণে দেশের বেশির ভাগ নদ–নদীই এখন মৃত কিংবা মৃতপ্রায়। টাঙ্গন নদের দখলদারদের তালিকা তৈরি করা এক ধাপ অগ্রগতি বলে আমরা মনে করি। এখন দখলদারদের হাত থেকে উদ্ধার করে টাঙ্গন নদকে দ্রুত তার আগের অবস্থায় ফিরিয়ে আনুন। নদের জায়গায় যেসব ভূমিহীন ঘর করেছেন, তাঁদের পুনর্বাসনের ব্যবস্থাও করুন।

কৃষকের স্বাধীনতার সংগ্রাম

শাইখ সিরাজ

সবাই ভেবেছেন জীবনের বিনিময়ে একটি স্বাধীন দেশ পেলে তা ভবিষ্যৎ প্রজন্মের জন্য হবে নিরাপদ এক আবাসক্ষেত্র। তাই যে হাতে তাঁরা লাঙল ঠেলেছেন, ধান কেটেছেন, নৌকার দাঁড় টেনেছেন, জীবিকার জন্য প্রাণান্ত শ্রম দিয়েছেন, সেই হাত তাঁদের উদ্যত হয়েছে শত্রুর মোকাবিলায়।

আমি যখন এই লেখাটি লিখছি, তখন বাংলাদেশ উদ্‌যাপন করছে ৫১ বছরের স্বাধীনতা উৎসব। স্বাধীন দেশের ৫১টি বছরে আমাদের লড়াই ছিল আরেক স্বাধীনতা অর্জনের। অর্থনৈতিক স্বাধীনতা অর্জন ও স্বয়ম্ভর জাতি হিসেবে পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়ানোর এ সংগ্রাম এখনো আমরা করে যাচ্ছি।

আমরা যদি আমাদের একাত্তরের স্বাধীনতাসংগ্রামের পটভূমি লক্ষ করি, তাহলে দেখব, এই সংগ্রামের বড় একটি জায়গাজুড়ে আছে কৃষকের সংগ্রাম। আমি বলতে চাইছি, বাংলাদেশের স্বাধীনতাসংগ্রাম মূলত কৃষকের মুক্তির সংগ্রাম। একাত্তর-পূর্ববর্তী সময়ে বাংলার মানুষের জীবন-জীবিকা ও সংস্কৃতি কৃষিনির্ভর। আরও অতীতে যদি তাকাই দেখব বাংলা ছিল সমৃদ্ধ এক অঞ্চল। গোলা ভরা ধান, গোয়াল ভরা গরু, পুকুর ভরা মাছ আর উঠোনের মাচায় সবজির সমারোহে কৃষক ছিলেন সুখে-শান্তিতে। জীবনের সব অনুষঙ্গই রচিত হয়েছে কৃষকের চিন্তা, শক্তি, প্রয়াস ও উদ্যোগ ঘিরে। দিনে দিনে কৃষকের সমৃদ্ধি লুট করার অভিসন্ধিতে মেতেছে শোষকেরা। আবার কৃষক তথা মেহনতি মানুষই শাসন-শোষণের প্রচলিত বৃত্তগুলো ভেঙেছেন। মানুষের জন্য নতুন নতুন পথ তৈরি করেছেন। জীবনকাঠামো এগিয়ে নিয়েছেন।

এই নদীবিধৌত উর্বরা বাংলার কৃষিপণ্য আর হাতে বোনা মসৃণ কাপড়ের লোভে ঘাটে ঘাটে ভিড়েছে বেনিয়াদের তরি। নিজেদের লোভ আর লাভের জালে আটকে ফেলতে চেয়েছে বাংলার কৃষককে, তাঁতিকে, সাধারণ মানুষকে। এই সব শ্রমজীবী মানুষই নিজেদের মুক্তির জন্য লড়ে গেছেন চিরকাল। ইতিহাসের দিকে ফিরে তাকালেই দেখা যায় সুবিধাভোগী উচ্চবিত্ত শ্রেণি প্রচলিত প্রথার বিরুদ্ধে গিয়ে কোনো দিন আন্দোলনে নামেনি; বরং তারা আপস করেছে। আর সমাজ পরিবর্তনের স্বপ্ন রচনা করেছে একেবারে তৃণমূল জনগোষ্ঠী। তেভাগা কিংবা নীল চাষবিরোধী আন্দোলন থেকে শুরু করে এই বাংলার সব বিদ্রোহ-আন্দোলনের পেছনে সক্রিয় ভূমিকা রেখেছে গ্রামীণ জনগোষ্ঠী; বিশেষ করে কৃষক। কৃষকের স্বপ্নসাধের পথ ধরেই রচিত হয়েছে সমাজ বিনির্মাণের রূপরেখা। শোষকের বিরুদ্ধে সূচিত হয়েছে একেকটি আন্দোলন। সেখানে সবচেয়ে বড় ত্যাগ স্বীকার করেছেন তৃণমূলের সাধারণ মানুষ। কৃষক। ব্রিটিশবিরোধী সিপাহি আন্দোলনে অধিকাংশ সুবিধাভোগী জমিদারই ব্রিটিশদের পক্ষাবলম্বন করেছেন। সুবিধাভোগীরা সংগ্রাম করে না, সংগ্রাম করে বঞ্চিতরা। আমাদের স্বাধীনতার স্বপ্নসাধও রচিত হয়েছে কৃষিজীবী জনগোষ্ঠীর শোষণ, বঞ্চনা, উপেক্ষার পটভূমি সামনে

নিয়ে। আমি ২০০৭ সালে গিয়েছিলাম দিনাজপুরের চিরিরবন্দরে। সেখানে তালপুকুর নামে একটি জায়গা তেভাগা আন্দোলনের রণাঙ্গন হিসেবে চিহ্নিত হয়ে আছে। ওই যুদ্ধের স্থানীয় সংগঠকদের মধ্যে শরৎচন্দ্র মণ্ডল, বীরেন মণ্ডলের সঙ্গে আমার কথা হয়। তাঁরা এখন আর বেঁচে নেই। সেদিন তাঁরা ব্রিটিশদের বিরুদ্ধে যে সংগ্রাম গড়ে তুলেছিলেন, তা কারও ব্যক্তিগত স্বার্থে ছিল না। তাঁরা চেয়েছিলেন গোটা বাংলার কৃষকের মুক্তি। নির্যাতিত-নিপীড়িত বহু বছরের পুঞ্জীভূত দাবি আদায়ের লক্ষ্যেই তাঁরা সেদিন নিজের জীবন বাজি রেখেছিলেন।

ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ রাজত্ব শেষে পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়। পূর্ব পাকিস্তানের জনসংখ্যা সংখ্যাগরিষ্ঠ ছিল এবং মোট রপ্তানি আয়ের বড় অংশটি আসত পূর্ব পাকিস্তানে উৎপাদিত পাট থেকে। কিন্তু পূর্ব পাকিস্তানের রাজনৈতিক ক্ষমতা ও অর্থনৈতিক সুবিধা আনুপাতিক ছিল না। বছরের পর বছর আঞ্চলিক ভিত্তিতে ক্রমাগত বৈষম্যের শিকার হতে থাকে পূর্ব পাকিস্তানের মানুষ। এই বৈষম্য মোচনের পথ হিসেবেই আসে স্বায়ত্তশাসনের প্রশ্ন। এর চূড়ান্ত রূপরেখা হিসেবে আসে ঐতিহাসিক ছয় দফা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষকের বঞ্চনা বিশ্লেষণ করে ছয় দফা দাবি উত্থাপনের পর পাকিস্তানি শাসকদের টনক নড়ে যায়। যার পরতে পরতে ছিল কৃষকের বঞ্চনামুক্তির দাবি-দাওয়া। তাদের আশা-প্রত্যাশার কথা। পরে ১৯৬৯ সালে সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ যে ১১ দফা প্রণয়ন করে, সেখানে আরও বেশ কিছু দাবি সংযোজিত হয়। এই ১১ দফায় পূর্ণতা পায় এ দেশের সব শ্রেণি-পেশার মানুষের দাবিগুলো। সেই সময়ের ছাত্রনেতারা তখন আন্দোলনের শক্তি সঞ্চয়ের জন্য গ্রামে চলে যেতেন। কৃষকের চাহিদা নিরূপণ করতেন। দেশের সংকটগুলো বিশ্লেষণ করতেন। দেশের সামগ্রিক চিত্র হৃদয়ে আঁকার জন্য তাঁদের বারবার গ্রামের কৃষিজীবী মেহনতি মানুষের সান্নিধ্য, তাঁদের ভাষা, তাঁদের জীবনীশক্তিকে গ্রহণ করতে হয়েছে। সাবেক বাণিজ্যমন্ত্রী, ডাকসুর সাবেক ভিপি তোফায়েল আহমেদ, সে সময়ের তুখোড় ছাত্রনেতা, ক্ষেতমজুর আন্দোলনের প্রতিষ্ঠাতা কমিউনিস্ট পার্টির সাবেক সভাপতি মুজাহিদুল ইসলাম সেলিম, ছাত্রলীগের তৎকালীন সভাপতি নূরে আলম সিদ্দিকীসহ অনেকের সঙ্গেই আলোচনা করেছি। তাঁরা বলেছেন, একাত্তরের পটভূমি রচনার পেছনে বাংলার কৃষি ও কৃষকের নিবিড় এক প্রভাব রয়েছে।

জাতির জনক বঙ্গবন্ধুও তাঁর প্রতিটি আন্দোলন-সংগ্রামের নেতৃত্বদানের ক্ষেত্রে কৃষকের সেই ভূমিকাকে সবচেয়ে বেশি সামনে এনেছেন। এর পথ ধরেই আসে একাত্তরের মার্চ। ৭ মার্চের ভাষণে ঝাঁপিয়ে পড়া সমবেত লাখো মানুষের প্রায় সবই ছিলেন কৃষক-শ্রমিক-সাধারণ মানুষ। বঙ্গবন্ধুর আত্মবিশ্বাসের জায়গাটিও ছিল কৃষক। আহ্বানও ছিল এই সাধারণ মেহনতি মানুষের উদ্দেশ্যেই। এ ভাষণ পৃথিবীর রাজনৈতিক ইতিহাসের এক অমর মহাকাব্য। ইউনেসকো স্বীকৃতিপ্রাপ্ত এ ভাষণ ছিল একটি জাতির দিকনির্দেশনা ও আত্মপরিচয়ের প্রধান ক্ষেত্র। এটিই ছিল স্বাধীনতাসংগ্রামে ঝাঁপিয়ে পড়ার মূলমন্ত্র।

পাকিস্তানের শোষণ-বঞ্চনা থেকে মুক্ত হয়ে নিজেদের ভূমিতে নিজেদের ভাগ্য পরিবর্তন করতে যাঁরা চেয়েছিলেন, মূলত তাঁরাই মুক্তিযুদ্ধে অংশ নিয়েছেন। এটি ছিল শোষণমুক্তির যুদ্ধ। স্বাধীন ভূমিতে ফসল ফলানোর চূড়ান্ত তাগিদ। পরাধীনতার গ্লানি ঘোচাতে অর্থনৈতিক মুক্তি লাভ করতে রক্তক্ষয়ী সংগ্রাম ছাড়া সামনে আর কোনো পথ খোলা ছিল না।

গত শতাব্দীর সেই আশির দশক থেকে আমি সারা দেশে গ্রামবাংলার পথে-ঘাটে কৃষিখেতে ঘুরে ঘুরে জেনেছি মুক্তিযুদ্ধে সাধারণ কৃষকের ভূমিকা প্রশ্নাতীত একটি বিষয়। তাঁদের বীরত্বগাথা ইতিহাসের এক সোনালি অধ্যায়। সুদীর্ঘ বঞ্চনার পথ পেরিয়ে এসে তাঁরা নিজের জীবনকে তুচ্ছ করেছেন। সবাই ভেবেছেন জীবনের বিনিময়ে একটি স্বাধীন দেশ পেলে তা ভবিষ্যৎ প্রজন্মের জন্য হবে নিরাপদ এক আবাসক্ষেত্র। তাই যে হাতে তাঁরা লাঙল ঠেলেছেন, ধান কেটেছেন, নৌকার দাঁড় টেনেছেন, জীবিকার জন্য প্রাণান্ত শ্রম দিয়েছেন, সেই হাত তাঁদের উদ্যত হয়েছে শত্রুর মোকাবিলায়।

একাত্তরের মুক্তির সংগ্রাম শেষ হয়। নিজেদের ভূমি। নিজেদের লাঙল। তবু কৃষকের সংগ্রাম শেষ হয় না। প্রতিদিন নতুন সংগ্রাম। মাটি থেকে সোনা ফলানো চাট্টিখানি কথা নয়। অদম্য সাহস আর অসম্ভবকে সম্ভব করার প্রত্যয় নিয়ে বাংলার কৃষক স্বাধীনতা-উত্তর বাংলাদেশের সবচেয়ে সংগ্রামী মানুষ। শরীর থেকে ঝরে পড়া ফোঁটা ফোঁটা ঘামে রচিত হয়েছে বাকি ইতিহাস। গ্রামের সেই ভুখা-নাঙ্গা মানুষগুলোই দিয়ে চলেছেন সারা দেশের মানুষের খাদ্যের সংস্থান। তাঁদের কাঁধে ভর করেই দাঁড়িয়েছে স্বাধীন বাংলাদেশের অর্থনীতির প্রাথমিক স্তম্ভ।

কৃষকের সংগ্রাম এখনো চলছে। বেনিয়াদের সঙ্গে, অব্যবস্থাপনার সঙ্গে চিরসংগ্রাম শেষে কৃষক ঠিকই হাসতে জানেন। কৃষক প্রতিবার ঘুরে দাঁড়ান, হারতে জানেন না তাঁরা। হারতে জানেন না বলেই আমরা জিতে যাচ্ছি। বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। স্বাধীনতার ৫১ বছর শেষে আমাদের ক্ষুধা দূর হয়েছে। 'মঙ্গা', 'দুর্ভিক্ষ'র মতো শব্দকে আমরা পরাজিত করতে পেরেছি। তরুণ কৃষকদের হাতে রচিত হচ্ছে অন্য রকম বাংলাদেশ। নতুন প্রযুক্তির আধুনিক কৃষি পাল্টে দিচ্ছে কৃষির ধারণা। কৃষিকে ঘিরে গড়ে উঠছে শিল্প। আমাদের আজকের কৃষি আগামী দিনে ছড়িয়ে যাবে বিশ্বময়। আগামী ৫০ বছর হবে বিশ্বের বুকে বাংলাদেশের কৃষকের অনন্য হিসেবে স্থান করে নেওয়ার। আমি বিশ্বাস করি, বাংলাদেশের সব অর্জনের সংগ্রামে কৃষকই থাকবেন সবার আগে।

বাংলাদেশের পাওনা মেটাতে হবে পাকিস্তানকে

চিররঞ্জন সরকার

স্বাধীনতার মাস এলে মনে পড়ে পাকিস্তানের কথা। এই রাষ্ট্রটি আমাদের কাছে বিরাট একটি ক্ষোভের নাম। ঘৃণার নামও। কারণ, ১৯৭১ সালে আমরা মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলাম পাকিস্তানের দমন-পীড়ন-নির্যাতন থেকে স্বাধীনতা লাভের জন্য। পাকিস্তান ছিল সেই সময় আমাদের শত্রু দেশ। নয় মাসব্যাপী মুক্তিযুদ্ধে ৩০ লাখ নারী-পুরুষ শহীদ হন, অসংখ্য শারীরিক লাঞ্ছনা ও নির্যাতন ভোগ করেন। বাংলাদেশ পরিণত হয় এক ধ্বংসস্তূপে। মুক্তিযুদ্ধ পরবর্তীকালে বাংলাদেশের সব অবকাঠামোই ভেঙে পড়েছিল। মুক্তিযুদ্ধের পর বাংলাদেশ-পাকিস্তান সম্পর্ক অনেক চড়াই-উতরাইয়ের মধ্য দিয়ে গেছে। তার মধ্যে বেশ কিছু সমস্যার এখনো মীমাংসা হয়নি।

সংগত কারণেই বাংলাদেশের সঙ্গে পাকিস্তানের সম্পর্ক সব সময়ই বৈরিতাপূর্ণ। যদিও বর্তমান যুগে তা কাঙ্ক্ষিত নয়। এ ব্যাপারে বিশেষ উদ্যোগ গ্রহণ করা দরকার। পাকিস্তানের সঙ্গে স্বাভাবিক সম্পর্ক তৈরি করতে হলে সবার আগে দুই দেশের মধ্যে বিরাজমান ঐতিহাসিক বিষয়গুলোর সুরাহা করা দরকার।

রাষ্ট্র হিসেবে পাকিস্তান পরিকল্পিতভাবে ১৯৭১ সালের ইতিহাস থেকে নিজ জনগণকে অন্ধকারে রেখেছে। পাকিস্তানি নাগরিকেরা ছোটবেলা থেকেই বাংলাদেশ সম্পর্কে মিথ্যা বয়ান শিখে বড় হন। তাঁরা জানেন ভারত পাকিস্তানকে ভেঙে দুই টুকরো করিয়েছে। আর বাংলাদেশ ভারতের ক্রীড়নক হিসেবে ভূমিকা পালন করেছে। বেশির ভাগ পাকিস্তানি নাগরিকই জানেন না ১৯৭০-এর নির্বাচনে আওয়ামী লীগ বিজয়ী হয়েছিল এবং সামরিক জান্তা জেনারেল ইয়াহিয়া খান তাঁদের কাছে ক্ষমতা হস্তান্তর না করে গণহত্যার পথ বেছে নেন। তাতে করে সাধারণ পাকিস্তানিদের অনেকেই বাংলাদেশকেও একটি শত্রুরাষ্ট্র হিসেবে বিবেচনা করেন। খোদ আইনপ্রণেতারা পাকিস্তানের পার্লামেন্টে দাঁড়িয়ে এখনো বাংলাদেশের বিরুদ্ধে বিষোদগার করেন। বিগত বছরগুলোতে যুদ্ধাপরাধীদের বিচার চলাকালে একাধিকবার পাকিস্তানের পার্লামেন্টে তাঁরা নির্লজ্জভাবে কুখ্যাত অপরাধীদের পক্ষে কথা বলেছেন। বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ বিবেচনা করে পররাষ্ট্র মন্ত্রণালয় একাধিকবার পাকিস্তানি হাইকমিশনারকে তলব করে শাসিয়েছে। প্রায় সব ক্ষেত্রেই পাকিস্তানও পাল্টা ব্যবস্থা নিয়েছে।

বাংলাদেশের সঙ্গে পাকিস্তানের কতগুলো ঐতিহাসিক অমীমাংসিত বিষয় রয়েছে। এসবের মধ্যে তিনটি বিষয় বেশি গুরুত্বপূর্ণ: আটকেপড়া পাকিস্তানিদের ফেরত নেওয়া, একাত্তরে অন্যায়ভাবে যুদ্ধ চাপিয়ে দেওয়া ও জেনোসাইডের জন্য বাংলাদেশের কাছে ক্ষমা চাওয়া এবং বাংলাদেশ থেকে লুণ্ঠিত সম্পদ ফেরত দেওয়া। অতীতে বিভিন্ন সময় পাকিস্তান সরকার বাংলাদেশে আটকেপড়া তাদের নাগরিকদের ফিরিয়ে নেওয়ার ব্যাপারে অঙ্গীকার ব্যক্ত করেছিল। কিন্তু পরবর্তীকালে তারা বিষয়টি অস্বীকার করেছে। পাকিস্তানের বর্তমান প্রধানমন্ত্রী ইমরান খান অতীতে অনেকবার বাংলাদেশের জনগণকে নিজের ভাই বলে দাবি করেছেন। তিনি পাকিস্তান সেনাবাহিনী নিজের জনগণের বিরুদ্ধে অস্ত্র ধরেছিল বলেও মন্তব্য করেছিলেন। কাজেই, আটকেপড়া পাকিস্তানিদের ফেরত নেওয়ার ব্যাপারে সেই মন্তব্যকে স্মরণ করিয়ে দিয়ে তাঁর সরকারকে চাপ দেওয়া দরকার।

উল্লেখ্য, বাংলাদেশে আটকেপড়া ওই সময়কার আড়াই লাখ পাকিস্তানি নাগরিকের পাকিস্তানে প্রত্যাবর্তনের ব্যাপারে যে জটিলতা সৃষ্টি হয়েছিল, সেই জটিলতা এখনো দূর হয়নি। ওই সব পাকিস্তানির সংখ্যা আজ বেড়ে ২০ লাখ বা তারও বেশি। ওই সব নাগরিকের প্রায় সবাই পাকিস্তানে ফিরে যেতে চায়। একসময় সৌদি আরবভিত্তিক ইসলামিক সাহায্য সংস্থা রাবিতা আল ইসলাম আটকেপড়া পাকিস্তানি নাগরিকদের পুনর্বাসনের ব্যাপারে আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু সে ব্যাপারেও অগ্রগতি হয়েছে কম। ১৯৯২ সালের জুন মাসে প্রত্যাবাসনের কিছু কাজ শুরু হয়েছিল এবং কিছু নাগরিক পাকিস্তানে চলেও গিয়েছিল। কিন্তু তা থেমে গেছে। বাংলাদেশ সরকার একাত্তর সালে জেনোসাইডের জন্য বরাবরই আনুষ্ঠানিক ক্ষমাপ্রার্থনার জন্য পাকিস্তানকে চাপ দিয়ে আসছে। পাকিস্তানকে ক্ষমা চাইতে রাজি করানোর ব্যাপারে এখন বিশেষ উদ্যোগ গ্রহণ করা দরকার। কারণ, ইমরান খান যখন ক্ষমতায় ছিলেন না, তখন তিনি অনেকবার নিজ সরকারকে ঠিক এ কাজটিই করতে বলেছেন। এখন ক্ষমতায় থেকে তিনি এ কাজটি যেন করেন—এ ব্যাপারে বাংলাদেশের কূটনৈতিক তৎপরতা জোরদার করতে হবে।

মুক্তিযুদ্ধের ক্ষতিপূরণ বাদেও একাত্তর সালে ঢাকায় স্টেট ব্যাংক অব পাকিস্তান থেকে সরিয়ে নেওয়া অর্থ বাবদ পাকিস্তানের কাছে বাংলাদেশের পাওনা প্রায় ২৪০ কোটি মার্কিন ডলার। ২০১০ সালে আনুষ্ঠানিকভাবে পাকিস্তানের কাছে এই ক্ষতিপূরণ দাবি করেছিল বাংলাদেশ। পাকিস্তান বাংলাদেশের এই দাবিকে বাক্সবন্দী করে এবং এ বিষয়ে আলাপ থেকে নিজেদের দূরে রাখে। এ ছাড়া জাতিসংঘের হিসাব অনুযায়ী, একাত্তর সালে বাংলাদেশের ক্ষতির পরিমাণ প্রায় ১২ লাখ ডলার। এসব দাবি-দাওয়ার ব্যাপারে নতুন করে উদ্যোগ গ্রহণ করা দরকার। পাকিস্তানের বিরুদ্ধে কোনো কোনো সন্ত্রাসী সংগঠনকে সাহায্য ও সমর্থনেরও অভিযোগ আছে। লস্কর-ই-তাইয়েবা ও এর নেতা হাফিজ সাইদ জাতিসংঘ কর্তৃক সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত ও নিষিদ্ধ। কিন্তু এসব সংগঠন এখনো পাকিস্তানে তাদের তৎপরতা চালিয়ে যাচ্ছে। পাকিস্তান যত দিন পর্যন্ত না নিষিদ্ধঘোষিত এসব সন্ত্রাসী সংগঠনকে সহযোগিতা করা থেকে বিরত থাকবে, তত দিন পর্যন্ত সার্কভুক্ত দেশগুলোর আস্থা পাকিস্তান নিশ্চিত করতে পারবে না। খোদ ইমরান খানের বিরুদ্ধে একটা বড় অভিযোগ, তিনি তালেবানদের সঙ্গে সম্পর্ক রক্ষা করে আসছেন। সন্ত্রাসবাদীদের মদদ ও পৃষ্ঠপোষকতার বিরুদ্ধেও পাকিস্তানের সঙ্গে কথা বলা দরকার।

বাংলাদেশ-পাকিস্তান বাণিজ্যিক সম্পর্ক নিয়েও কথা বলা প্রয়োজন। বাংলাদেশ হচ্ছে পাকিস্তানের অষ্টম বাজার। বাংলাদেশ পাকিস্তানে রপ্তানি করে কম, আমদানি করে বেশি। ২০০৯-১০ সালে রপ্তানি-আমদানির হার ছিল ১:৪, অর্থাৎ চার গুণ বেশি পণ্য আমরা আমদানি করতাম (৭৭.৬৭ মিলিয়ন ডলার রপ্তানি, ৩২৩.৭ মিলিয়ন ডলার আমদানি)। ২০১৫-১৬ সালে এই ব্যবধান বেড়ে দাঁড়িয়েছে ১০ গুণে, অর্থাৎ ওই সময় রপ্তানি করা হয় ৪৭.০৭ মিলিয়ন ডলারের পণ্য। অথচ আমদানি করা হয় ৫০৭.৪৬৮ মিলিয়ন ডলারের পণ্য। ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ পাকিস্তানে ৫০.৫৪ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য রপ্তানি করেছে, একই সময়ে আমদানি করেছে ৫৪৩.৯০ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য। এই বাণিজ্য ঘাটতি বাড়ছে। এই বাণিজ্য ঘাটতি কমিয়ে আনার উদ্যোগ নেওয়া প্রয়োজন।

মুক্তিযুদ্ধের পর থেকে দুই দেশের মধ্যে সম্পর্ক কখনোই উষ্ণ ছিল না। বর্তমানে বাংলাদেশ-পাকিস্তান সম্পর্ক চূড়ান্ত টানাপোড়েনের মধ্য দিয়ে যাচ্ছে। ২০১৬ সালে পাকিস্তান আয়োজন করতে ব্যর্থ হয়েছে সার্ক শীর্ষ সম্মেলন। ভারতের পাশাপাশি বাংলাদেশের অংশগ্রহণে অনীহা আঞ্চলিক সংস্থার অস্তিত্বকে হুমকির মুখে ঠেলে দিয়েছে। প্রতিক্রিয়া হিসেবে পাকিস্তান ২০১৭ সালে ঢাকায় আয়োজিত আন্তর্জাতিক পার্লামেন্টারি ইউনিয়নের বৈঠক বর্জন করেছিল। একাধিকবার বাংলাদেশ ক্রিকেট বোর্ড নিরাপত্তাজনিত কারণে পাকিস্তানে দল পাঠাতে অস্বীকার করেছে। দেশে জঙ্গি অর্থায়নে পাকিস্তানের সম্পৃক্ততার অভিযোগে বাংলাদেশ পাকিস্তানকে বরাবরই দায়ী করে আসছে। এ জন্য বহিষ্কার করা হয় পাকিস্তানি কূটনীতিককে। দ্বিপক্ষীয় সম্পর্ক এতটা খারাপ অবস্থায় পৌঁছেছে যে উভয় দেশ একে অপরের পেশাজীবীদের জাতিসংঘের হয়েও নিজ নিজ দেশে কাজ করতে ভিসা প্রদান বন্ধ রেখেছে!

আমাদের স্মৃতিতে ১৯৭১ একটা বড় রকমের ক্ষত তৈরি করেছে। আমরা চাই, পাকিস্তান সরকার আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের জনগণের কাছে ক্ষমা চাক। পাকিস্তানের সিভিল সমাজ থেকেও এ দাবি উঠেছে এবং গত ৪৮ বছরে অনেকেই প্রকাশ্যে এ দাবির প্রতি সমর্থন দিয়েছেন। এ দুই দেশের সিভিল সমাজের প্রতিনিধিরা যখন বিভিন্ন আঞ্চলিক ফোরামে একত্র হন, তখন এ আশাবাদ জাগে, এ রকম একটি দাবির প্রতি পাকিস্তানের সর্বস্তরের নাগরিক একদিন না একদিন সমর্থন দেবেনই। এ জন্য একটা অনুকূল আবহ দরকার, প্রয়োজন সিভিল সমাজের আরও অগ্রণী ভূমিকা পালন। এ ব্যাপারে আমাদের জোরদার কূটনৈতিক ও সামাজিক উদ্যোগ অব্যাহত রাখা দরকার। রাজনৈতিক সমঝোতা ও স্বাভাবিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা এবং তা বজায় রাখার পথটি সহজ নয়। এটিকে সহজতর করা যায়, যদি সম্পর্কের অন্য জানালাগুলো আমরা খুলে দিই। নাগরিকদের পারস্পরিক যোগাযোগ ও বাণিজ্য বাড়ানোর মধ্য দিয়ে আমরা সম্পর্কের সিঁড়িগুলো তৈরি করতে পারি। যদিও তা সহজ নয়।

উদারনীতিবাদীরা বলেন, ব্যবসা-বাণিজ্য, গণতন্ত্র ও উদারমনস্ক সমাজ ক্রমে পরিবর্তনের পথ দেখাবে। কিন্তু কেমন করে? আত্মপরিচিতির রাজনীতির হাত ধরে কি পরিবর্তন আসতে পারে? এই রাজনীতি যে শান্তিকামী হবে, তার নিশ্চয়তা কোথায়? বাংলাদেশ-পাকিস্তানের জটিল সম্পর্কের মৌলিক চরিত্রগত পরিবর্তনের ক্ষমতা তাই ইমরান কেন, কোনো রাজনৈতিক নেতার হাতেই নেই। পাকিস্তানের রাষ্ট্র, সমাজ ও অর্থনীতির পরিকাঠামোয় পরিবর্তন না এলে তার বাংলাদেশ-বিরোধিতারও অবসান হবে না। তবে বাস্তবতা যা-ই হোক না কেন, বাংলাদেশকে তাদের দাবি এবং এই দাবি আদায়ে কূটনৈতিক প্রয়াস অব্যাহত রাখতে হবে।

উদারনীতিবাদীরা বলেন, ব্যবসা-বাণিজ্য, গণতন্ত্র ও উদারমনস্ক সমাজ ক্রমে পরিবর্তনের পথ দেখাবে। কিন্তু কেমন করে? আত্মপরিচিতির রাজনীতির হাত ধরে কি পরিবর্তন আসতে পারে? এই রাজনীতি যে শান্তিকামী হবে, তার নিশ্চয়তা কোথায়?

পাকিস্তান থেকে বাংলাদেশ কতখানি এগিয়ে

আনিস আহমেদ

পাকিস্তান অর্থনৈতিক উন্নয়নের দৌড়ে আর কখনোই বাংলাদেশের নাগাল পাবে না ইনশা আল্লাহ। বিশেষত, সাড়ে ছয় লাখ/পৌনে সাত লাখ কর্মকর্তা-সিপাহির সশস্ত্র বাহিনীর বোঝা যত দিন পাকিস্তানকে বইতে হবে, তত দিন ক্রমাগতভাবে পিছিয়ে যাওয়াই পাকিস্তানের নিয়তি।

১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিম পাকিস্তানিরা তদানীন্তন পূর্ব বাংলা/পূর্ব পাকিস্তানকে নিজেদের অভ্যন্তরীণ উপনিবেশ হিসেবে শোষণ ও লুণ্ঠনের পাশাপাশি অপরিসীম বঞ্চনা দিয়েছে। সে জন্য ১৯৪৭ সালে যদিও পূর্ব বাংলা অর্থনৈতিকভাবে পাঞ্জাব, সিন্ধু, উত্তর-পশ্চিম সীমান্তপ্রদেশ এবং বেলুচিস্তানের তুলনায় খানিকটা এগিয়ে ছিল কিন্তু ২৪ বছরের ওই নব্য ঔপনিবেশিক পর্বের শেষে এসে পাঞ্জাব ও করাচি অঞ্চল পূর্ব পাকিস্তানের চেয়ে অনেকখানি সমৃদ্ধ হয়ে গিয়েছিল। নিচের তথ্য-উপাত্ত থেকে এই শোষণ, লুণ্ঠন, বঞ্চনা ও পুঁজি পাচারের চিত্রটা কিঞ্চিৎ পাওয়া যাবে:

১. প্রাথমিক পর্যায়ে পাকিস্তানের রপ্তানি আয়ের ৭৫-৭৭ শতাংশই আসত পূর্ব বাংলার রপ্তানি পণ্যগুলো থেকে। ১৯৫০ থেকে ১৯৫৪ সাল পর্যন্ত কোরিয়া যুদ্ধ এবং প্রথম ভিয়েতনাম যুদ্ধের কারণে পূর্ব বাংলার পাট রপ্তানি আয়ে একটা জোয়ার সৃষ্টি হওয়ায় ওই অনুপাত ৮০-৮৫ শতাংশে পৌঁছে গিয়েছিল। অথচ, ওই রপ্তানি আয়ের প্রায় পুরোটাই ১৯৪৭-৪৮ অর্থবছর থেকে কেন্দ্রীয় সরকার দখলে নিতে শুরু করেছিল। ষাটের দশকে পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসনের আন্দোলন যখন জোরদার হতে শুরু করেছিল, তখন বৈদেশিক রপ্তানি আয়ের একটা ক্রমবর্ধমান অংশ পূর্ব পাকিস্তানে বরাদ্দ করা হলেও ১৯৪৭-৭১—এই ২৪ বছরের শেষে এসেও কখনোই বছরে রপ্তানি আয়ের এক-পঞ্চমাংশও পূর্ব পাকিস্তান নিজেদের ভাগে পায়নি, এই ২৪ বছরের গড় বার্ষিক হিস্যা ছিল মাত্র ১৮ শতাংশ।

১. ইঙ্গ-মার্কিনবলয়ে অবস্থান গ্রহণের কারণে পাকিস্তান জন্মের পর থেকেই বিভিন্ন দাতা দেশ ও আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে বৈদেশিক ঋণ ও অনুদান পাওয়ার ব্যাপারে অগ্রাধিকার পেয়েছিল। ২৪ বছরে ওই বৈদেশিক সাহায্যের মাত্র ১৭ শতাংশ পেয়েছিল পূর্ব পাকিস্তান, এটা ওসব দাতা দেশ ও সংস্থার হিসাব মোতাবেকই প্রমাণিত হয়ে গেছে। স্বাধীনতার পর ওই ১৭ শতাংশ ঋণের দায়ভার বাংলাদেশ গ্রহণ করার পরই কেবল ওসব দাতারা নতুন করে বাংলাদেশকে ঋণ এবং অনুদান দিতে রাজি হয়েছিল।

২. পূর্ব পাকিস্তান থেকে ২৪ বছরে পাকিস্তানের ব্যাংকগুলো যে পরিমাণ আমানত সংগ্রহ করেছিল, তার মাত্র ৮ শতাংশ বাংলাদেশের ঋণগ্রহীতারা পেয়েছে, বাকি ৯২ শতাংশই পাকিস্তানের সরকার এবং শিল্পপতি-ব্যবসায়ীরা কবজা করে নিয়েছে।

৩. ওই ২৪ বছরে পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের সরকারি বাজেটের মাত্র ২৮ শতাংশ পূর্ব পাকিস্তানে ব্যয়িত হয়েছিল, বাকি ৭২ শতাংশ ব্যয় করা হয়েছে তদানীন্তন পশ্চিম পাকিস্তানে।

৪. ১৯৭০ সাল পর্যন্ত বাস্তবায়িত পাকিস্তানের তিনটি পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার ব্যয় বরাদ্দের মাত্র ২৯ শতাংশ ব্যয় করা হয়েছে পূর্ব পাকিস্তানে।

৫. পাকিস্তানের প্রতিরক্ষা বাহিনীগুলোতে পূর্ব পাকিস্তানিদের অনুপাত কখনোই ৭ শতাংশ অতিক্রম করেনি। অফিসারদের মধ্যে বাঙালিদের অনুপাত এমনকি ৫ শতাংশেও পৌঁছায়নি ১৯৭১ সাল পর্যন্ত।

৬. ১৯৭০ সালে খোদ পূর্ব পাকিস্তানে অবস্থিত প্রাইভেট খাতের শিল্পকারখানার মাত্র ১১ শতাংশের মালিক ছিল বাঙালিরা, বাকি ৮৯ শতাংশের মালিক ছিল হয় পশ্চিম পাকিস্তানিরা নয়তো অবাঙালিরা। পশ্চিম পাকিস্তানে অবস্থিত একটি শিল্পকারখানার মালিকও বাঙালি ছিল না।

৭. মুক্তিযুদ্ধের সময় ডিসেম্বর মাসে যখন পাকিস্তানের পরাজয় নিশ্চিত হয়ে গিয়েছিল তখন পূর্ব পাকিস্তানের প্রায় সব ব্যাংকের ভল্ট খালি করে অর্থ পাচার করে দেওয়া হয়েছিল পাকিস্তানে। এমনকি স্টেট ব্যাংক অব পাকিস্তানের রিজার্ভের সব সোনাদানা এবং বৈদেশিক মুদ্রা পাচার করে দেওয়া হয়েছিল পাকিস্তানে।

৮. ১৯৭১ সাল পর্যন্ত পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের সিভিল প্রশাসনে বাঙালি ছিল মাত্র ১৬ শতাংশ, আর বাকি ৮৪ শতাংশই ছিল পশ্চিম পাকিস্তানি এবং অবাঙালিরা।

৯. যখন ১৯৭১ সালের ডিসেম্বরে সর্বাত্মক যুদ্ধ শুরু হয়ে গিয়েছিল তখন পূর্ব পাকিস্তানে থাকা নৌবাহিনীর জাহাজ, বিমানবাহিনীর উড়োজাহাজ ও হেলিকপ্টারের একাংশ এবং পিআইএর বেশ কয়েকটি উড়োজাহাজ বার্মার সহায়তায় পাকিস্তানে নিয়ে যেতে পেরেছিল পাকিস্তান সরকার।

> তথ্য-উপাত্তগুলো সাক্ষ্য দিচ্ছে, পাকিস্তান অর্থনৈতিক উন্নয়নের দৌড়ে আর কখনোই বাংলাদেশের নাগাল পাবে না ইনশা আল্লাহ। বিশেষত, সাড়ে ছয় লাখ/পৌনে সাত লাখ কর্মকর্তা-সিপাহির সশস্ত্র বাহিনীর বোঝা যত দিন পাকিস্তানকে বইতে হবে, তত দিন ক্রমাগতভাবে পিছিয়ে যাওয়াই পাকিস্তানের নিয়তি।

১০. পাকিস্তানের তিনটা রাজধানী করাচি, রাওয়ালপিন্ডি এবং ইসলামাবাদের নির্মাণব্যয়ের সিংহভাগই বহন করেছিল বাংলাদেশ।

বাংলাদেশ মুক্তিযুদ্ধে এক নদী রক্তের বিনিময়ে পাকিস্তানের ওই ঔপনিবেশিক শৃঙ্খল থেকে স্বাধীনতা অর্জনের ৫১ বছর পর ২০২২ সালে এসে পাকিস্তান অর্থনৈতিক উন্নয়নের প্রতিযোগিতায় বাংলাদেশের চেয়ে অনেকখানি পিছিয়ে পড়েছে, অথচ ১৯৭১ থেকে ২০০৭ সাল পর্যন্ত তারা বেশির ভাগ অর্থনৈতিক সূচকে বাংলাদেশের চেয়ে এগিয়ে ছিল। ১৯৭১ সালে মাথাপিছু জিডিপির বিচারে পশ্চিম পাকিস্তান পূর্ব পাকিস্তান থেকে ৭০ শতাংশ এগিয়ে ছিল, কিন্তু ২০২১ সালে বাংলাদেশের মাথাপিছু জিএনআই বেড়ে দাঁড়িয়েছে ২ হাজার ৫৯১ ডলারে, আর সর্বশেষ প্রকাশিত তথ্য মোতাবেক পাকিস্তানের মাথাপিছু জিএনআই মাত্র ১ হাজার ৫৪৭ ডলার। পাকিস্তানের এই পিছিয়ে পড়ার মূল কারণ বিশাল সেনাবাহিনী পালনের অসহনীয় বোঝা। পাকিস্তানের সশস্ত্র বাহিনীতে সাড়ে ছয় থেকে পৌনে সাত লাখ কর্মকর্তা-কর্মচারী-সিপাহি রয়েছেন, যার মধ্যে সেনাবাহিনীতেই রয়েছে সাড়ে পাঁচ লাখ। আধুনিক অস্ত্রশস্ত্র দিয়ে এত বিশাল একটি সশস্ত্র বাহিনীকে সাজাতে গিয়ে এবং সেটাকে যুদ্ধের জন্য সার্বক্ষণিকভাবে প্রস্তুত রাখতে গিয়ে প্রতিবছর পাকিস্তানের সরকারি বাজেটের অর্ধেকের বেশি ব্যয় বরাদ্দ প্রয়োজন হয়ে পড়ে, যার ফলে বাজেটের অন্যান্য খাতে সরকারি ব্যয় বরাদ্দ প্রয়োজনের তুলনায় অকিঞ্চিৎকর বলা চলে। বিশেষত, শিক্ষা ও স্বাস্থ্য খাতে পাকিস্তান সরকারি ব্যয় বরাদ্দ বাড়াতেই পারছে না, প্রতিরক্ষা খাতের খাই মেটাতে গিয়ে। প্রতিরক্ষা খাতে দেশটি জিডিপির ৫ শতাংশ বা তারও বেশি ব্যয় করে যাচ্ছে এবং অপ্রকাশ্য/গোপনীয় ব্যয় বিবেচনায় নিলে অনুপাতটা আরও বেশি হবে। অনস্বীকার্য সত্য হলো, সেনাবাহিনী পুরো পাকিস্তান রাষ্ট্র এবং দেশটির অর্থনীতিকে অজগর সাপের মতো গিলে খাচ্ছে।

১৯৪৮ সাল থেকে পাকিস্তানের সেনা এস্টাবলিশমেন্ট যেহেতু ওই দেশটির প্রকৃত শাসনক্ষমতা দখল করে রেখেছে, তাই প্রতিরক্ষা খাতের ব্যয় বরাদ্দ কাটছাঁটের ইস্যুটিকে আলোচনা-সমালোচনায় নিষিদ্ধ বিষয় বিবেচনা করা হয় ওখানে। অদূরভবিষ্যতেও প্রকৃত শাসনক্ষমতা থেকে সেনাবাহিনীকে হটানো পাকিস্তানে দিবাস্বপ্নই থেকে যাবে। পাকিস্তান অর্থনৈতিক উন্নয়নের দৌড়ে কেন ক্রমেই পিছিয়ে পড়ছে, সে প্রশ্নের জবাব খুঁজতে গিয়ে পাকিস্তানের সাধারণ জনগণ থেকে শুরু করে ওয়াকিবহাল মহল পর্যন্ত ওই দেশের দুর্নীতির প্রকোপ, অর্থনৈতিক কৌশলের দুর্বলতা, নেতৃত্বের অদূরদর্শিতা এবং সরকারগুলোর অযোগ্যতাকে প্রায়শ দায়ী করলেও সামরিক বাহিনীর পেছনে এই মাত্রাতিরিক্ত এবং অসহনীয় সরকারি ব্যয়ের ব্যাপারটিকে সাধারণত এড়িয়ে যায় অথবা প্রকাশ্যে এ-ব্যাপারে মন্তব্য করাকে বিপজ্জনক বিবেচনা করে।

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বছর ২০২১ সালে বাংলাদেশ এবং পাকিস্তানের তুলনাটা এবার দেখুন:

১. মাথাপিছু জিডিপিতে বাংলাদেশ পাকিস্তানের তুলনায় ৬০ শতাংশ এগিয়ে গেছে।

২. বাংলাদেশের রপ্তানি আয় পাকিস্তানের দ্বিগুণের বেশি, ২০২১-২২ অর্থবছরে তা ৪৬ বিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে।

৩. বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২০২১ সালের আগস্টে ৪৮ বিলিয়ন ডলারে পৌঁছেছিল, কিঞ্চিৎ হ্রাস পেয়ে ২০২২ সালের ফেব্রুয়ারিতে রিজার্ভ ৪৪ দশমিক ৫ বিলিয়ন ডলারে দাঁড়ালেও সেটা পাকিস্তানের দ্বিগুণেরও বেশি।

৪. বাংলাদেশের জনগণের গড় আয়ু ৭২ দশমিক ৮ বছর, পাকিস্তানের ৬৬ বছর।

৫. বাংলাদেশের জনগণের সাক্ষরতার হার ৭৬ শতাংশ, আর পাকিস্তানের ৫৯ শতাংশ।

৬. মানব উন্নয়ন সূচকের কান্ট্রি-র‍্যাঙ্কিং মোতাবেক বাংলাদেশের অবস্থান ১৩৪ নম্বরে, আর পাকিস্তানের ১৪৭ নম্বরে।

৭. বাংলাদেশের মোট জিডিপি ৪১৬ বিলিয়ন ডলার, আর পাকিস্তানের ২৬৬ বিলিয়ন ডলার।

৮. বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ১ দশমিক ২ শতাংশ, আর পাকিস্তানের ২ দশমিক ১ শতাংশ। ফলে, পাকিস্তানের জনসংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২২ কোটিতে, আর বাংলাদেশের জনসংখ্যা ১৭ কোটির মতো।

৯. বাংলাদেশের ৮৯-৯০ টাকায় এক ডলার পাওয়া যায়, পাকিস্তানে এক ডলার কিনতে ১৭০ রুপি লাগে। অথচ ২০০৭ সাল পর্যন্ত রুপির বৈদেশিক মান টাকার তুলনায় ৮ শতাংশ বেশি ছিল।

১০. বাংলাদেশের মোট বৈদেশিক ঋণ জিডিপির ১৭ দশমিক ৫ শতাংশ, অথচ পাকিস্তানে তা জিডিপির ৮৭ শতাংশ।

১১. বাংলাদেশের নারীদের ৩৬ শতাংশ বাড়ির আঙিনার বাইরে কর্মরত, পাকিস্তানে এই অনুপাত মাত্র ১৪ শতাংশ।

১২. বাংলাদেশে শিশুমৃত্যুর হার হাজারে ২১, আর পাকিস্তানের ৫৯।

১৩. বাংলাদেশের শতভাগ জনগণ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে, অথচ পাকিস্তানের ৭৩ শতাংশ মানুষ বিদ্যুৎ পাচ্ছে।

ওপরের তথ্য-উপাত্তগুলো সাক্ষ্য দিচ্ছে, পাকিস্তান অর্থনৈতিক উন্নয়নের দৌড়ে আর কখনোই বাংলাদেশের নাগাল পাবে না ইনশা আল্লাহ। বিশেষত, সাড়ে ছয় লাখ/পৌনে সাত লাখ কর্মকর্তা-সিপাহির সশস্ত্র বাহিনীর বোঝা যত দিন পাকিস্তানকে বইতে হবে, তত দিন ক্রমাগতভাবে পিছিয়ে যাওয়াই পাকিস্তানের নিয়তি। অযৌক্তিক পাকিস্তান-প্রেম ঝেড়ে ফেলতেই হবে আমাদের।

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Hard Money 9%
Low Income, No Problem
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
646-920-4799
Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106
Direct Lender
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব
কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!
আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমম্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:
● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।
ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।
All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.
72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল
১ মাস ফ্রি
স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও
ফ্রী আনলিমিটেড ভিডিও
PICTURES VIDEOS MUSIC
tvdesiBox
Dependable live streaming platform
72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372
718-565-9099

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompart, Esq
Attorney at Law

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইনভেস্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে গণহত্যা দিবস পালন

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল ২৬ মার্চ যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে গণহত্যা দিবস পালন করে। এ উপলক্ষে বাংলাদেশ সরকারের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয়।

প্রথম আলো উত্তর আমেরিকার 'উত্তরের নকশা'র সম্পাদক মনিজা রহমান মডেল শো, নাটিকা ও সাক্ষাৎকার নিয়ে জমিয়ে তুলেন মঞ্চ। নানান ডিজাইনের শাড়ি ও ফুলের গহনার সাজ ছিলো নজরে পড়ার মতো। নিয়মিত রেসিপি লেখক ছন্দা খানের সাক্ষাৎকার, কান্তা কাবির আর শরিফ হোসেনের নাটিকা উপভোগ করেন দর্শক-শ্রোতারা প্রাণভরে।

লেখিকা ফরিদা ইয়াসমিন প্রথম আলোর সাথে জড়িত বেশ কিছু প্রবাসী লেখকের প্রকাশিত গ্রন্থ নিয়ে উপস্থিত ছিলেন আলাদা টেবিলে। লেখক ও গ্রন্থ নিয়ে তিনি আলোচনা করেন। তিনি গ্রন্থকারদের মঞ্চে উপস্থাপন করেন। ফরিদা ইয়াসমিন অত্যন্ত সাবলীল আমেজে হাস্যরসের মাধ্যমে বলেন, "অসম্ভবকে সম্ভব করেছেন অনন্ত জলিল। আর আমাদের চোখে অসম্ভবকে সম্ভব করেছেন এইচ বি রিতা।" এ সময় দর্শকদের মুখে হাসি ফুটে ওঠে।

এইচ বি রিতা উপস্থাপন করেন তার প্রথম প্রকাশিত ইংরেজি কবিতার বই ডায়াগোনাল পার্সপেক্টিভ।

অনুষ্ঠান শেষে প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তাদের ক্রমাগত এগিয়ে যাওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। ইব্রাহীম চৌধুরী প্রথম আলো ফাউন্ডেশনের মাধ্যমে পত্রিকা প্রকাশনা ছাড়াও জনকল্যাণের কাজে আগামী দিনগুলোতে সকল মহলের সহযোগিতা প্রত্যাশা করেন।

অনুষ্ঠানের তরুণ প্রজন্মের তিনজন চৌকস উপস্থাপক অনুষ্ঠান উপস্থাপনায় দারুণ ভূমিকা রাখেন। সামিয়া হক, ইহরাম এবং সায়রামের উপস্থাপনায় ভিন্নভাষী অতিথিরা একের পর এক বক্তৃতা দেন এবং প্রথম আলোকে ধন্যবাদ জানান।

সকলের সম্মিলনে খুব সুন্দরভাবে সম্পন্ন হলো প্রথম আলো উত্তর আমেরিকার ৫ম বর্ষপূর্তি অনুষ্ঠানটি। স্টেটের বাইরে থেকেও আসলেন কবি লেখকরা। সকলের চোখেই ছিল ভালোবাসায় মুগ্ধতা।

খুনিদের আশ্রয় দিয়ে যুক্তরাষ্ট্র র‍্যাবের

শেষ পৃষ্ঠার পর

দিয়েছে, তাকে গুলি করে মারল। রাস্তায় ফেলে পা দিয়ে গলা চেপে (জর্জ ফ্লয়েড) মেরে ফেলে দিল। সেখানে এই ধরনের অপরাধ যদি কেউ করে, অর্থাৎ আইনশৃঙ্খলা রক্ষার নামে কেউ অপরাধ করলেও শাস্তি দেওয়া হয় না। কিন্তু পৃথিবীতে বাংলাদেশ একমাত্র দেশ, এখানে কেউ অপরাধ করলে, আমরা শাস্তির বিধান করি।'

দেশের কিছু মানুষ বিদেশে বসে অপপ্রচার চালাচ্ছে জানিয়ে সরকারপ্রধান বলেন, 'সব থেকে দুঃখজনক হলো, আমাদের দেশের কিছু মানুষ, তারাই বাংলাদেশের বিরুদ্ধে নানা ধরনের অপপ্রচার চালায়। আর যারা বিদেশে বসে অপপ্রচার চালাচ্ছে, তারা কিন্তু অপরাধী। তারা কোনো না কোনো দোষে হয়তো চাকরি হারিয়েছে বা দেশ ছেড়েছে।'

যুদ্ধাপরাধী ও বঙ্গবন্ধুর স্বীকৃত খুনিকে যুক্তরাষ্ট্র আশ্রয় দিয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, 'তারা অপরাধীদের রক্ষা করে, তাদের দেশে স্থান দেয়। আর বিনা অপরাধে আমাদের দেশে নিষেধাজ্ঞা দেয়। এটা যাদের চরিত্র, তাদের বিষয়ে আর কী বলব!'

র‍্যাব সদস্যদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, 'দেশ ও জাতির উন্নয়নে আপনাদের অবদান অপরিসীম। কারণ দেশের আইনশৃঙ্খলা যদি সুস্থির না থাকে। সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত না থাকে। তাহলে দেশের উন্নয়ন করা সম্ভব হয় না। আজকে সকলের প্রচেষ্টায় দেশের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে পেরেছি বলেই বাংলাদেশ উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে।'

আইনকানুন মেনে, জনগণের সেবক হিসেবে অর্পিত দায়িত্ব র‍্যাব সদস্যরা যথাযথভাবে পালন করবেন বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী।

ঢাকা মাতালেন এ আর রাহমান

শেষ পৃষ্ঠার পর

মোকাবেলা' ও 'রং দে বসন্তি'।

মঙ্গলবার রাতে এভাবে সুরে সুরে ঢাকা মাতালেন অস্কারজয়ী এই ভারতীয় সংগীতশিল্পী। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে আয়োজিত 'ক্রিকেট সেলিব্রেটস মুজিব হান্ড্রেড' অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন তিনি।

২০২০ সালের মার্চে এ আর রাহমানকে নিয়ে বিশেষ কনসার্ট আয়োজনের কথা ছিল বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি)। করোনার কারণে স্থগিত করা হয় কনসার্টটি। করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় গতকাল অনুষ্ঠিত হয় সেই কনসার্ট। অনুষ্ঠানে অংশ নিতে ২৮ মার্চ ঢাকায় এসে পৌঁছান এ আর রাহমান। তাঁর সঙ্গে আসেন হরিহরণ, রশিদ আলীসহ দুই শতাধিক সহশিল্পী।

গতকাল বেলা ৩টায় মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে ভেন্যুর দ্বার খুলে দেওয়ার আগে থেকেই গেটের সামনে দেখা যায় দর্শকের দীর্ঘ সারি। বেলা গড়ার সঙ্গে সঙ্গে বাড়ে দর্শকসমাগম। কেউ আসেন পরিবার নিয়ে, কেউ আসেন বন্ধুদের নিয়ে।

বিকেল ৫টায় জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে কনসার্টের আনুষ্ঠানিকতা শুরু হয়। উপস্থাপনায় ছিলেন রুমানা মালিক মুনমুন। প্রথমেই তিনি মঞ্চে আহ্বান জানান ব্যান্ড মাইলসকে। তারা পরিবেশনা শুরু করেন জনপ্রিয় গান 'চাঁদ তারা সূর্য' দিয়ে। এরপর একে একে পরিবেশন করেন 'নীলা', 'ধিকিধিকি', 'ফিরিয়ে দাও'-এর মতো জনপ্রিয় গান।

বিকেল ৫টা ৪০ মিনিটে মঞ্চে ওঠেন সংগীতশিল্পী মমতাজ বেগম। জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি 'রক্তে সাগর' গান দিয়ে পরিবেশনা শুরু করেন। এরপর একে একে গেয়েছেন 'না জানি কোন অপরাধে', 'মরার কোকিলে'-এর মতো জনপ্রিয় গান।

মাইলস ও মমতাজের পরিবেশনা শেষে এক ঘণ্টা বিরতি দেওয়া হয়। স্টেডিয়াম ভর্তি দর্শক যখন এ আর রাহমানের প্রতীক্ষায়, তখনই নামে বৃষ্টি। মাঠ ছেড়ে দর্শক উঠে আসেন গ্যালারিতে। ঘণ্টাখানেক বৃষ্টির পর ফেরে স্বস্তি। বৃষ্টি থামার পর আবারও এ আর রাহমানের জন্য অপেক্ষা। সন্ধ্যা সাতটায় তাঁর মঞ্চে ওঠার কথা থাকলেও বৃষ্টির কারণে মঞ্চে আসতে বিলম্ব ঘটে। এ সময় আবারও মঞ্চে আসেন মমতাজ। তিনি 'পাঙ্খা', 'লোকাল বাস' গান গেয়ে উপস্থিত দর্শকদের মাতিয়ে তোলেন।

রাত তখন সাড়ে আটটা। মঞ্চ থেকে বিদায় নেন মমতাজ। খানিক বাদেই স্টেডিয়ামে আসেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানের উপস্থাপক মুনমুন আবারও মঞ্চে আহ্বান জানান মমতাজকে। তৃতীয়বারের মতো মঞ্চে আসেন মমতাজ।

মমতাজের পরিবেশনার পর রাত ৯টা ৪০ মিনিটে সহশিল্পীদের নিয়ে মঞ্চে আসেন এ আর রাহমান। তিনটি গান গাওয়ার পর কিছু সময়ের জন্য মঞ্চ ছাড়েন রাহমান। মঞ্চে আসেন হরিহরণ, তিনি গেয়ে শোনান 'চান্দা রে'। 'দিল সে রে' দিয়ে মঞ্চে ফেরেন রাহমান। শিল্পীরা একে একে পরিবেশন করেন 'জিয়া জ্বলে', 'জানে তুয়া জানে না', 'তুহি রে', 'দম মাস্ত কালান্দার'সহ জনপ্রিয় গানগুলো।

চার দেশ থেকে

শেষ পৃষ্ঠার পর

'কূটনৈতিক আচরণের আন্তর্জাতিক মানদণ্ড পূরণ করেনি' অভিযোগে তাঁদের বহিষ্কার করেছে আয়ারল্যান্ড।

একইভাবে প্রাগে রাশিয়ান দূতাবাসের কূটনৈতিক স্টাফের এক সদস্যকে বহিষ্কারের ঘোষণা দিয়েছে চেক প্রজাতন্ত্র।

রহমতময় রমজানের প্রথম দশদিন

শেষ পৃষ্ঠার পর

এমন এক শ্রেণীর লোক আছেন যারা তাকওয়া ও পরহেজগারী সম্পন্ন এবং পাপ ও বর্জনীয় কাজকর্ম থেকে বেঁচে থাকার জন্য সর্বদাই যত্নবান। তারা সিয়াম সাধনার মাঝে কোনো ভুলত্রুটি হয়ে গেলে চেতনা হওয়ার সঙ্গে সঙ্গেই তওবা ও এস্তাগফার করে নিজেদের সংশোধন ও ত্রুটিমুক্ত করে নেন। এই সময়ে আল্লাহর অফুরন্ত রহমত বর্ষিত হতে থাকে। প্রতিনিয়তই আমরা বেঁচে থাকি মহান আল্লাহ'র রহমতে। মুমিনের উপর বর্ষিত এই রহমত পবিত্র রমজানের প্রথম দশকে রহমতে আরও প্রবল বেগে বইতে থাকে। মহান আল্লাহ প্রদত্ত রহমতে সিক্ত হয়ে মুমিন বান্দারা পরকালে সুউচ্চ আসনে আসীন হওয়ার সুযোগ পান। পবিত্র কোরআনে আল্লাহ বলেছেন, হে মুমিনগণ! তোমাদের জন্যে সিয়ামের বিধান দেওয়া হলো, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগণকে দেওয়া হয়েছিল, যাতে তোমরা মুত্তাকী হতে পার। (সূরা বাকারা-২:১৮৩)

প্রিয় নবী রাসূল (সা.) বলেন, 'তোমাদের সামনে রমজান মাস হাজির। এটি অত্যন্ত বরকতপূর্ণ মাস। এ মাসের রোজা আল্লাহ তোমাদের ওপর ফরজ করেছেন। এ মাসে রহমতের দরজাগুলো উন্মুক্ত হয়ে যায়, জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেওয়া হয় এবং বড় বড় শয়তানকে আটকে রাখা হয়। এ মাসে এমন একটি রাত আছে, যা হাজার মাস অপেক্ষা উত্তম। যে লোক এই রাতের মহাকল্যাণ লাভ থেকে বঞ্চিত থাকল, সে প্রকৃতই সবকিছু থেকে বঞ্চিত ব্যক্তি। 'মহাবরকত ও কল্যাণের মাস মাহে রমজানে বেশি বেশি দোয়া-দরুদ পাঠ, তওবা-ইস্তেগফার ও প্রার্থনার মাধ্যমে আল্লাহর রহমতের ভাগিদার হওয়া যায়। রমজান মাসের প্রতিটি মুহূর্ত মহান আল্লাহর বিশেষ রহমতে পরিপূর্ণ। রোজা পালনের মধ্য দিয়ে মুমিন বান্দারা আত্মিকভাবে নিজেদের গড়ে তুলতে সক্ষম হন। তাই আল্লাহতায়ালা রোজাদারদের জন্য পবিত্র রমজান মাসে তার রহমতের দরজা অবারিত করে দেন। রমজানে রোজাদার আল্লাহর কাছে যত চাইবে, আল্লাহ ততই দেবেন। যে বান্দা আল্লাহর কাছে চায়, আল্লাহ তার প্রতি সন্তুষ্ট হন। আর যে চায় না, তার প্রতি অসন্তুষ্ট হন। আল্লাহর কাছে চাওয়ার ক্ষেত্রে কখনও কুণ্ঠিত হওয়া উচিত নয়। আমরা প্রত্যেকেই আল্লাহর রহমতের মুখাপেক্ষী। প্রতিটি মুহূর্তে আমাদের রহমতের প্রয়োজন পড়ে। আল্লাহর রহমত কারও অনুকূলে না থাকলে জীবনে ধ্বংস অনিবার্য। যারা দুনিয়াতে সফল হয়েছেন, সবাই আল্লাহর অনুগ্রহ ও রহমতপ্রাপ্ত। রমজান আমাদেরকে আল্লাহর রহমত লাভের অনন্য সুযোগ করে দিয়েছে। এই দশকে আমরা বেশি বেশি করে তওবা, ইস্তেগফার ও দোয়ার মাধ্যমে আল্লাহর নৈকট্য লাভ করতে পারি। আমরা আল্লাহর দিকে যত দ্রুত এগিয়ে যাব, আল্লাহ'র রহমত এর চেয়ে শতগুণ বেশি বেগে আমাদের দিকে ছুটে আসবে। আল্লাহর রহমতও এমনই। যারা ইবাদতের মাধ্যমে আল্লাহ'র সন্তুষ্টি লাভ করতে পারবে; দুনিয়া-আখেরাতে আল্লাহর রহমত তাদের সঙ্গী হবে। আর কারও জীবনে আল্লাহর রহমতের বারিধারায় সিক্ত হওয়ার সুযোগ হলে এর চেয়ে সৌভাগ্যবান আর কিছু নেই। রমজানে এই সুবর্ণ সুযোগ পেয়েও যারা কাজে লাগাতে পারবে না তারা বড়ই হতভাগা। তাদের এই হতভাগ্য নিয়ে আল্লাহ ও রাসূল (সা.) আক্ষেপ করেছেন। হাদিসে আছে, যে রমজানে তার গোনাহ ক্ষমা করাতে পারল না তার চেয়ে হতভাগা আর নেই। আমরা অনেকেই হেলায়-খেলায় রমজানের সময়গুলো কাটিয়ে পরবর্তী সময়ে আফসোস করি। সে আফসোসের কোনো ফল হয় না। পবিত্র রমজানের শুরুতেই আল্লাহকে পাওয়ার সাধনা পুরোদমে শুরু করতে হবে এখন থেকেই। যথাযথ হক আদায় করে সিয়াম পালন করব এই প্রতিজ্ঞার মাধ্যমে শুরু হোক আমাদের রমজান ।

সিয়াম,সাধনা আর আল্লাহ'র ইবাদতে ব্রত হয়ে আমরা যেন আমাদের মধ্যে লুকিয়ে থাকা অন্যায়,অনাচার, অমানবিকতা সহ প্রকার দোষ-ত্রুটি পরিহার করতে পারি। যাতে করে রমজান চলে গেলে আমাদের আর আফসোস করতে হবে না। আমরা যেন রমজান মাস পেয়েও হতভাগাদের অন্তর্ভুক্ত না হই আল্লাহ আমাদেরকে সেই তৌফিক দান করুন।

রুম ভাড়া

ব্রুকলিনের নিউকার্ক এলাকায় বি কিউ সাবওয়ে থেকে এক ব্লকের মধ্যে দুটি রুম ভাড়া হবে। 347-495-8996

বাসা ভাড়া

জ্যামাইকার 107 এভিনিউ এবং ফাইনগ্রুপ স্টিটের কর্ণারে এক বেড, লিভিং রুম, বাথরুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ 646-683-2174

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

পাত্রী চাই

সু-প্রতিষ্ঠিত,পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫''৭ ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ: 732-595-2602। Email: kanalyst2020@gmail.com

ন্যানী আবশ্যক

জ্যামাইকার পারসনে বেবি সেটিং এর জন্য একজন মধ্য বয়স্ক মহিলা ন্যানী আবশ্যক। ভাল বেতন দেয়া হবে। অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। যোগাযোগ ফাতিমা: 718-974-8892

বেইসমেন্ট ভাড়া হবে

জ্যামাইকায় 110-19, 157 স্ট্রিটে বেসমেন্ট ভাড়া হবে। একবেড, লিভিং বাথ, কিচেন। স্বামী স্ত্রী অথবা যেকোন দুইজন ব্যাচেলর অগ্রাধিকার, ভাড়া বিলসহ 900 ডলার। ২ য় তলায় আরো একটি রুম ভাড়া দেয়া হবে যে কোন একজনকে। বিলসহ 600 ডলার। ফোন 929-235-2557

বাসা ভাড়া

ওজন পার্ক এর কাছে জেরুম স্টিটে 75 প্রিসেন্ট এ, সি, ও 3 ট্রেন সংলগ্ন 2 বেডরুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, 2 বাথ রুম, কিচেন, ব্যাক ইয়ার্ড, ড্রাইভ ওয়েসহ পহেলা এপ্রিল থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ-718-848-2631

বাসা ভাড়া

হিলসাইডের ও পারসন্স বুলোবার্ডের F ট্রেনের এক ব্লকের মধ্যে দুই বেডরুম লিভিংসহ (হিলকৃষ্ট হাই স্কুলের সামনে) বেইসমেন্ট এবং দ্বিতীয় তলায় এক বেডরুম আলাদা কিচেন বাথরুমসহ অতি সত্তর ভাড়া দেওয়া হবে। যোগাযোগ-৩৪৭-২৭৯-৫৪০০

বাসা ভাড়া

লং আইল্যান্ডের মিনিয়োলা এলাকায় বাস ও ট্রেন এর সন্নিকটে একবেডরুম বাসা (দ্বিতীয় তলা)। জানুয়ারি ২০২২ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: 347-220-2037

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business

Zakir H. Chowdhury
President

- Now Hiring Sales Persons
- Free Training (Free course fees for selected people)
- Earn up to 300K Yearly

Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372

OFFICE SUITS FOR RENT

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্র ৭২ স্ট্রিট ও রুজভেল্ট এভিনুর কর্ণারে প্রফেশনাল অফিস সেন্টারে বিভিন্ন সাইজের পৃথক অফিস রুম ভাড়া দেয়া হবে।

Please Contact: **646-641-5348**
Email: DgDesignNYC@gmail.com

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর ড্রাইভিং** স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ **৩৪৭-৪৫৯-৭০৯২**

নিউইয়র্কে রিয়েল এস্টেট ব্যবসায় বিশ্বস্ত নাম **আসিফ চৌধুরী**
লাইসেন্সড রিয়েলেটর
(ডিজিট্যাল কার্ডের জন্য ৮৫৩৭৭ নাম্বারে টেক্সট করুন)
যোগাযোগ: ৯১৭-৭৪১- ৫৩০৮ (সেল)
অফিস: ৭১৮- ২৬২- ০২০৫
ফ্যাক্স: ৭১৮-২৬২- ০২৫৪
ইমেইল: ashif.choudhury@gmail.com

EXIT REALTY PRIME
১৮৯-১০ হিলসাইড আভিন্যু, সুইট: ই হলিস, এনওয়াই ১১৪২৩
www.EXITPrimeNY.com

PRIVATE TUTORING

GRADE 4 - 12

MATH & ELA | SHSAT | SAT
NY ST EXAM | NY ST REGENTS

➜ **EXPERT TUTOR :**
+20 YEARS TEACHING EXPERIENCE IN PUBLIC & PRIVATE SCHOOLS IN Sty V , Bronx Sci, Trinity ...

FOR RATE AND MORE DETAIL PLEASE VISIT :

TanvirTutoring.com/privatelesson
833-826-8478

Apartment For Rent

1 Large studio basement apartment for rent, 3734 Paulding Avenue Bronx near 2/5 train. Please call for details-718-809-8979

বাসা ভাড়া

সাউথ জ্যামাইকা ১৬৪-৬১ ১০৯ এভিনিউ। ৩ বেডরুম,১বাথরুম, লিভিং, ডাইনিং ও কিচেন ২য় তলায়। ফোন: 646-255-0947

রুমমেট চাই

এস্টোরিয়া স্টাইনওয়ের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৭১৮-৬৯৬-৭৫২১

সেমিবেসমেন্ট ভাড়া

ইস্ট নিউইয়র্ক ব্রুকলিন নতুন সেমিবেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ 347-575-1913

Basement for rent

2 bedroom 1bathroom for rent in 155 street & Sutphin Blvd. Rent $1250. Including wifi & bills.Next to Titash Grocery. No negotiation please. Contact: 929-261-2110

রুমমেট চাই

Jamaica 148 Street 88 Aveতে মনোরম পরিবেশে এপার্টমেন্টে ২ জন অধূমপায়ী নামাজী ব্যাচেলর রুমমেট আবশ্যক। এখন সম্পূর্ণ খালি আছে। লোকেশন: তাজমহল রেস্টুরেন্ট/ কাওরান বাজার এর অপজিটে। এক ব্লকের মধ্যেই F Train. ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: 347-553-4830

রুম ভাড়া

জ্যাকসন হাইটস আপনা বাজারের সামনে এ্যাপার্টমেন্ট বিল্ডিং এ মা মেয়ে সাথের একজন ছাত্রী অথবা কর্মজীবি মহিলার কাছে একটি রুম ভাড়া দেওয়া হবে। কিচেন ও বাথরুম শেয়ার করতে হবে। যোগাযোগ: 347-237-3171

House for rent

1 Bedroom apartment in east Elmhurst 100th street & 25th Ave next to La-Guardia Airport. Phone: 9177457249

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলিজের ৯১ এভিনিউ এবং ২১৬ স্ট্রীটে ২ বেডরুম ও লিভিং একটি বেসমেন্ট ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: 917-868-9679

পাত্র চাই

নিউইয়র্কে জন্মগ্রহণকারী বয়স ৩২ ব্যাংকে উচ্চপদে কর্মরত লম্বা, সুন্দরী পাত্রীর জন্য পাত্র চাই। পাত্রের বায়োডাটা ছবিসহ যোগাযোগ করুন। mhpatwa@gmail.com

পাত্রী চাই

কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকট্রিক্যাল ডিপ্লোমা -কানাডা, MBA-লন্ডন, Uk & DU, ডিভোর্স পাত্রের জন্য সমমনা পাত্রী চাই। **যোগাযোগ- 13475538417**

পাত্রী চাই

পাত্র সিটিজেন ৫/৬ ইঞ্চি,ধার্মিক মধ্যবিত্ত পরিবারের ধার্মিক হিজাব পড়া সুন্দরী পাত্রী চাই। যোগাযোগ: 929-422-8642

Groom wanted

US citizen,Bangladeshi Muslim girl,35 Optometrist, looking for someone residing in US, 35-38, good education/career. Tel :202-386-5401

Help wanted

Salon/SPA workers $900-$1200 weekly Ayodhay Salon 37-43 76th St, Jackson Heights. 718-433-9616. www.ayodhany.com

Help Wanted

Looking for employee's for an ice cream parlor located at Gaithersburg, MD. looking to hire: CSR, Manager, Ice cream maker and Young/energetic individuals with/without experience. In house training will be available for reliable employees. If anyone is interested contact the following numbers: +1-347-499-9427, +1-917-687-5248

অ্যাটিক ভাড়াঃ

ব্রংক্সের পার্ক চেষ্টার এলাকায় জেমেগা সাবওয়ে থেকে মাত্র ২ ব্লকের মধ্যে ১ বেডরুম, ১ বাথরুম, লিভিং, ডাইনিং ও কিচেন স্পেসসহ ভাড়া দেওয়া হবে। ১ ব্লকের মধ্যে মসজিদ, বাংলাদেশী গ্রোসারি, স্কুল।

যোগাযোগ:
347-340-6474

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।

যোগাযোগ সাঈদ–৯১৭–৮০৭–৪৮৫১

পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, **ফোন: ৫৭১–৪৮৯–৯০১৩**

পাত্রী চাই

কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকটিক্যাল ডিপলমা -কানাডা, MBA-লন্ডন, Uk& DU, ডিভোসী পাএের জন্য সমমনা পাএী চাই। যোগাযোগ-14373247008

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত আমেরিকার নাগরিক ৪৮+ বয়সী মুসলিম পাত্রের জন্য মার্জিত, ধার্মিক ৩০-৩৮ বয়সী আমেরিকায় বসবাসকারী পাত্রী চাই। পাত্রের শর্ট-ডিভোর্স আছে। যোগাযোগ: ৬৪৬-৪৯৬-৬৮৭৯

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

গ্রোসারী বিক্রয়

সম্পূর্ণ চালু অবস্থায় স্টারলিং এভিনিউ ব্রঙ্কস নিউইয়র্ক এর একটি গ্রোসারী স্টোর বিক্রয় হবে। যোগাযোগ: ৩৪৭-২৭৮-২৩০০ (৩.০০-৫.০০)

ক্যাব ড্রাইভার আবশ্যক

ব্র্যান্ড নিউ হাইব্রিড RAV4 এর জন্য ইয়েলো ক্যাব ড্রাইভারের প্রয়োজন.আরও বিস্তারিত তথ্যের জন্য কামাল চৌধুরীর সাথে যোগাযোগ করুন(917)602-8876

নিয়োগ বিজ্ঞপ্তি

জ্যাকসন হাইটসের প্রানকেন্দ্রে অবস্থিত কর্ণফুলী ইনকাম ট্যাক্স কোম্পানীতে ট্যাক্স, একাউন্টিং ও অফিস সহকারি পদে কিছু লোক জরুরি ভিত্তিতে নিয়োগ দেয়া হবে। অনুগ্রহ করে রিজ্যুমি ইমেইল করুন Karnafullytax@yahoo.com

লোক আবশ্যক

জ্যাকসন হাইসের প্রানকেন্দ্রে সেলভেল ফোনের দোকানে সেলস পার্সন ও টেকনিশিয়ান আবশ্যক। কাজ জানা এবং ইংরেজী জানাদের অগ্রাধিকার দেয়া হবে। ভাল বেতন আলোচনা সাপেক্ষে দেয়া হবে। 718-478-8100

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া: 700 যোগাযোগ: 646-645-9830

রেস্টুরেন্টে লোক আবশ্যক

উডসাইডের একটি বাংলাদেশী রেস্টুরেন্টে কিচেন হেলপার, কাস্টমার সার্ভিস ও ক্লিনার পদে জরুরীভিত্তিতে লোক আবশ্যক। যোগাযোগ-347-792-4704

হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক। **থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন**। দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: **৩৪৭-৪৪৫-৫০৯৩**, ৯১৭-৪৩৫-৯৪১৬

জ্যাকসন হাইটসে প্রিন্টিং স্টোর বিক্রয়

জ্যাকসন হাইটসে অবস্থিত
একটি প্রিন্টিং স্টোর
সম্পূর্ণ চালু অবস্থায় অতিসত্ত্বয়
বিক্রয় করা হবে
শুধুমাত্র আগ্রহীরা যোগাযোগ করুন
Ph: 201-884-0513

সানম্যান গ্লোবাল এক্সপ্রেস জ্যাকসন হাইটসে নতুন শাখা উদ্বোধন

উত্তর আমেরিকা অফিস

প্রবাসী আমেরিকার সবচেয়ে পুরাতন এবং বিশ্বস্ত টাকা পাঠানোর বাংলাদেশী প্রতিষ্ঠান সানম্যান সানম্যান গ্লোবাল এক্সপ্রেস জ্যাকসন হাইটসে তাদের আরও একটি নতুন শাখার মাধ্যমে সেবার দোয়ার উম্মোচন করেছেন।

৩৭-১৪ ৭৩ ষ্ট্রিটে (রুম # ২০১), প্রিমিয়াম রেস্টুরেন্ট বিল্ডিংয়ের ২য় তলায় গ্রাহকরা ১লা এপ্রিল, ২০২২ ইং থেকে টাকা পাঠাতে পারবেন। প্রতিষ্টানটি বাংলাদেশ, ইন্ডিয়া, নেপাল, পাকিস্তান এবং ওয়েষ্ট আফ্রিকাতে ১৯৯৮ সাল থেকে টাকা পাঠিয়ে আসছেন। বাংলাদেশের অগ্রণী ব্যাংক, আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, সাউথইস্ট ব্যাংক লিঃ, যমুনা ব্যাংক লিঃ, সোশ্যাল ইসলামী ব্যাংল লিমিটেড, এবং সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ এর মাধ্যমে ক্যাশ পিকাপ এবং বাংলাদেশের সকল ব্যাংক একাউন্টে টাকা পাঠানো হয়।

প্রতিষ্টানের প্রেসিডেন্ট ও সি.ই.ও মাসুদ রানা তপন বলেন সানম্যান এক্সপ্রেস এর সকল শাখা এবং এজেন্ট লোকেশন থেকে গ্রাহকরা বাংলাদেশে নকধংয - এ টাকা পাঠাতে পারবেন। এছাড়া খুব শিগ্রই মোবাইল ওয়ালেটসের মাধ্যমেও গ্রাহকরা টাকা পাঠাতে পারবেন।

রানা তপন সকল গ্রাহকদের তাদের জ্যাকসন হাইটস শাখা, হিলসাইড শাখা, এস্টোরিয়া শাখা এবং সকল এজেন্ট লোকশেন থেকে সানম্যান এক্সপ্রেস এর মাধ্যমে বাংলাদেশে টাকা পাঠানোর অনুরোধ জানান এবং সকলকে তাদের জ্যাকসন হাইটসের ৭৩ স্ট্রিটের নতুন অফিসে সেবা নেওয়ার আমন্ত্রণ জানান। উল্লোখ্য নতুন অফিসটি সকল ১০:০০টা থেকে রাত ৯:০০টা পর্যন্ত খোলা থাকবে।

গাড়ি ভাড়া

টয়োটা কেমব্রী 2013 টিএলসি কার (উবার, লিফট) সুলভ মূল্যে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ 917-370-6826

পাত্রী চাই

বাংগালী আমেরিকান সুদর্শন ধর্মভীরু অবিবাহিত ৩৯ সুপ্রতিষ্ঠিত ইঞ্জিনিয়ার পাত্রের জন্য উত্তর আমেরিকান অবিবাহিত অনুর্দ্ধ ৩৫ সুশ্রী মার্জিত সূন্নী মুসলিম পাত্রীর পক্ষে যোগাযোগ করুন। ২০৩-২৫২-৭৪৫৮

বেইসমেন্ট ভাড়া

জ্যামাইকার E,F এবং LIRR সাবওয়ের সন্নিকটে ২ বেড রুমের বেইসমেন্ট, ছোট ফ্যামেলী বা দুইজন ব্যাচেলারের কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ-718-690-6748

সাবলেট চাই

এডেলফি ইউনিভার্সিটি এবং লং আইল্যান্ড রেল রোড এর কাছে এক রুমে একটি সাবলেট চাই। আমি অডেক্ষিতে এমএস করছি। যোগাযোগ: ৩৪৭৭৬১৪৪৩৫

বাসা ভাড়া

৩২-৩০ ৮৪ ষ্ট্রীট ইষ্ট এলমহার্স্টে এক বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। ফোন: ৬৪৬-৪০৬-৯৭৬৫

বাসা ভাড়া

ইষ্ট এলমহার্স্ট ৯৯ ষ্ট্রীট এস্টোরিয়া বুলেভার্ড এর সন্নিকটে নিরিবিলি পরিবেশে দুই রুমের বেসমেন্ট ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: 917-361-7815, 347-704-0968

বেসমেন্ট ভাড়া

৯৪-২১ ২১৫ প্লেস, কুইন্স ভিলেজ বেসমেন্ট দুই বেডরুম, কিচেন ও বাথরুম ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৫৩৬-০২৬৮

বাসা ভাড়া

নর্দান বুলোভার্ড এবং ৩২ এভিনিউর মাঝে ৮০ স্ট্রীটে সম্পূর্ন রেনোভেটেট দুই বেডরুম কিচেন সাথে লিভিং রুম ফেব্রুয়ারী ১ তারিখ থেকে ভাড়া হবে। যোগাযোগ: 347-580-9330

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ
Utpal Chowdhury, MD.
Board certified internal medicine
Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা
- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরেড
- এজমা
- বাতের ব্যাথা
- যৌন রোগ

TREATMENT / SERVICES
- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment
At# 917-503-5002

Jamaica office
167-02 Highland Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443& (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday
9am-3pm
Wednesday & Friday
5pm-9pm
Sunday: Lab. Work only.
9am-1pm

Tel: 917-503-5002,
Fax: 917-503-5004

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি
We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইন্সপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে 'কন্ডিশন' রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু 'রাস্তা' খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।
কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

LAW OFFICE
এসাইলাম, বিনিয়োগ ও বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড; স্টপ ডিপোর্টেশন; ক্রিমিনাল, ডিভোর্স, বাড়ীর ভায়োলেশন রিমোভ, রিয়েল এস্টেট, ট্যাক্স সমস্যার সমাধান, ফোরক্লোজার স্টপ ও হার্ড ক্যাশ লোন। এক্সিডেন্ট/পার্সোনাল ইনজ্যুরী।
Rafi : 917-432-7458

জর্জিয়া আ'লীগের স্বাধীনতা দিবস ও বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উদযাপন

আটলান্টা প্রতিনিধি, *জর্জিয়া*

জর্জিয়া আওয়ামী লীগের স্বাধীনতা দিবস ও বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উদযাপন।
ছবি : সংগৃহীত

গতকাল ২৬ মার্চ সন্ধ্যায় স্থানীয় একটি রেস্টুরেন্টে জর্জিয়া আওয়ামী লীগ, যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে ২৬ মার্চ সন্ধ্যায় স্থানীয় একটি রেস্টুরেন্টে বাংলাদেশের ৫১তম স্বাধীনতা দিবস ও বঙ্গবন্ধুর ১০২তম দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন জর্জিয়া বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি আলহাজ আবু লিয়াকৎ হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি ডা. মুহম্মদ আলী মানিক। জর্জিয়া আওয়ামী লীগের সাবেক সভাপতি শেখ জামাল ও স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মাহবুবুল আলম সাগরের উপস্থাপনায় অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জর্জিয়া আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মাহমুদুর রহমান। আলোচনায় অংশ গ্রহণ করেন মুক্তিযোদ্ধা সুভাষ চক্রবর্তী, সাগর চক্রবর্তী, সিরাজুল ইসলাম সিজু, শাকিলা আলি বাচ্চি, কায়েদুজ্জামান, যুবলীগ নেতা মোশারফ হোসেন।

আলোচনা সভায় বক্তারা জাতির জনক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্য অর্জনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করা এবং রাজাকারমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্য অর্জনের জন্য প্রবাসীদের জোরালো ভূমিকা পালনের জন্য আহ্বান জানান। জর্জিয়া আওয়ামী লীগের অভ্যন্তরীণ কোন্দলের জন্য অনুষ্ঠানে সীমিত সংখ্যক অতিথির উপস্থিতি প্রসঙ্গে সাবেক সাধারণ সম্পাদক ও অনুষ্ঠানের সভাপতি মাহমুদুর রহমান বলেন, জর্জিয়ার আওয়ামী পরিবারের অভ্যন্তরীণ কোন্দল নিরসনে খুব শিগরিরই ভার্চুয়াল মিটিং বা সরাসরি সম্মেলনের মধ্য দিয়ে জর্জিয়ায় একটি পূর্ণাঙ্গ আওয়ামী কমিটি গঠন করা হবে।

১৯৭১ সালের গণহত্যাকে স্বীকৃতি দেয়ার আহ্বান

জাতিসংঘে গণহত্যা দিবসের আলোচনা

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশে সংঘটিত ১৯৭১ সালের গণহত্যার ঘটনা অত্যন্ত ভালোভাবেই নথিভুক্ত করা আছে, তবুও এখন পর্যন্ত জাতিসংঘে স্বীকৃতি লাভ করেনি। আমরা বিশ্বাস করি, গণহত্যা প্রতিরোধে জাতিসংঘের পদক্ষেপসমূহ অসম্পূর্ণই থেকে যাবে যদি আমাদের দেশে সংঘটিত গণহত্যার মতো ঘটনাগুলো অস্বীকৃত থেকে যায়"- ২৬ মার্চ গণহত্যা প্রতিরোধ; অতীত ট্রাজেডির স্বীকৃতি ও ক্ষতিগ্রস্থদের মর্যাদা পুনরুদ্ধার' শীর্ষক এক ভার্চুয়াল সেমিনারে প্রদত্ত বক্তব্যে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। জাতীয় গণহত্যা দিবস-২০২২' পালনের অংশ হিসেবে এই সেমিনারের আয়োজন করে বাংলাদেশ মিশন।

সেমিনারটির মূল বক্তা ছিলেন কর্নেল ইউনিভার্সিটির প্রফেসর জন হাবেল ওয়েইস। জাতিসংঘে নিযুক্ত বসনিয়া ও হার্জগোভিনার স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সোভেন আলকালাজ, কম্বোডিয়ার স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সোভানকি এবং বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এর প্রসিকিউটর ব্যারিস্টার তাপস কান্তি বাউল এতে প্যানেলিস্ট হিসাবে অংশগ্রহণ করেন। এছাড়া ইভেন্টিতে বক্তব্য রাখেন জাতিসংঘ মহাসচিবের গণহত্যা প্রতিরোধ বিষয়ক বিশেষ উপদেষ্টা আন্ডার সেক্রেটারি জেনারেল মিজ্ অ্যালিস ওয়াইরিমু এনদেরিতু। আলোচনা পর্বটির সঞ্চালক ছিলেন রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

স্বাগত বক্তব্যে রাষ্ট্রদূত ফাতিমা ১৯৭১ সালের গণহত্যার ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি মহান মুক্তিযুদ্ধের ত্রিশ লাখ শহীদ, ২ লাখ নির্যাতিত মা-বোন এবং ১ কোটি মানুষকে বাস্তুচ্যুত করার ইতিহাস উল্লেখ করে বলেন, এর সূচনা হয়েছিল ১৯৭১ সালের ২৫ মার্চ 'অপারেশন সার্চলাইট' এর মাধ্যমে। তিনি আরও বলেন, ২৫ মার্চ গণহত্যা, যার উদ্দেশ্য ছিল আমাদের রাজনৈতিক স্বাধীনতা ও স্বাধীনতার আকাঙ্খাকে চিরতরে চূর্ণ-বিচূর্ণ করা। কিন্তু হানাদার বাহিনীর সে উদ্দেশ্য পূর্ণ হয়নি। এর বদলে জাতির পিতার উদাত্ত্ব আহ্বানে সাড়া দিয়ে নয় মাস ব্যাপী রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল বাঙালি জাতি। যার পরিসমাপ্তি ঘটেছিল স্বাধীন সার্বভৌম বাংলাদেশের জন্মের মধ্য দিয়ে।

আন্ডার-সেক্রেটারি-জেনারেল এনদেরিতু বলেন, গণহত্যা এবং নৃশংসতার অপরাধগুলি সবচেয়ে ভয়ঙ্কর এবং বাংলাদেশ তার নিজের ইতিহাস থেকে এই গুরুতর লঙ্ঘনের স্থায়ী ক্ষতগুলো সমন্ধে জানে। তিনি গণহত্যা প্রতিরোধে আগাম সতর্কতা ব্যবস্থা জোরদার এবং ঘৃণামূলক বক্তব্যের বিরুদ্ধে লড়াইয়ের ওপর জোর দেন।

সেমিনারটির কী-নোট স্পিকার প্রফেসর ওয়েইস বিশ্বে সংঘটিত বিভিন্ন গণহত্যা এবং আন্তর্জাতিক সম্প্রদায় কর্তৃক গণহত্যার স্বীকৃতি দেওয়ার আইনি ও ঐতিহাসিক দিকগুলি বিশদভাবে ব্যাখা করেন। তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শনের অভিজ্ঞতার কথাও উল্লেখ করেন এবং ৭১ এর গণহত্যার স্মৃতি ও ইতিহাস সংরক্ষণে বাংলাদেশের প্রচেষ্টার প্রশংসা করেন।

কম্বোডিয়ার রাষ্ট্রদূত ১৯৭১ সালের গণহত্যাকে হলোকাস্ট এর পরে বিশ্বের ইতিহাসে দ্বিতীয় বৃহত্তম গণহত্যা বলে অভিহিত করেন। তিনি এ বিষয়ে কম্বোডিয়ার অভিজ্ঞতা বিশেষ করে ন্যায় বিচার প্রতিষ্ঠার মাধ্যমে গণহত্যার শিকার ব্যক্তিবর্গের পরিবারের মর্মযাতনা লাঘবে গৃহীত পদক্ষেপের কথা উল্লেখ করেন।

বসনিয়া হার্জেগোভিনার রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে স্রেব্রেনিকায় সংঘটিত গণহত্যা প্রতিরোধে আন্তর্জাতিক সম্প্রদায়ের ব্যর্থতার বিষয়ে আলোকপাত করেন এবং প্রাথমিক সতর্কতা চিহ্নগুলি সনাক্ত এবং সমাধান করার জন্য সবাইকে আহ্বান জানান।

বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (আইসিটিবিডি) এর প্রসিকিউটর ব্যারিস্টার তাপস কান্তি বাউল সম্পূরক নীতির আওতায় গণহত্যা ও অন্যান্য আন্তর্জাতিক অপরাধে অভিযুক্ত ব্যক্তিদের বিচার সংক্রান্ত উত্তম অনুশীলনগুলোর কথা তুলে ধরেন এবং জাতীয় ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা করার উপর গুরুত্বারোপ করেন যাতে গণহত্যায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের সাথে আরও ভালো সংযোগ স্থাপিত হয় ও তাদের কষ্ট কিছুটা লাঘব হয়।

এদিকে বিকালে 'জাতীয় গণহত্যা দিবস' উপলক্ষে স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে মিশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণের উপস্থিতিতে দিবসটি পালন করা হয়। অনুষ্ঠানের শুরুতেই দিবসটির স্মরণে একমিনিট নিরবতা পালন ও গণহত্যার শিকার শহীদদের স্মরণে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়। এর পর রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ এবং শহীদদের স্মরণে বিশেষ মোনাজাত করা হয়। উন্মুক্ত আলোচনা পর্বে স্বাগত বক্তব্য রাখেন রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

যুক্তরাষ্ট্রে নতুন নায়িকা নিয়ে শাকিবের নতুন সিনেমা

ঢাকা অফিস

চিত্রনায়ক শাকিব খান এখন যুক্তরাষ্ট্রে। গতকাল ছিল তাঁর জন্মদিন। এ উপলক্ষে এই নায়কের প্রযোজনা প্রতিষ্ঠান এস কে ফিল্মস আয়োজন করেছে বিশেষ অনুষ্ঠানের। সেখানে ঘোষণা দেওয়া হবে শাকিব খান অভিনীত নতুন সিনেমার। নিউইয়র্ক শহরের একটি কনভেনশন সেন্টারে হবে এই অনুষ্ঠান। হিমেল আশরাফ পরিচালিত সিনেমার নাম 'রাজকুমার'। যেখানে শাকিবের বিপরীতে দেখা যাবে মার্কিন এক অভিনেত্রীকে। এদিন নতুন নায়িকার নাম ঘোষণা হবে। রাজকুমার সিনেমার প্রযোজক জাকারিয়া মাসুদ ও কাজী রিটন এসব তথ্য নিশ্চিত করেছেন।

সিনেমার অন্যতম প্রযোজক জাকারিয়া মাসুদ জানান, শাকিব খানকে নিয়ে যে সিনেমার মহরত হবে, সেটি আন্তর্জাতিক মানের সিনেমা হবে। এই সিনেমা শুধু বাংলাদেশে নয় যুক্তরাষ্ট্র, মধ্যপ্রাচ্য, ভারতসহ বেশ কয়েকটি দেশে মুক্তি পাবে।

শাকিব খানের সঙ্গে জাকারিয়া মাসুদের এটি প্রথম কাজ। তিনি ২০ বছর ধরে নাটকসহ বিভিন্ন অনুষ্ঠান প্রযোজনা করছেন। এই প্রথম সিনেমা প্রযোজনা করছেন। নির্মাণে কোনো কমতি রাখবেন না বলে জানান এই প্রযোজক।

আগামী জুলাইয়ের প্রথম সপ্তাহ থেকে যুক্তরাষ্ট্রে সিনেমার শুটিং শুরু হবে। আরও বেশ কয়েকটি প্রজেক্ট নিয়ে শাকিবের সঙ্গে জাকারিয়ার কথা চলছে বলে জানা যায়। জাকারিয়া বলেন, 'বাংলাদেশের সিনেমাকে এগিয়ে নিতেই আমাদের এই ছোট্ট প্রয়াস।'

শাকিব খান বলেন, 'জন্মদিনে যুক্তরাষ্ট্রে আমার নতুন সিনেমার মহরত হচ্ছে। এটা আমার জন্য অনেক ভালো লাগার একটা বিষয়। এই সিনেমার গল্প, চরিত্র সবকিছু নিয়ে অনেক চিন্তাভাবনা হয়েছে। সিনেমা মুক্তিও হবে আন্তর্জাতিকভাবে। নির্মাণশৈলীতে প্রযুক্তির ব্যবহার থাকবে। এ ছাড়া, আরও অনেক চমক থাকবে সিনেমায়।'

শাকিব খান গত নভেম্বরের মাঝামাঝি থেকে যুক্তরাষ্ট্রে আছেন। তবে কবে দেশে ফিরবেন, তা নিশ্চিত করেননি জনপ্রিয় এই নায়ক।

সেন্ট্রাল ফ্লোরিডায় দিনব্যাপী স্বাধীনতা দিবসের অনুষ্ঠান। ছবি: সংগৃহীত

সেন্ট্রাল ফ্লোরিডায় দিনব্যাপী স্বাধীনতা দিবস পালন

জুয়েল সাদত

আমাদের দেশটা বিশ্বের রোল মডেল,ভাবলেই ভাল লাগে মুক্তিযুদ্ধা প্রকৌশলী ইকবাল হায়দার বাংলাদেশটাকে নিয়ে অহংকার করার সময় এসেছে। গত ২৬ মার্চ শনিবার সেন্ট্রাল ফ্লোরিডা মহানগর আওয়ামী লীগের স্বাধীনতা দিবস উদযাপনের দিনব্যাপী অনুষ্ঠানের সমাপনীতে প্রধান অতিথির বক্তব্যে মুক্তিযোদ্ধা প্রকৌশলী ইকবাল হায়দার একথা বলেন। তিনি নতুন প্রজন্মদের শপথবাক্য পাঠ করান, তারা যেন যুগ যুগ প্রবাসে বাংলাদেশের সকল জাতীয় দিবস উদযাপন করে।

তিনি আরও বলেন, বাংলাদেশ নিয়ে গুগলের সাহায্য নিয়ে দেখ, আমাদের অহংকার করার সবকিছু বিশ্ববাসী জানে।

বিশেষ অতিথি বক্তব্য উপদেষ্টা ডা. মুরাদ খান ঠাকুর বলেন, বাংলাদেশের উন্নয়ন আমাদের জন্য অনুপ্রেরণার। মাত্র ১৩ বছরে বাংলাদেশের অভাবনীয় উন্নতি পৃথিবীর বুকে লাল সবুজ পতাকা সগৌরবে। আমরা বাংলাদেশকে নিয়ে অহংকার করি। সব মুক্তিযোদ্বার স্বপ্ন আজ দৃশ্যমান ওরলান্ডোর বারনেট পার্কে দুপুর সাড়ে বারোটা থেকে শুরু হয় সারাদিনের অনুষ্ঠান সন্ধ্যা ৭টায় শেষ হয়। বাংলাদেশের স্বাধীনতার ৫১তম বার্ষিকীতে সেন্ট্রাল ফ্লোরিডা মহানগর আওয়ামী লীগের অনুষ্ঠানে নানা শহরের দেশপ্রেমিক প্রবাসীদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। বাচ্চাদের নানান খেলাধুলার ইভেন্ট ছিল। সাথে ছিল বাচ্চাদের চিত্রাংকন প্রতিযোগিতা।

ওরলান্ডোর বারনেট পার্কে দুপুর সাড়ে বারোটা থেকে শুরু হয় অনুষ্ঠান, শেষ হয় সন্ধ্যা ৭টায়।

বাংলাদেশের উন্নয়নের নানা সুখবর নিয়ে আড্ডায় আলোচনা করেন ডা. মুরাদ খান ঠাকুর প্রকৌশলী ইকবাল হায়দার, সাব্বির রহমান, সাংবাদিক জুয়েল সাদত, সুকন কাজী। বাংলাদেশের জাতীয় পতাকার আদলে পোশাক পরে প্রবাসীরা উপস্থিত হন। বিজয়ীদের পুরস্কার বিতরণ করেন মহিলা সদস্যরা।

অনেকেই নানাভাবে এই সুন্দর স্বাধীনতা দিবসটি প্রাণবন্ত করতে সচেষ্ট ছিলেন তাদের মধ্যে আনোয়ার হোসেন সেন্টু, মুরাদ হোসেন, নাজিমুল্লাহ লিটন, জুয়েল সাদত, জনাব সামশু, মোহাম্মদ সফি, সাইদ আহমদ, আব্দুল জলিল,সামস ইউ আহমদ, ইসহাক আলী, হেলাল আহমদ,কাজী আসিফ সুকন,নুরেন হায়দার মিজান সবুজ,জাহিদ সরোয়ার।

বাংলাদেশ রাইটার্স ক্লাবের সাহিত্যের আসর

উত্তর আমেরিকা অফিস

গত ২৭ মার্চ সকালে বাংলাদেশ রাইটার্স ক্লাব যুক্তরাষ্ট্র শাখার ষষ্ঠ শিল্পসাহিত্যের আসর ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। দস্তগির জাহাঙ্গীরের সভাপতিত্বে ও ডা. রওনক আফরোজের শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের শুভসূচনা হয়।

দুই পর্বের এই অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন রওশন হাসান ও বেনজির শিকদার। তাঁদের সঞ্চালনায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের বাংলাভাষী লেখক, কবি, ছড়াকার, আবৃত্তিকার ও সংগীতশিল্পীরা অংশ নেন। দু'ঘণ্টার এই অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পীরা কথামালা, ছন্দ, কাব্য ও সুরে অনুষ্ঠানে যাঁরা সংযুক্ত ছিলেন তাঁদের বিমোহিত করেন নান্দনিক এই আয়োজনে সুব্রত চৌধুরী, দিনার মনি, বদিউজ্জামান নাসিম, বিমল সরকার, আহমেদ জসিম, আনোয়ার সেলিম, হোসাইন কবির, সুলতানা ফেরদৌস অংশ নেন। বাংলাদেশ রাইটার্স ক্লাব যুক্তরাষ্ট্র শাখার আহ্বায়ক মিশুক সেলিম, সদস্য সচিব খালেদ সরফুদ্দীন ও সমন্বয়ক আবু সাঈদ রতন শিল্পসাহিত্যের ভার্চুয়াল এই আয়োজন সফল করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান।

PS 131 স্কুলে রমজান মাসে নতুন নিয়ম

সাইয়ারার উদ্যোগ

উত্তর আমেরিকা অফিস

মিস ডে পালো



যারীন সাইয়ারা

পিএস ওয়ান থার্টি ওয়ান স্কুলে বিপ্লবই ঘটালেন বাংলাদেশী-অ্যামেরিকান ফিফটথ গ্রেডের ছাত্রী চৌধুরী যারীন সাইয়ারা। স্কুলের নিয়ম কানুন, পরিবেশ, সমান সুযোগ নিয়ে প্রতিবছর অভিভাবকদের কাছ থেকে জরিপে মতামত নিয়ে থাকে স্কুল কর্তৃপক্ষ। একই সাথে স্কুলের ছাত্র-ছাত্রীদের কাছে জানতে চাওয়া হয় স্কুলের অবস্থান তাদের ধারণা নিয়ে। এই জরিপে একটি প্রশ্ন থাকে ধর্ম, জাতীয়তা, বর্ণ এবং বহু সংস্কৃতি মেলে ধরার জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করেছে কিনা পি এস ওয়ান থার্টি ওয়ান। শিক্ষার্থীরা নিজেদের মতামত তুলে ধরেন।

তবে এই বার এই প্রশ্নের উত্তরে ফিফটথ গ্রেডের ছাত্রী চৌধুরী যারীন সাইয়ারা না বলে। এরপর প্রিন্সিপাল মিস ডে পালো তার রুমে নিয়ে সাইয়ারাকে জিগেশ করেন, কেন তুমি মনে করছ, স্কুলে যথেষ্ট সুযোগ নেই? যেখোনে তুমি তোমার, সংস্কৃতি, ধর্ম সুন্দরভাবে মেলে ধরছ। সাইয়ারা উত্তর দেয়- ঈদে স্কুল একদিন বন্ধ থাকে। যে কারণে আমরা সুন্দর ভাবে আমাদের উতসব উপভোগ করতে পারি। কিন্তু আমাদের এক মাস রোজা রাখতে হয়। যেটি শুরু হচ্ছে কিছু দিন পরেই। তখন স্কুল খোলা থাকে। এবং যেই বাচ্চারা রোজা রাখে , লাঞ্চ সময়ে সেই বাচ্চাদেরও বাধ্যতামূলক ভাবে ক্যাফেটেরিয়াতে যেতে হয়। তখন অন্য বন্ধুরা যখন ক্যাফেটিরিয়াতে খাবার খায়, তখন আমাদের খুব কষ্ট হয় , রোজার জন্য না খেয়ে থাকতে।

সাথে সাথেই প্রিন্সিপাল ডে পালো জানতে চান তাহলে কি করা যায়? সাইয়ারা উত্তর দেয়.. রোজা রাখা বাচ্চাদের ক্যাফেটেরিয়াতে বাধ্যতামূলক না নিতে। ঐ সময় টাতে ক্লাস রুমে কিংবা রোজা রাখা বাচ্চাদের অন্য কোন এক্টিভিটেসে সে সময়ে রাখলে তাহলে সহজ হবে রোজা রাখতে। তবে কেউ যেতে চাইলে সেই বাচ্চা ক্যাফেটিরাতে যেতে পারে সেটিতে কোন সমস্যা নাই।

এরপর প্রিন্সিপাল জানতে চান সাধারণত কত বছর থেকে রোজা রাখা শুরু করে বাচ্চারা। সাইয়ারা বলে সাত বছর থেকে রোজা রাখতে হয় এটি তার বাবার কাছ থেকে শুনেছে। তাই প্রিন্সিপাল সেকেন্ড গ্রেড থেকে ফিফটথ গ্রেডের অভিভাবকদের কাছে এই নিয়ে তথ্য পাঠাবেন বলেও জানান সাইয়ারাকে।

সাইয়ারার এই উদ্যোগে খুশি মুসলিম অভিভাবকেরা। এবং এই নিয়ে একটি স্বাক্ষাতকারও নেয়া হয়েছে পিএস ওয়ান থার্টি ওয়ানের প্রিন্সিপাল ডি পালোর। তিনি বলেন, এই স্কলে সব ধর্মের সব বর্ণের শিক্ষার্থীরা আছে। িএবং ছাত্র-ছাত্রীদের মতামতকে খুব গুরুত্ব দিয়ে স্কুলের অনেক উন্নয়ন এবং নতুন নতুন নীতি চালু করেন। যেটি স্কুলকে সমৃদ্ধ করছে।

সাইয়রার এই ধরণের চিন্তাভাবনা তাকে মুগ্ধ করেছে বলে জানান তিনি। খুব মেধাবী সাইয়ারার এই পরিকল্পনাকে বাস্তবে রুপ দেয়ার জন্য এরই মধ্যে কাজ শুরু করে দিয়েছেন তিনি। অভিভাবকদের কাছে ইমেইল পাঠানো হয়েছে।এবং এই রমজান মাসেই রোজা রাখা বাচ্চাদের বাধ্যমূলক ক্যাফেটিরিয়াতে নেয়া হবে না লাঞ্চ টাইমে সেটি জানিয়েছেন তিনি। এই বাচ্চাদের বিশেষ তত্বাবধানে অন্যান্য কর্মকান্ডে ব্যস্ত রাখাতে ব্যবস্থা নেয়ার কথাও জানিয়েছেন তিনি।

পি এস ওয়ান থার্টি ওয়ানের অভিভাবকেরা এরই মধ্যে জানিয়েছেন তারা স্কুল থেকে ই মেইল পেয়েছেন যেখানে রোজা রাখা বাচ্চাদের বিষয়ে যেন তারা তথ্য দিয়ে স্কুলকে সহায়তা করে। যেন বিশেষ ব্যবস্থায় তাদর সন্তান রোজা রাখতে পারেন।

এই প্রসঙ্গে মাত্র দশ বছরের চৌধুরী সাইয়ারা বলে, আসলে এটি সে নিজে অনুভব করে বলেছে। □যখন রোজা রাখা হয়... সেই সময় সামনে যদি কেউ খাবার খায় তাহলে খুব কষ্ট হয় সেই সময় নিজেকে সংযত করে রাখতে। আর ক্যাফেটিরিয়াতে যেখানে তার বন্ধুরা সবাই খাবার খাচ্ছে কিন্তু রোজা রাখা বাচ্চাটি খাবার খেতে পারছে না , তখন এত অল্প বয়সে নিজেকে সংযত করা সত্যিই অনেক কঠিন কাজ বলে মনে করে সাইয়ারা। তবে তার কথা শুনে প্রিন্সিপাল এত বড় উদ্যোগ নেয়ায় খুব খুশি সাইয়ারা।

এই সুন্দর চিন্তা ভাবনার জন্য চৌধুরী যারীন সাইয়ারাকে বিশেষ ধন্যবাদও দিয়েছেন পি এস ওয়ান থার্টি ওয়ান স্কুলের প্রিন্সিপাল ডি পালো। একই সাথে অভিভাবকেরাও ধন্যবাদ দিয়েছেন প্রিন্সিপালকে। শিক্ষার্থীদের মতামতকে গুরুত্ব দিয়ে এত সুন্দর করে স্কুল পরিচালনার জন্য।

যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির স্বাধীনতা দিবস উদযাপন

উত্তর আমেরিকা অফিস

বিপুল সংখ্যক জাতীয় পার্টির নেতা, কর্মী এবং সমর্থকদের উপস্থিতিতে এবং বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালনের মাধ্যমে, সদস্য শাহজাহান সাজুর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় পার্টির আহ্বায়ক মোহাম্মদ এ বড় ভূঁইয়া।

১৯৭১ সালে স্বাধীনতা যুর স্মৃতিচারণ করে বক্তারা বলেন, দুর্নীতিমুক্ত, ন্যায়ের শাসন, ভোটের অধিকারসহ সত্যিকারের স্বাধীনতার সুফল মানুষের কাছে পৌঁছে দেয়ার জন্য এবং জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, সাবেক রাষ্টপতি হুসেইন মোহাম্মদ এরশাদের স্বপ্নের বাংলাদেশ গড়তে জাতীয় পার্টির মাননীয় চেয়ারম্যান জিএম কাদের এমপির নেতৃত্বে জাতীয় পার্টির সরকার প্রতিষ্ঠা করতে হবে। সভায় বক্তব্য রাখেন সাবেক সংসদ শহীদুর রহমান, উপদেষ্টা সৈয়দ শওকত আলী, আহ্বায়ক মোহাম্মদ এ বার ভূঁইয়া, সদস্য সচিব আসেফ বারী টুটুল, যুগ্ম আহ্বায়ক তোফায়েল, জাতীয় যুব সংহতির সভাপতি আব্দুল কাদির লিপু, এসএম ইকবাল, শাহজাহান সাজু, যুব সংহতির যুগ্ম সম্পাদক শক্তি দাস গুপ্তা, রুহেল আহমদ।

মাহে রমজান উপলক্ষে একটি সার্বজনীন ইফতার অনুষ্ঠান করার জন্য যুগ্ম আহ্বায়ক মাহবুবুর রহমান অনিককে আহ্বায়ক করে একটি উপকমিটি ঘোষণা করেন। আহ্বায়ক ভূঁইয়া জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সাথে আলোচনা সাপেক্ষে আগামী ১৯ জুন যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সম্মেলন দ্বি-বার্ষিক সম্মেলনের ঘোষনা করেন। রমজান পরবর্তী সময়ে বিভিন্ন উপকমিটি গঠন করা হবে সম্মেলনকে সফল করার জন্য।

কখনই হার মেনে নেব না

প্রথম পৃষ্ঠার পর

রাজনীতিতে প্রবেশ করার সিদ্ধান্ত নিয়েছি। ভারত ও যুক্তরাষ্ট্রে আমার অনেক বন্ধু আছে। আমার তাঁদের বিরুদ্ধে কোনো অসৎ ইচ্ছা নেই। কিন্তু আমি তাঁদের নীতির নিন্দা জানাই।'

ভাষণে যুক্তরাষ্ট্রের সমালোচনা করে পাকিস্তানের প্রধানমন্ত্রী বলেন, 'আমাদের বলা হয়েছিল, যদি আমরা মার্কিন যুক্তরাষ্ট্রকে সমর্থন না করি, তাহলে তারা আহত ভালুকের মতো আমাদের ওপর ঝাঁপিয়ে পড়বে। ৯ /১১-এর সময়, আমরা বলেছিলাম যে মার্কিন যুক্তরাষ্ট্রে সন্ত্রাসী ঘটনা ঘটলে আমাদের তাদের সাহায্য করা উচিত। কিন্তু এটি আমাদের লড়াই ছিল না। যুক্তরাষ্ট্রের জন্য অনেক পাকিস্তানি প্রাণ উৎসর্গ করেছেন, কেউ কি আমাদের ধন্যবাদ দিয়েছে? কেউ কি শুকরিয়া বলেছে?'

ভারতের সঙ্গে সম্পর্ক নিয়ে ইমরান খান বলেন, 'প্রধানমন্ত্রী হওয়ার পর সিদ্ধান্ত নিয়েছি, আমাদের নীতি কারও বিরুদ্ধে হবে না। কাশ্মীর নিয়ে আন্তর্জাতিক আইন ভঙ্গ হলেই ভারতের সঙ্গে আমাদের বিরোধ শুরু হয়।'

বিদেশি ষড়যন্ত্রের বিষয়ে ইমরান খান বলেন, 'তিন সহকারীকে নিয়ে বিদেশি শক্তিগুলো ষড়যন্ত্র করছে। তারা ইমরান খানকে ক্ষমতাচ্যুত করতে চায় এবং এক নির্দিষ্ট ব্যক্তিকে এই জায়গায় নিতে চান।'

পাকিস্তান স্বাধীন পররাষ্ট্রনীতি চায় উল্লেখ করে দেশটির প্রধানমন্ত্রী বলেন, 'ওরা বলে, আমি দেশকে ধ্বংস করেছি কিন্তু শাসন করেছি মাত্র তিন বছর। আমি চ্যালেঞ্জ করতে পারি যে এই বিগত সাড়ে তিন বছরে আমি যা করেছি, তা কখনো অর্জন করা যায়নি।'

উল্লেখ্য, ইমরানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবে বিরোধীদের এককাট্টা করেছে পাকিস্তানের প্রধান দুই বিরোধী দল পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন) ও পাকিস্তান পিপলস পার্টি।

অভিবাসন আবেদনে গতি

প্রথম পৃষ্ঠার পর

পরিকল্পনা করেছে।সেই সাথে, অনন্য ফর্মগুলোর জন্য প্রিমিয়াম প্রক্রিয়াকরণের অনুমতি দেবে। আবেদনকারীদেরকে তাদের আবেদনগুলি দ্রুত করার জন্য অতিরিক্ত ফি হিসাবে ১,৫০০ এবং ২,৫০০ ডলার প্রদান করার সুযোগ দিবে। প্রিমিয়াম প্রক্রিয়াকরণ বর্তমানে শুধুমাত্র 'এইচ ওয়ান' ওয়ার্ক পারমিট আবেদন এবং কিছু কর্মসংস্থান-ভিত্তিক গ্রীন কার্ডের জন্য প্রযোজ্য। কিন্তু নতুন পরিমাপে আবেদনগুলো যা ৬০ দিনের মধ্যে কার্যকর হবে, তাতে কর্মসংস্থান অনুমোদন নথির (EAD) আবেদনের জন্য প্রিমিয়াম প্রক্রিয়াকরণের সময় বাড়াবে এবং অস্থায়ী অভিবাসনের জন্য বাড়তি সময় বাড়ানো বা নিয়ম পরিবর্তন করার অনুরোধ করবে।

চূড়ান্ত ব্যবস্থাটি ওয়ার্ক পারমিট পুনর্নবীকরণের জন্য স্বয়ংক্রিয়ভাবে বর্ধিত সময়কাল বাড়িয়ে দেবে। কাজের অনুমতির জন্য দীর্ঘসময় ধরে অপেক্ষারত শত শত অভিবাসীদের জন্য ত্রাণ প্রদান করবে। এ ব্যাপারে ইউএসসিআইএস ডিরেক্টর ওর এম জাড্ডু বলেছেন, "আমরা যে সমস্ত পরিষেবা প্রদান করি তাদের জন্য সময়োপযোগী এবং ন্যায্য সিদ্ধান্ত প্রদানের জন্য ইউএসসিআইএস প্রতিশ্রুতিবদ্ধ। আমরা মনে করি, প্রতিটি আবেদন অভিবাসী এবং তাদের পরিবারের আশা এবং স্বপ্নের পাশাপাশি তাদের আর্থিক স্থিতিশীলতা এবং মানবিক সুরক্ষার মতো গুরুত্বপূর্ণ, যা তাৎক্ষণিক প্রয়োজনের প্রতিনিধিত্ব করে।"

স্বাধীন মতপ্রকাশ প্রতিহত করতেই

প্রথম পৃষ্ঠার পর

তাহিরপুরের বিরেন্দ্রনগরের (বাগলী) মামুনুর রশীদ (২৫) ও কানাইঘাটের ফালজুর গ্রামের আবুল খায়ের রশীদ আহমদ (২৫)।

মামলার অপর আসামি সিলেট নগরের রিকাবীবাজার এলাকার শফিউর রহমান ফারাবিকে খালাস দেওয়া হয়েছে। আর মামলার একমাত্র জবানবন্দি দেওয়া মান্নান ইয়াহইয়া ওরফে মান্নান রাহীর কারাগারে মৃত্যু হওয়ায় তাঁকে মামলা থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

রাষ্ট্রপক্ষের আইনজীবী মোমিনুর রহমান টিটু জানান, রায় ঘোষণার সময় আসামি আবুল খায়ের রশীদ আহমদ এবং শফিউর রহমান ফারাবি উপস্থিত ছিলেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত অপর তিন আসামি পলাতক রয়েছেন। এই রায়ের মাধ্যমে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে। এ রকম সন্ত্রাস এবং খুন করে কেউ রেহাই পাবে না, তা আবারও প্রমাণিত হয়েছে।

তবে আসামিপক্ষের আইনজীবী আব্দুল আহাদ বলেন, 'আইনের ব্যত্যয় ঘটিয়ে এই রায় দেওয়া হয়েছে।

কোনোভাবেই অভিযুক্তদের অপরাধ প্রমাণ করা যায়নি। তাদের সঙ্গে অনন্ত বিজয়ের বিন্দুমাত্র সম্পর্কও পাওয়া যায়নি। আমরা এই রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে যাব।'

অনন্তকে যেভাবে হত্যা করা হয়

২০১৫ সালের ১২ মে অফিসে যেতে সকালে সিলেট নগরীর সুবিদবাজারের নুরানি আবাসিক এলাকার বাসা থেকে বের হয়েছিলেন ব্যাংক কর্মকর্তা অনন্ত বিজয় দাশ। বাসা থেকে বের হয়ে মূল সড়কে আসার পরপরই আগে থেকে ওত পেতে থাকা দুর্বৃত্তরা তাঁর ওপর হামলা করে। তখন প্রাণভয়ে দৌড়াতে থাকেন অনন্ত। শেষে বাড়ির পাশে দস্তিদার দিঘির সামনে নিয়ে তাঁকে কোপায় দুর্বৃত্তরা। হাসপাতালে নেওয়ার পর তাঁকে মৃত ঘোষণা করা হয়।

হত্যার পরদিন অনন্তের বড় ভাই রত্নেশ্বর দাশ অজ্ঞাতনামা চারজনকে আসামি করে হত্যা মামলা করেন। মামলার এজাহারে বলা হয়, বিজ্ঞান বিষয়ে লেখালেখির কারণে অনন্তকে 'উগ্র ধর্মান্ধ গোষ্ঠী' পরিকল্পিতভাবে হত্যা করেছে।

রায়ের পর্যবেক্ষণে আদালত

অনন্ত বিজয় বিজ্ঞানমনস্ক ও প্রগতিশীল চিন্তার লোক ছিলেন। তিনি ব্লগে লেখালেখির মাধ্যমে মুক্তবুদ্ধির চর্চা করতেন। অনন্ত বিজয় দাশের স্বাধীনভাবে মতপ্রকাশের মৌলিক অধিকারকে প্রতিহত করার জন্য এবং তাঁর লেখনীকে চিরতরে স্তব্ধ করার জন্য সন্ত্রাসী কায়দায় প্রকাশ্যে দিবালোকে নৃশংসভাবে হত্যা করেছে। হত্যাকাণ্ডের নৃশংসতা ও বীভৎসতা দ্বারা যেসব লেখক মুক্তবুদ্ধি, প্রগতিশীলতা, বিজ্ঞান ও সমাজে প্রচলিত কুসংস্কার বিষয়ে লেখেন বা বক্তব্য দেন তাঁদের মধ্যে ভীতি ও শঙ্কা ছড়িয়ে দেয়াই ছিল মূল উদ্দেশ্য।

রায়ের পর্যবেক্ষণে এমন মন্তব্য করেছেন আদালত। পর্যবেক্ষণে আদালত আরও বলেন, অনন্তকে হত্যার পরপরই টুইটারে আনসারুল্লাহ বাংলা টিম এই হত্যার দায় স্বীকার করলেও বাংলা টিম বা অন্য কোনো নিষিদ্ধ সত্তার সংশ্লিষ্টতার বিষয়টি সাক্ষ্য দ্বারা প্রমাণিত হয়নি। মামলা থেকে শফিউর রহমান ফারাবিকে খালাস প্রদান প্রসঙ্গে আদালত বলেন, হত্যাকাণ্ডের সময়ে ফারাবি অন্য মামলায় কারাগারে ছিলেন।

ভালোবাসা ভাগাভাগি করে একসাথে

প্রথম পৃষ্ঠার পর

আত্মদানকারী সকল শহীদ, বীরাঙ্গনা ও বীর মুক্তিযোদ্ধার প্রতি গভীর শ্রদ্ধা উঠে আসে।

ছোট্ট কথায় প্রথম আলোর এই পথচলায় বন্ধুর পথ অতিক্রম করা নিয়ে সাপ্তাহিক ঠিকানা সম্পাদক এম এম শাহীনের কণ্ঠে সহযোগী সংবাদপত্র নিয়ে উঠে আসে মূল্যায়ন। তিনি বলেন, প্রথম আলো আজ ছয় বছরে পদার্পণ করেছে। এ উপলক্ষে ভিন্ন আঙ্গিকে নিজেকে সাজিয়েছে। ৩৩ বছর আগে প্রকাশিত হয়েছিল ঠিকানা। প্রথমদিকে একাসহ এই দীর্ঘপথে আমরা যা করতে পারিনি প্রথম আলো পরিপূরক হিসাবে সেসব কাজ করেছে বাংলাদেশি কমিউনিটির জন্য। ২৭ মার্চ রোববার সকাল ১১টা থেক বিকাল ৫টা পর্যন্ত এভাবে একে একে শুভেচ্ছা জানাতে আসার অতিথিবৃন্দ ভালোবাসা এবং মূল্যবান বক্তৃতায় তুলে ধরেছেন তাঁদের মূল্যায়ন-অভিব্যক্তি।

সম্পাদক ইব্রাহিম চৌধুরীর নেতৃত্বে প্রথম আলোর উত্তর আমেরিকার টিম অতিথিদের বরণ করে নেন। শুধু অতিথিদের শুভকামনাই নয়, বাংলাদেশি আমেরিকান তরুণ প্রজন্মের প্রতিনিধিদের ভালোবাসায়ও সিক্ত হয়েছে প্রথম আলো। আবৃত্তি, গান, নৃত্য, ফ্যাশন শো আর ভোজের মধ্যদিয়ে প্রাণবন্ত ছিল পুরো দিনের অনুষ্ঠানমালা।

অতিথিবৃন্দ বক্তৃতায় বলেন, ক্রমবর্ধমান বাংলাদেশি কমিউনিটিতে নিজেদের ভাষা-সাংস্কৃতি ও ঐতিহ্যকে ধারণ করতে একটি সংবাদপত্রের গুরুত্ব অপরিসীম। যুক্তরাষ্ট্র মূলধারার রাজনীতি, ব্যবসা, শিক্ষা, চাকরি, মেধাচর্চাসহ সর্বক্ষেত্রে বাংলাদেশিরা আশাতীত সাফল্যের স্বাক্ষর রাখছে। এগুলো আমাদেরকে উজ্জীবিত করে। এটিকে আরও এগিয়ে নিতে হবে। একটি সংবাদপত্র তার নিজস্ব কর্মযজ্ঞ এবং কর্মিবাহিনী দিয়ে এক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারে। ইব্রাহিম চৌধুরীর নেতৃত্বে প্রথম আলো উত্তর আমেরিকা এক্ষেত্রে তাদের স্বাক্ষর রেখেছে। করোনাকালীন সময়ে সেটি তারা সেটি প্রমাণ করেছে।

কুইনসের আগরা প্যালেসে অনুষ্ঠিত প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে জনসমাজের ঢলে নেমেছিল। পত্রিকা সাংবাদিক, সম্পাদক, আইনজীবী, মূল ধারার রাজনীতিবিদসহ ব্যাপক লোকজনের উপস্থিতিতে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রথম আলো উত্তর আমেরিকা সংশ্লিষ্ট লেখক-সাংবাদিকরা। উপস্থিত ছিলেন শুভেচ্ছা বক্তৃতা দিয়েছেন নাসির খান পল, মোর্শেদ আলম, আজকাল পত্রিকার সম্পাদক মনজুর আহমেদ, বাংলা পত্রিকার ও টাইম টিভির সিইও আবু তাহের, প্রবাস পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ, জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সম্পাদক শাহ জে চৌধুরী, মঈনুল ইসলাম, ফেরদৌস খান, মৈনুল চৌধুরী হেলাল, দর্পন কবির, শওকত ওসমান রচি, জাফর মাহমুদ, শেখ হেলাল, ডা. তানিয়া, সঞ্জীবন সরকার, সালমা ফেরদৌস, আবু তাহের, মাহমুদুল হক চৌধুরী, মার্শাল মুরাদ, হামিমা হালিনা, আব্দুর রহমান, আবু তালেব চৌধুরী চান্দু, তোফায়েল আহমেদ চৌধুরী, মিজানুর রহমান, ঝর্না চৌধুরী, জয়তূর্য চৌধুরী, দুরুদ মিয়া রোনেল, আহসান হাবিব, ফেরদৌস নয়ন, মাসুদ সিরাজী, মোয়াজ্জেম সরকার, আরিফুল হাসান শাহেদ আলম, আব্দুর রহিম, সাবিনা তুলি, শুখেন গোমেজ, মো. কে আহমেদ, মোহাম্মদ সাঈদ, মাহমুদুল পাহলবি, সেজান আহমেদ, নুরুল হক, অনির্বাণ খন্দকার, সৈয়দ মাসুদুল কবির, নিরু এস নিরা।

জনসমাজকে এগিয়ে নেয়ার অঙ্গীকার

প্রথম পৃষ্ঠার পর

জাতীয় সঙ্গীতে পরিবেশনায় নেতৃত্ব দেন সুতপা মণ্ডল। প্রথম আলো উত্তর আমেরিকার জনপ্রিয় 'কবিতার এক পাতা' সম্পাদক ফারুক ফয়সল কবিতার উৎকর্ষে প্রথম আলোর উদ্যোগ এবং সাফল্য নিয়ে কথা বলেন। মঞ্চে নিয়ে আসেন কবিতার পাতার লেখকদের। গল্পকার সোহানা নাজনীন মঞ্চে আহ্বান করেন 'অণুগল্প' পাতার সম্পাদক শেলী জামান খানকে। শেলী জামান খান অণুগল্পের মাধ্যমে জীবনের বড় বড় গল্প কীভাবে গল্পকাররা সাজিয়ে তোলেন, এ নিয়ে কথা বলে গল্পকারদের মঞ্চে আহ্বান করেন। তাদের পরিচয় করিয়ে দেন হলভর্তি জনসমাজের সামনে। লেখক সাংবাদিক রোকেয়া দীপা নতুন প্রজন্মের প্রতিভাবানদের নিয়ে মঞ্চে উপস্থিত হন। নতুন প্রজন্মের ইমতিয়াজ চৌধুরী, লেখক আসিফ মোক্তাদির, ট্র্যান্সজেন্ডার সাংবাদ পাঠিকা তাসনুভা আনান, মার্জিয়া স্মৃতি, মনীষা তৃষা এ সময় বক্তব্য রাখেন। প্রথম আলোর সাহিত্য সম্পাদক এইচ বি রিতা সাহিত্যচর্চায় যারা প্রবাসকে আন্দোলিত করে রাখছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানান। প্রবাসে বাংলা ভাষার চর্চায় যারা নিজেদের ক্রমশ সংহত ও সমৃদ্ধ করছেন, তাদের তিনি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, প্রবাসে বাংলা সংবাদমাধ্যম প্রতিনিয়ত বাংলা ভাষা ও সাহিত্যকে সমৃদ্ধ করছে। তিনি এসময় সাহিত্যপাতার বেশ কিছু লেখককে পরিচয় করিয়ে দেন।

কুইনস ডিসট্রিক্ট অ্যাটর্নি অফিসের সহকারী ডিসট্রিক্ট অ্যাটর্নি জ্যাসিকা মিল্টন হিউম্যান ট্রাফিকিংয়ের ওপর আলোচনা করেন। তিনি আদম পাচারের ঝুঁকিতে পড়া জনগোষ্ঠী, এর কারণ এবং প্রতিকার নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা উপস্থাপন করেন। অনুষ্ঠানের এ পর্যায়ে তরুণ প্রজন্মের তিনজন চৌকস উপস্থাপক অনুষ্ঠান উপস্থাপনায় এগিয়ে আসেন। সামিয়া হক, ইহরাম এবং সায়রামের উপস্থাপনায় ভিন্নভাষী অতিথিরা একের পর এক বক্তৃতা দেন এবং প্রথম আলোকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানের মাঝামাঝি সময়ে ডিসট্রিক্ট অ্যাটর্নি ও অন্যান্য অতিথির উপস্থিতি ঘটলে শুরু হয় সংক্ষিপ্ত বক্তৃতার পালা ও সম্মাননাপর্ব। পত্রিকা সাংবাদিক, সম্পাদক, আইনজীবী, মূলধারার রাজনীতিবিদসহ ব্যাপক লোকজনের ব্যাপক উপস্থিতি ছিল লক্ষণীয়। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের মূলস্রোতের সাথে বাংলাদেশি জনসমাজের এগিয়ে চলা ও সাফল্যের গল্প উঠে আসে। অনুষ্ঠানজুড়ে ৫১তম স্বাধীনতা দিবসে উদযাপন নিয়েও অতিথিদের বক্তৃতায় একাত্তরের মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল শহীদ, বীরাঙ্গনা ও বীর মুক্তিযোদ্ধার প্রতি গভীর শ্রদ্ধা উঠে আসে।

প্রথম আলোর এই পথচলায় বন্ধুর পথ অতিক্রম করা নিয়ে সাপ্তাহিক ঠিকানা সম্পাদক এম এম শাহীনের কণ্ঠে সহযোগী সংবাদপত্র নিয়ে উঠে আসে মূল্যায়ন। তিনি বলেন, প্রথম আলো আজ ছয় বছরে পদার্পণ করেছে। এ উপলক্ষে ভিন্ন আঙ্গিকে নিজেকে সাজিয়েছে। ৩৩ বছর আগে প্রকাশিত হয়েছিল ঠিকানা। প্রথমদিকে একাসহ এই দীর্ঘপথে আমরা যা করতে পারিনি, প্রথম আলো পরিপূরক হিসাবে সেসব কাজ করেছে বাংলাদেশি কমিউনিটির জন্য। টাইম টিভির সিইও এবং বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহের বলেছেন, প্রথম আলো নীতি-নৈতিকতা নিয়ে সাংবাদিকতা করে। এ অগ্রযাত্রা অব্যাহত থাকার জন্য তিনি শুভকামনা করেন। ডেমোক্র্যাটিক পার্টির ডিসট্রিক্ট লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী তাঁর শুভেচ্ছা বক্তৃতায় প্রথম আলো পত্রিকার সাথে শুরু থেকেই ছিলেন এবং তাঁর সাহায্য- সহযোগিতা অব্যাহত থাকবে বলে উল্লেখ করেন।

রাজনীতিবিদ এবং সংগঠক আবু জাফর মাহমুদ তাঁর বক্তৃতায় প্রথম আলো এগিয়ে চলায় তিনি পাশে থাকবে বলে ঘোষণা প্রদান করেন। ব্যবসায়ী ও মূলধারার রাজনীতিবিদ গিয়াস আহমেদ,প্রথম আলো দল নিরপেক্ষ ভূমিকা অব্যাহত রেখে এগিয়ে যাবে বলে প্রত্যাশা করেন। বিশিষ্ট ব্যবসায়ী আনোয়ার হোসেন বলেন, প্রথম আলো নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটিতে পত্রিকা প্রকাশনা ছাড়াও অনেক ভালো কাজে জড়িয়ে আছে। তিনি এসব কাজে সহযোগিতা করে যাবেন বলে উল্লেখ করেন।

প্রথম আলো উত্তর আমেরিকা এই প্রথম বারের মতো তিনজন বিশিষ্টজনকে সম্মাননা প্রদান করেছে। পেশাগত উৎকর্ষের জন্য নিউইয়র্ক নগরের কুইনস ডিসট্রিক্ট অ্যাটর্নি ম্যালিন্ডা কার্টজ, সংগঠক হিসেবে কমিউনিকেশন ওয়ার্কার্স অফ আমেরিকা সি ডব্লিউ ১১৮২ এর ভারপ্রাপ্ত প্রশাসক রিকি মরিসন এবং আজীবন জনসেবায় নিজেকে উৎসর্গ করার জন্য আজীবন সম্মাননা দেয়া হয়েছে প্রফেসর ডা. জিয়াউদ্দিন আহমদকে।

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের দুই বীর কণ্ঠযোদ্ধা শহীদ হাসান এবং রথীন্দ্রনাথ রায়কে জানানো হয় বিশেষ সম্মাননা। প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ও লেখক সাংবাদিকরা সম্মাননা প্রাপ্তদের হাতে করেত উঠিয়ে দেন এবং উত্তরীয় পরিয়ে দিয়ে শ্রদ্ধা জানান। এসময় অনুষ্ঠানে উপস্থিত হলভর্তি লোকজন দাঁড়িয়ে সম্মাননাপ্রাপ্তদের প্রতি শ্রদ্ধা জানান।

এ পর্বে বক্তব্য রাখেন নিউইয়র্কে প্রথম বাংলাদেশি বিচারক সোমা সাঈদ, রাজনীতিবিদ এলিজাবেদ ক্রাউলি, কমিশনার দিলীপ চৌহান, সিনেটর জন লু, নিউইয়র্কে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল ড. মনিরুল ইসলাম, রাজনীতিবিদ দিলীপ নাথ, মিজানুর রহমান চৌধুরী।

কনসাল জেনারেল মনিরুল ইসলাম সম্মাননাপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, নিউইয়র্কে প্রথম আলো জনসমাজের মুখপত্র হসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ পত্রিকার সাথে জড়িয়ে আছেন জনসমাজের নানা পর্যায়ের লোকজন। তাই পত্রিকার সব ভালো কাজের প্রতি অবিচল থেকে এগিয়ে যাওয়ার প্রত্যাশা করেন। সম্মাননাপ্রাপ্তির পর ডিসট্রিক্ট আটর্নি ম্যালিন্ডা কার্টজ প্রথম আলো সম্পাদক ও ব্যবস্থাপনা পরিষদকে ধন্যবাদ জানান। সিডব্লিউ ১১৮২ 'এর প্রশাসক রিকি মরিসন বলেন, তাঁর ইউনিয়ন সদস্যরা জনসমাজের সাথে সংযোগ সৃষ্টির জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। তাঁকে সম্মানিত করার মাধ্যমে নাগরিক সেবায় কর্মরত লোকজনকেই সম্মান জানানো হচ্ছে। তিনি প্রথম আলো সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সম্মাননা পাওয়া চিকিৎসক অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ প্রথম আলো সংশ্লিষ্ট লেখক সাংবাদিকদের ধন্যবাদ জানিয়ে প্রতিকার মাধ্যমে জনসেবা অব্যাহত রাখার আহ্বান জানান।

অনুষ্ঠানে নিউইয়র্ক পুলিশে কর্মরত দুই বাংলাদেশি বংশোদ্ভূত ক্যাপ্টেন আব্দুল্লাহ এবং ক্যাপ্টেন কারাম চৌধুরী শুভেচ্ছা জানিয়ে প্রথম আলোর অগ্রযাত্রা কামনা করেন।

অনুষ্ঠানে প্রথম আলো উত্তর আমেরিকার জনপ্রিয় ম্যাগাজিন পাতা উত্তরের নকশা সম্পাদক মনিজা রহমান মডেল শো, নাটিকা ও সাক্ষাৎকার নিয়ে জমিয়ে তুলেন। নিয়মিত রেসিপি লেখক ছন্দা খানের সাক্ষাৎকার, কান্তা কাবির আর শরিফ হোসেনের নাটিকা উপভোগ করেন দর্শক-শ্রোতারা প্রাণভরে। লেখিকা ফরিদা ইয়াসমিন প্রথম আলোর সাথে জড়িত বেশ কিছু প্রবাসী লেখকের প্রকাশিত গ্রন্থ নিয়ে আলোচনা করেন। তিনি কিছু গ্রন্থকারদের মঞ্চে উপস্থাপন করেন। এসময় আব্দুস শহীদ, সোনিয়া কাদের সরাসরি দর্শকদের সাথে কথা বলেন।

প্রথম আলোর বার্তা প্রধান মনজুরুল হক সবাইকে শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানিয়ে জনসমাজের উপস্থিত লোকজনকে পরিচয় করিয়ে দেন এবং অনেকেই এসময় শুভেচ্ছা বক্তৃতা দেয়ার জন্য এগিয়ে আসেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,শুভেচ্ছা বক্তৃতা দিয়েছেন নাসির খান পল, মোর্শেদ আলম, আজকাল পত্রিকার সম্পাদক মনজুর আহমেদ, প্রবাস পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ, জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সম্পাদক শাহ জে চৌধুরী, শামীম আল আমীন, এডভোকেট আখতারুল ইসলাম, রহমান মাহবুব, মঈনুল ইসলাম, ফেরদৌস খান, মইনুল চৌধুরী হেলাল,দর্পন কবির,শওকত ওসমান রচি,জাফর মাহমুদ, সেলিনা উদ্দিন, মোহাম্মদ কে আহমেদ, আব্দুল মালিক জুয়েল, সালাহ উদ্দিন, এম সোলায়মান, রউফ সরকার, ডা. সজল আশফাক, আব্দুল্লাহ জাহিদ, ফরিদা ইয়াসমিন, শেখ হেলাল, ডা. তানিয়া, সনজীবন সরকার, গোপাল সান্যাল, জিল্লুর রহমান জিলু, আহমেদ সায়েম, স্বপন বিশ্বাস, সালমা ফেরদৌস, আবু তাহের, মাহমুদুল হক চৌধুরী, রাজনীতিবিদ নাছিম আহমেদ, ফারহানা ইলিয়াস তুলি, মোতাহার হোসেন, মার্শাল মুরাদ, হামিমা হালিনা, হাজী আব্দুর রহমান, আবু তালেব চৌধুরী চান্দু, তোফায়েল আহমেদ চৌধুরী, মিজানুর রহমান, ঝর্না চৌধুরী, জয়তূর্য চৌধুরী, দুরুদ

মিয়া রোনেল, আহসান হাবিব, ফেদৌস নয়ন, মাসুদ সিরাজী, মোয়াজ্জেম সরকার, আরিফুল হাসান. শাহেদ আলম, আব্দুর রহিম, সাবিনা তুলি, শুখেন গোমেজ, মো. কে আহমেদ, মোহাম্মদ সাঈদ, মাহমুদুল পাহলবি, সেজান আহমেদ, নুরুল হক, অনির্বাণ খন্দকার, সৈয়দ মাসুদুল কবির, নিরু এস নিরা, শাহানা রহমান, নাসিমা সুলতানা ফ্লোরা, অনিক রহমান, ঊষা রহমান, জাকির চৌধুরী, আবু চৌধুরী,মোহাম্মদ চৌধুরী, সাকিফ চৌধুরী, সায়রা চৌধুরী, ইপন আহমেদ চৌধুরী, মোহাম্মদ চৌধুরী, এমাদ চৌধুরী, হেলিম আহমেদ, শাহনেওয়াজ কোরেশী।

সাংস্কৃতিক পর্ব ব্যবস্থাপনায় ছিলেন সাংবাদিক জাহিদা আলম। অনুষ্ঠানের শেষ দিকে শিল্পী বেবী নাজনীনকে সম্মান প্রদর্শন করা হয়। বেবী নাজনীন শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানান এবং দর্শকদের অনুরোধে গান গেয়ে শোনান। প্রথম আলো উত্তর আমেরিকার প্রায় সব অনুষ্ঠানের নিয়মিত শিল্পী তাহমিনা শহীদের চমৎকার সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। পুরো অনুষ্ঠানের ছবি ধারণ করেছেন সৈয়দ মাসুদুল কবির, হৃদয় অনির্বাণ খন্দকার, এম বি তুষার, শান্তনু সাজ্জাদ। অনুষ্ঠান শেষে প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তাদের ক্রমাগত এগিয়ে যাওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। ইব্রাহীম চৌধুরী প্রথম আলো ফাউন্ডেশনের মাধ্যমে পত্রিকা প্রকাশনা ছাড়াও জনকল্যাণের কাজে আগামী দিনগুলোতে সকল মহলের সহযোগিতা প্রত্যাশা করেন।

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

GRAND RE-OPENING SALES

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্লুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস্-সালাম ফার্মের্সি

(সাটফিন ব্লুবাড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোন: ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

MANAGEOLOGY
HOLDINGS
YOU OWN, WE MANAGE!
প্রবাসী বাংলাদেশীদের বাংলাদেশে তাদের প্রপার্টি ম্যানেজমেন্টের
জন্য নির্ভরযোগ্য একটি প্রপার্টি ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান
আমাদের দক্ষতা
এপার্টমেন্ট রেন্ট | প্রপার্টি ম্যানেজমেন্ট | ক্রয় এবং বিক্রয়
সেবাসমূহঃ
এপার্টমেন্টের ফ্ল্যাট সম্পূর্ণভাবে ভাড়ার উপযোগী করে তৈরি করা, যেমনঃ রঙ করানো, ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক, গ্যাস, বাথরুম সংযোগ পরীক্ষা করে দেখা এবং ঠিক করা।
উপযুক্ত এবং যোগ্য ভাড়াটিয়া যাচাই বাছাই করে খুঁজে বের করা।
সম্ভাব্য ভাড়াটিয়ার জন্য হটলাইনে কল করে এপার্টমেন্ট এবং ভাড়া সংক্রান্ত তথ্য নেবার সুব্যাবস্থা।
এপার্টমেন্ট ঘুরে দেখানোর জন্য সু-ব্যাবস্থা।
ভাড়ার চুক্তিপত্র তৈরি করে স্বাক্ষর দলিল সংরক্ষণ।
প্রতি মাসের ভাড়া সংগ্রহ করা এবং ফ্ল্যাট মালিকের নির্দেশিত অ্যাকাউন্টে জমা করা।
এপার্টমেন্ট প্রয়োজন অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা ।
মালিকের পক্ষ হয়ে, এপার্টমেন্ট সম্পর্কিত সকল প্রকার বিল এবং ট্যাক্স সময়মত প্রদান করা ।
ভাড়া সম্পর্কিত লেনদেনের স্বচ্ছ হিসাব প্রদান করা। বিশেষ করে প্রবাসে ঘরে বসে এপার্টমেন্ট মালিককে ওয়েবসাইট এর মাধ্যমে ভাড়া এবং বিল সম্পর্কিত সমস্ত তথ্য ও রশিদ দেখার সুযোগ প্রদান।
এছাড়াও বাংলাদেশে অবস্থিত ফ্ল্যাটবাড়ি ক্রয় বিক্রয়ে থাকবে পূর্ণ সহযোগিতা।
আস্থার কারণঃ
উৎসব একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছর ধরে প্রবাসী বাংলাদেশীদের সাথে কাজ করে চলেছে, বিশ্বজুড়ে উৎসবের রয়েছে লক্ষাধিক সন্তুষ্ট গ্রাহক।
উৎসব গ্রুপের এই নতুন সংযোজিত প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রে নিবন্ধিত হওয়ায়, দায়িত্ববোধ এবং জবাবদিহিতা অনেক বেশি।
গ্রাহকদের জন্য রয়েছে, অনলাইন নিবন্ধনের সুযোগ, যেখানে গ্রাহক নিজস্ব অ্যাকাউন্টে লগ ইন করে বাড়িভাড়া সংক্রান্ত সকল রশিদ, ইউটিলিটি এবং ট্যাক্স সংক্রান্ত নথিপত্র, রক্ষণাবেক্ষণ সম্পর্কিত সকল রশিদের স্ক্যানকপি দেখতে পারবেন।
উৎসব এমন একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছরে উত্তর আমেরিকাতে কোন প্রকার অভিযোগ বা দুর্নাম নেই।
Address
1 (917) 485-2179
tanjila@utshob.com
www.manageologyholdings.com
168-25A Hillside Ave#2nd Floor,Jamaica NY 11432

অনু গল্প

২০২২ সালের জানুয়ারিতে ‘অণুগল্প পাতা’ ৩ বছরে পা দিয়েছে। অন্যদিকে এই বছরেই ‘উত্তর আমেরিকা প্রথম আলো’র বয়স হলো ছয়। সম্প্রতি নিউইয়র্ক এবং এর কাছাকাছি স্টেট থেকে প্রচুর লেখক, কবি, সাংবাদিক এবং সুধীজনের সমাবেশে অত্যন্ত জমকালোভাবে অনুষ্ঠিত হয়ে গেল এই বর্ষপূর্তি অনুষ্ঠান। ক্যালেন্ডারের হিসেবে ১৫ এপ্রিল বাংলা পহেলা বৈশাখ। ততদিনে নিউইয়র্কের আবহাওয়ায়ও আসবে চমৎকার পরিবর্তন। শীত বিদায় নেবে। বসন্ত শুরু হবে। ফুলে ফুলে ভরে যাবে গাছপালা। আমরা নিউইয়র্কবাসীরা তখনই উদযাপন করব প্রকৃত বসন্ত উৎসব এবং বাংলা নববর্ষ। আমাদের অণুগল্পের এপ্রিল সংখ্যায়ও তাই পড়েছে বাংলা নববর্ষের ছোঁয়া, পান্তা-ইলিশের গন্ধ। অণুগল্পের সকল গল্পকার, পাঠক এবং শুভাকাঙ্ক্ষীদের জন্য জানাই বাংলা নববর্ষের ফুলেল শুভেচ্ছা—শেলী জামান খান

নতুন জীবন

লুনা রাহনুমা

এবার ১৪ই এপ্রিল বাংলা নববর্ষ পালিত হবে সম্পূর্ণ পারিবারিকভাবে। এছাড়াও আরেকটি কারণ আছে, অনেক বছর পর মায়া ফুপির জার্মানি থেকে দেশে আসা উপলক্ষে অনেক আত্মীয়-স্বজনদেরকে দাওয়াত করা হয়েছে। তানিয়া অপেক্ষা করে ছিল এমন একটা দিনের জন্য। মায়া ফুপির চেয়ে ইদ্রিস ফুপার জন্য বেশি অপেক্ষা ওর।

-স্লামুআলাইকুম ফুপা। তানিয়া সালাম দিল।

-তুমি আগের চেয়ে আরো সুন্দর হয়েছো দেখছি। স্বামীর সাথে সম্পর্ক ভালো? মুখ থেকে বেরিয়ে যাওয়া অশ্লীল কথা সামলে নিল লোকটি।

আগের মতো কুঁকড়ে গেল না তানিয়া আজ। ফুপার কুতকুতে চোখের দিকে তাকিয়ে মিটিমিটি হাসছে বরং।

কিছুক্ষণ পর মাইক্রোফোন হাতে স্টেজে আমন্ত্রণ জানানো হলো তানিয়াকে গান গাইতে। তানিয়া মাইক্রোফোন হাতে কথা বলে।

“সবাইকে নববর্ষের শুভেচ্ছা। গান করার আগে আমি কিছু কথা বলতে চাই। ক্লাস এইটে পড়ার সময় আমার জন্য একজন গানের মাষ্টার রাখা হয় বাড়িতে। সপ্তাহে দুইদিন করে তিনি আমাদের বাড়ি এসে গান শেখাতেন। আমার গানের মাষ্টার একটা লম্পট ছিল। তিনি আমার শরীরে যত্রতত্র নোংরা হাত বুলাতেন। আমি ভয়ে এবং আতংকে সেকথা কাউকে জানাতে পারিনি কোনোদিন। সেই গানের মাষ্টার আজ এখানে আছে। আপনারা জানতে চান তিনি কে?”

“কী সব যা-তা বলছো তানিয়া। তোমার কথার প্রমাণ আছে কোনো?” ইদ্রিসের কথা শেষ হবার আগেই জোরে একটা থাপ্পড় বসিয়ে দেয় তানিয়া ইদ্রিসের গালে। মাথা নিচু করে দাঁড়িয়ে থাকে ইদ্রিস ফুপা। একটি শব্দও আসে না মুখে।

ফোঁপানির মতো বিড়বিড় করে তানিয়া।

“এই শয়তানটার কারণে আমি মানুষের সামনে যেতে ভয় পাই। আমার কৈশোর আর যৌবনের সব আনন্দ নষ্ট করে দিয়েছে এই লম্পটটি।”

ক্ষমা চেয়ে পালিয়ে বাঁচলো ইদ্রিস। অনেকদিন পর আজ সবকিছু আগের মতো স্বাভাবিক লাগছে তানিয়ার কাছে। রাস্তায় মানুষ দেখে মনে আনন্দ হচ্ছে। লাল গোলাপের সুঘ্রাণ টেনে নিতে পারছে বুকে। এতগুলো বছর ধরে নিজের ভেতর চেপে রাখা ভয় আর আতংকের গ্রাস থেকে বেরিয়ে আসার সাহস জোগাতে পেরেছে বলে মনেমনে অভিনন্দিত করে নিজেকে। বছরের প্রথম দিন আজ, তানিয়ার কাছেও একটা নতুন জীবনের সূচনা হলো। নিঃশঙ্ক, মুক্তপ্রাণের সাহসিকতায় ভরপুর একজন আত্মবিশ্বাসী মানুষের পথচলা।

পান্তা ইলিশ

জেসমিন আরা

ফজরের আজানের আগেই জরিনা বড়বাড়ির দিকে ছোটে। ঘুমন্ত সাদ্দামকে দাদীর চৌকিতে শুইয়ে দেয়, সাদ্দাম দাদীকে জড়িয়ে গুটিসুটি শুয়ে থাকে। বড়বাড়ির আঙ্গিনায় আসতেই দেখে কোহিনুর বুয়া ভাত বসিয়ে দিয়েছে। ওকে দেখে বলে,

“তরাতরি ইলিশ মাছগুলান ধুইয়্যা আন। বড়আম্মায় ওঠনের আগে ভাতের ফ্যান গাইল্লা ভাতে পানি মিশাইতে হইবে। বড়আম্মার পোলাপাইনরা শহর থন আইয়া পড়ব। হেরা পান্তা ভাতের লগে ইলিশ মাছ ভাজা আর ভর্তা দিয়া বৈশাখী করব।”

জরিনা পুকুরের দিকে যেতেযেতে ভাবে, গরম ভাতে পানি দিয়া বড়লোকের এইডা আবার কোন কিসিমের পান্তা খাওন।

ইলিশের টুকরাগুলো ধুয়ে সাজিতে রাখতে রাখতে আনমনা হয় জরিনা, সাদ্দাম ইলিশ মাছ বড় ভালবাসে। সেবার সাদ্দামের বাবা দক্ষিণে মাটি কেটে টাকা জমিয়ে একটা বড় মাছ এনেছিল। ওরা তিনজন আর সাদ্দামের দাদী মিলে খুব মজা করে ইলিশ ভাজা দিয়ে ভাত খেয়েছিল। রান্নাঘরে এসে দেখে বড়আম্মা কোহিনুরকে নানা রকম নির্দেশ দিচ্ছেন। কোহিনুর জরিনাকে বললো,

“হলুদ আর মইরচের লগে লবণ মিশাইয়া মাছগুলান মাইখ্যা দে, ভাজন শুরু করুম।” মাছ নাড়াচাড়া করার সময় কিছুতেই পাঁচ বছরের সাদ্দামের মুখটা মাথা থেকে সরাতে পারেনা জরিনা। দুইটা বছরের করোনায় একদম নিঃস্ব হয়ে গেছে ওরা। এখন দুমুঠো ভাতই জোটানো কঠিন, সেখানে আবার ইলিশ মাছ।

দুপুরের আগেই বড়বাড়ির ছেলেমেয়েরা পৌঁছে যায়, বাড়িতে উৎসবের আমেজ। পিঠা, পায়েস, পান্তা ভাত, নানা রকম ভর্তা, পেঁয়াজ, শুকনা মরিচ পোড়া আর ভাজা ইলিশের গন্ধ। জরিনাদের জিরোবার ফুরসৎ নেই। বারান্দার বিশাল টেবিলটাতে খাবার সাজিয়ে দেয়। সবকিছু ছাপিয়ে জরিনার বুকের ভেতরটায় সাদ্দামের জন্য কেমন যেন করে।

বড়আম্মা হাতলওয়ালা চেয়ারটায় বসে সবাইকে খেতে ডাকে। এমন সময় পোষা বিড়াল কাল্লু এক লাফে টেবিলে উঠে এক টুকরা ভাজা মাছ নিয়ে দৌড় দেবার সময় মাছের টুকরোটা মাটিতে পড়ে যায়। বড় আম্মা হায় হায় করে ওঠেন। জরিনা মাটি থেকে ওটা হাতে তুলে নেয়, আম্মা বলে,

“জরিনা, ঐডা ফালাইয়্যা দে।” আম্মার চোখের আড়ালে গিয়ে মাছের টুকরোটা একটা কচু পাতায় মুড়িয়ে পানের খুঁতিতে লুকিয়ে রাখে। সত্যিকার পান্তা ভাতে ওটা সাদ্দামের পাতে তুলে দেবে আজ।

যে আলো নিভে যায়নি

রুবানা ফারাহ আদিবা

গত কয়েকদিন থেকেই মা নানারকম পিঠেপুলি, নাশতা বানিয়ে রাখছেন। উপলক্ষ্য, পয়লা বৈশাখ। মাধবী সংসারের কাজে মা’কে সাহায্য করতে চাইলে তাতে তিনি আপত্তি করেন। ছেলের বৌকে ঘরের কাজে ধরে রাখতে তিনি অপছন্দ করেন। ছেলেমেয়েরা এই সময়টা জীবনের আনন্দটুকু লুটেপুটে নেবে এই তাঁর প্রত্যাশা।

মাধবী ভোরবেলা স্নান শেষে লাল পেড়ে শাড়ি পড়ে হালকা করে প্রসাধণী বুলিয়ে নিল। লাল সাদা রেশমি চুড়ি শাশুড়ি মায়ের উপহার। সাজসজ্জা শেষে মা’কে প্রণাম করে দিন শুরু করার কথা ভাবে সে। রিশাদ এ বাড়ির বড় ছেলে। মা বাবার সাথে পরিচয় করিয়ে দেবার জন্য রিশাদ মাধবীকে যেদিন প্রথম এ’বাড়িতে নিয়ে আসে সেদিন এক আশ্চর্য অনুভূতি হয়েছিল। ধর্মীয় ভিন্নতা থাকলেও এখনও যে মানুষকে মানুষ পরিচয় দেয়া যায়, তা তো প্রায় ভুলতেই বসেছিল। অবশ্য, রিশাদকে ভালোবেসে আড়াল থেকেই এঁদেরকে কিছুটা চিনে নিয়েছিল মাধবী।

রিশাদকে ঘুম থেকে উঠে তৈরি হয়ে নেয়ার তাগাদা দেয় মাধবী। দরজার ওপাশ থেকে উঁকি দিয়ে দেখল, মা নামাজ পড়ে সালাম ফিরিয়ে মুনাজাতে বসেছেন।

এ’সময়টা মাকে কী যে সুন্দর লাগে। মনে হয়, তিনি সকল পাপপূণ্যের অপর প্রান্তে অন্য এক আধ্যাত্মিক জগতে থাকেন। মা নামাজ শেষ করে স্মিতহেসে মাধবীর কপালে চুমু দিলেন। বললেন, “মা, ট্রে তে খাবার সাজিয়ে রেখেছি, সকালেই পাশের বাড়িতে দিয়ে এসো, কেমন?”

মাধবী বেরিয়ে যায় ট্রে নিয়ে। কলিং বেল চাপতেই খালাম্মার গম্ভীর কণ্ঠে সম্বিৎ ফেরে মাধবীর।

“কী দরকার?

হকচকিয়ে যায় মাধবী। বলল, “আজ পয়লা বৈশাখ, মা আপনাদের সবার জন্য কিছু নাশতা পাঠালেন, খালাম্মা।”

থম মেরে রইলেন তিনি। বললেন “এই সব আমাদের উৎসব না, এগুলো বিদাত। তুমি এইসব নিয়ে যাও বৌ, আর কখনও এইসব আনবে না”।

মাধবী বাকরহিত হয়ে পড়েছে ততক্ষণে। অপ্রস্তুত হয়ে ফিরে যাবার মুহূর্তে চোখে পড়ল, এই বাড়ির বউ রিয়া’কে। একসময়কার রেডিও এবং টেলিভিশনের নামকরা শিল্পী আজ গান ভুলতে বাধ্য হয়েছে হয়তো। ওর দু’চোখ ভরা স্বপ্ন এবং আকাঙ্ক্ষাকে আজ আবৃত করেছে এক ফালি কাপড়ের খণ্ড।

মাধবী দৌড়ে বাড়ি ফিরেই মা’র বুকে মুখ গুঁজে কাঁদে। এ কান্না মানুষ হয়ে বাঁচবার আনন্দের কান্না।

বাবা’কে মনে পড়ে

শেলী জামান খান

বাবা যেদিন বাজার থেকে তাজা পেয়ে হঠাৎ একগাদা মাছ নিয়ে আসতেন, তখন মা খুব রাগারাগী করতেন।

মায়ের ঘণ লম্বা চুলের ‘হাত খোপা’টা খুলে নিয়ে আবারও আরও শক্ত করে নতুন খোপা বেঁধে নিতেন মা। মা’য়ের শ্যামলা মুখটা রাগে লালচে হয়ে উঠতো।

প্রায়ই দেখতাম মা কোন কাজ শুরু করার আগে বা রাগ করলে খোপা খুলে আবারও নতুন করে শক্ত করে খোঁপাবেঁধে নেন। এটা যেন যুদ্ধ জয়ের প্রস্তুতি।

আমরা ভাই-বোনেরা কোন এক বিচিত্র কারনে বরাবরই বাবা’র পক্ষ নিতাম। মা’র যে কোন ক’টু কথায় বাবা কষ্টপাক, তা আমরা সইতে পারতাম না।

অথচ মা’র ঝাঁঝালো হাজারটা কটুকথাতেও বাবা’র তেমন কোন প্রতিক্রিয়া হত না। মা যতই উত্তপ্ত হন, বাবা ততই ঠান্ডা ব্যাবহার করেন। বাবা’র হাসি হাসি, মায়া মায়া ফর্সা মুখখানা ছিল শিশুর মত কৌতুকভরা। যা দেখলে মা আরও রেগে যেতেন। এবং একপর্যায়ে বাবা’কে ‘রাঙ্গামূলা’ বলে কঠিন একটা বকা দিয়ে মাছ কুটতে শুরু করতেন।

মার্চ মাস। নিউইয়র্কের তাপমাত্রা এই মূহুর্তে হিমাঙ্কের নীচে, ২০ ডিগ্রীতে। বাতাসের তীব্রতায় তাপমাত্রা অনভূত হচ্ছে ১৬ ডিগ্রীর মত। এই মূহুর্তে ডিপফ্রিজের তাপমাত্রা এবং বাইরের তাপমাত্রা একই। তাই ‘আপনা বাজারে’র বাইরের সারিবদ্ধ সবজির তাকগুলো সারি সারি রূপালী ইলিশে ভর্তি করে রাখা হয়েছে। বড় বড় সাইজের ঝকঝকে রূপালি ইলিশগুলো নিয়ন লাইটের আলো’য়, প্রাকৃতিক ঠাণ্ডায় কেমন আরামে শুয়ে আছে।

জ্যাকসন হাইটস এর “আপনা বাজার” এর সামনে দাঁড়িয়ে আজ হঠাৎ করেই বাবা’র কথা খুব মনে পড়ে গেল। এমন হাসিখুশি প্রাণবন্ত মানুষটা কেমন আচমকা ব্রেইনস্ট্রোক করে মারা গেলেন। বরফাচ্ছাদিত এত এত ইলিশ দেখলে তার কী প্রতিক্রিয়া হত কে জানে!

আমি তো আমার বাবারই মেয়ে। ইলিশের সাইজ দেখে খুব লোভ হল। ঝটপট দেখে নিয়ে দু’টো বড়সড় ইলিশ কিনে ফেললাম। সামনেই পহেলা বৈশাখ আসছে। তখন মজা করে পান্তা-ইলিশ খাওয়া যাবে!

প্রথম বোশেখের মেলায়

সোহানা নাজনীন

সকাল থেকেই তড়িঘড়ি কাজ সারছে বেণু, তারপরেও মনে হচ্ছে দুপুরের আগে পেরে উঠবে না। আজ সবার ছুটি, বেলা করে উঠেছে আর নাস্তাও করেছে বেশ দেরিতে। কাক ভেজা হয়ে গোসল সেরে মাথার তোয়ালে খুলতেই বড় ভাইয়া হেড়ে গলায় বলে উঠলো,

“কিরে বেণু, কোথায় যাচ্ছিস? তুই তো বিকেলের আগে গোসল করিস না!”

বেণু আলগোছে বাঁকা চোখে বিছানার উপরে ভাঁজ করে রাখা শাড়ীটার দিকে তাকালো। আড়ং থেকে কেনা হলুদে কমলায় মেশানো মটকা শাড়ীটা এতোদিনেও ভাঁজ ভাঙ্গা হয়নি। দুপুরের খাবার নিয়ে সবাই যখন ব্যাস্ত হবে ঠিক তখনই শাড়ীটা পড়ে টুক করে বেরিয়ে পড়বে বেণু। এমনি বললে তো আর কেও যেতে দেবে না, আব্বা-বড় ভাইয়া তো নয়ই। মা নামাজে দাড়াতেই বেণু শাড়ী পরে নিল দ্রুত হাতে, টিপের পাতা আর বেলী ফুলের মালাটা ব্যাগেই রাখলো, বাসা থেকে বের হয়ে চুলে জড়াবে। দু ফিতের চপ্পলটা পায়ে গলিয়ে দুম করে বেরিয়ে যাবার সময় ভাইয়া বলল,

“বেণু রে, আব্বার মাথায় জ্বর উঠেছে আবার, তুই একটু পানি ঢালবি?”

দুদিন হল আব্বার সিজোনাল জ্বর, খাওয়া নিয়ে ভীষন ঝামেলা করছেন। আজ সবকিছুই বেণুর বিপরীতে যাচ্ছে, পাট করে পরা শাড়ী নিয়েই বালতি টেনে আনলো। বেশ কিছুক্ষন পানি দেবার পর আব্বার ভুলভাল কথা কমে আসলো। শাহেদ নিশ্চয় এতোক্ষন রমনা পার্কে দুপুরের রোদে ভাজাভাজা হচ্ছে। বেণু যখন পৌছাল তখন দুপুর তিনটে, চারিদিকে মানুষ থৈ থৈ। মেলা থেকে কাঁচা আমা মাখানো কিনে দুজনে হেটে বেড়াচ্ছে, বেণুর কোমর অবধি চুলে বেলীর মালা জড়ানো। পাতার ফোঁকর দিয়ে কড়া সূর্যের আলো মাঝে মাঝে ঠিকরে পড়ছে ওদের মুখে, আজ খুব আত্মহারা বেণু। হটাত কিছু দুষ্টু ছেলে কাঁটাওয়ালা ফল লাগিয়ে দিল বেণুর চুলে, ছাড়ানোর চেষ্টা করলে আরো জড়িয়ে জট পেকে যাচ্ছে। আধ খাওয়া চাঁদের মতো টুকরো হয়ে গেল নববর্ষের আনন্দ, রিকশায় বসে বেণুর ঝুলে পড়া অভামানী মুখ দেখে শাহেদ বলল,

“সবাই কি বকবে আজ তোমাকে? জেনে ফেলবে আমাদের কথা?”

বেণু মাথা নাড়ছে অবিরত, ওর একটা হাত মুঠোর মধ্যে তুলে নিল শাহেদ,

“আমার কিন্তু এটাই শ্রেষ্ঠ নববর্ষের বিকেল”।

শেষ বিভ্রম

রোমেল রহমান

যোহন লাফিয়ে পড়লো শহরের সবথেকে উঁচু দালান থেকে। মাটির দিকে পড়তে পড়তে তার মনে হতে লাগ্লো, এহ! বেঁচে থাকা আর দেখা হবে না! আরেকটু বেঁচে থাকলে ক্ষতি ছিলো না! তবে আত্মহত্যার এই সিদ্ধান্তটাও ঠিক আছে! উপায় ছিলো না, পারা যাচ্ছিলো না আর! ফলে যোহন মনে করার চেষ্টা করলো জীবনের প্রিয় সব মূহুর্ত গুলোকে কিন্তু কিচ্ছু মনে এলো না।

তারপর মনে করার চেষ্টা করলো যে পাপ গুলো সে করেছে সেগুলোকে, কিন্তু কিছুই মাথায় এলো না! তার শুধু মনে হলো কিছুক্ষণের মধ্যে সে ফেটে থেঁতলে রক্তাক্ত মাংসের পিন্ডে পরিণত হবে! কুৎসিত। মাঝপথে উড়ন্ত একটা চড়ুই পাখি ঘাড় বাঁকিয়ে যোহনকে দেখে পাত্তাই দিলো না, যেন স্বাভাবিক ব্যাপার! কিন্তু পাখিটাকে দেখতে গিয়ে যোহন দেখলো তার মায়ের মৃত্যু দৃশ্য! মারা যাবার আগে যোহনের মা ইলিশ মাছ খেতে চাইলেন! কিন্তু তখন ইলিশ ধরা এবং বিক্রি নিষিদ্ধ বাজারে! ফলে যোহনের বুদ্ধিমান এক বন্ধু ফেইসবুকে স্ট্যাটাস দিলো — ‘ মৃত্যু পথ যাত্রীকে ইলিশ খাওয়ান’ শিরোনামে!

ঘন্টাখানেকের মধ্যে কেজি কেজি বরফ শিতল ইলিশ এসে জড়ো হলো! কিন্তু ততক্ষণে যোহনের মা অন্যভুবনে! লোকে বলে, যোহনের মায়ের মিলাদে জিলেপির সাথে ইলিশ মাছ ভাজা দেয়া হয় এবং এটা কেউ কোনদিন কোথাও শোনে নাই, দেখেও নাই! ফলে যোহব যখন টের পেলো তার চারপাশে হাজার হাজার ইলিশ মাছের ভীড় আর তাদের কেউ কেউ যোহনের শরীরে হুটহাট ধাক্কা খেয়ে বিব্রত! যোহন তখন জিজ্ঞাস করলো, আমি কোথায়? এক কিশোরী ইলিশ বল্ল, ঢং করছ ক্যানো? টের পাচ্ছ না নদীর স্রোত? যোহন মনে করার চেষ্টা করলো, সে তো দালানের ছাদ থেকে লাফিয়ে পড়েছিল! সারা দেশ কি তবে পদ্মায় তলিয়ে গ্যালো?

নাকি সেও এক রূপালি ইলিশ। এতোদিন মানুষের দুঃখ পেরিয়ে প্রকৃত ঝাঁকে ফিরে এলো!

ইলিশ পান্তার নববর্ষ

অমিতা মজুমদার

ইলিশ ভাজার গন্ধে ম ম করছে পুরো ঘর। আজাদ একবার রান্নাঘরে উঁকি দিয়েছে, ফারহানা গরমে ঘেমে নেয়ে মাছ ভাজছে। ভাত রেঁধেছে পান্তা করবে বলে। পয়লা বৈশাখ আর পান্তা ইলিশ হবে না সেটা কি হয়? অফিসে, টুকুনের স্কুলে, পাশের ফ্লাটের রুমাভাবীর কাছে প্রেস্টিজ থাকবে না তাহলে। ইউটিউব দেখে ভর্তাও বানিয়েছে কয়েকটা।

মাছভাজা শেষে ভাতে পানি দিয়ে রান্নাঘর গুছিয়ে সোজা বাথরুমে। গোছল সেরে নেয়। সকালে পান্তা ইলিশ খেয়ে বেরিয়ে পড়বে। রঙ মিলিয়ে নিজেদের, টুকুনের পোশাক কিনেছে, সাথে চুড়ি মালা দুল টিপ এমনকি পায়ের স্যান্ডেলও । ফারহানার সবকিছু প্লান করা,তাই আজাদের কোনো কথা বলা চলবে না।

ফজরের নামাজ শেষে আজ আজাদ ছাদে উঠে।পুব আকাশে বছরের প্রথম দিনের সূর্য তার রক্তিম আভা ছড়িয়ে আগমনী বার্তা জানাচ্ছে।সেদিকে চেয়ে আজাদের অনেক কথা মনে পড়ল। ছোট্ট আজাদ বাবার হাত ধরে গ্রামের স্কুলের মাঠে মেলায় যেত। বাঁশি, বেলুন, প্লাস্টিকের বল, আর মায়ের জন্য তিব্বত স্নো, পাউডার, সাবান কিনত বাবা খুব যত্ন করে। নিজের জন্য সুরমা আর আতর কিনত। সুরেশ ময়রার দোকানে বসিয়ে মিষ্টি ও জিলিপি খাওয়াতো পেটপুরে। এছাড়াও কাঠি আইসক্রিম, কিনে দিতো। এদিন বাবা একেবারে অন্য মানুষ।কিছুতেই না করত না। বায়োস্কোপের বাক্সের ফুটোয় চোখ রেখে ছবি দেখার সেকী উত্তেজনা।

একটু রাতে বাঁশিতে ফুঁ দিতে দিতে বাবার হাত ধরে বাড়ি ফেরা। টুকুনটা এসব কিছুই দেখতে পেলো না। ছাপোষা নাগরিক জীবন থেকে এসব কবেই হারিয়ে গেছে।

ছাদ থেকে এসে দেখে ফারহানা ও টুকুন তৈরি। আজাদকে তাড়া দিলো রেডি হয়ে নাও। এখন পান্তা ইলিশ খেয়ে বেরিয়ে পড়ব।আজাদ খাবার টেবিলে বসে, মাটির সানিকিতে বেশ বড়ো সাইজের একখানা ইলিশ মাছ আর কয়েকরকম ভর্তা, কাঁচামরিচ পান্তাভাত সাজিয়ে সামনে দেয় ফারহানা। নিজেদের জন্যও নেয়। আজাদ খেতে শুরু করতেই ফারহানা থামিয়ে দেয়, আরে ছবি তুলে নেই ফেসবুকে পোস্ট করতে হবে তো!

ইলিশ মাছ মুখে দিতেই আজাদের মনে পড়ল কাল অফিসে গেলেই ধরা পড়ে যাবে পাঁচ হাজার টাকা ক্যাশবাক্সে কম আছে।

অফিস থেকে বেরিয়ে একজোড়া ইলিশ কিনেছিল পাঁচহাজার টাকায়।

প্রেমভুজ

রোনক বন্দ্যোপাধ্যায়

১.
আমি জানি, আমাদের মধ্যে কোনও বিকিকিনির হিসাব নেই
দীর্ঘায়িত লাফ দেওয়ার আগে পাঁকের গন্ধ;
বণিকের হাল হকিকত, লাঙলের ভোঁতা ফলা, বর্জ্য ব্যবস্থাপনা
বন্ধ্যা গর্তে উঠে আসে নাভিশ্বাস, শেষ কবে খিলখিলিয়ে উঠেছিলে,
শেষ কবে জিতেছিলে টস
আলো জ্বালাও অর্কপ্রভ, বিজলিবাতির পাশে জড়ো হোক কীট

কেমন প্রফেসর তুমি, লেকচার দেওয়ার আগে রিমাইন্ডার দিয়েছিলে।

২.
জ্যামিতির ক্লাস, বিন্দুর ধারণা শিখতে শিখতে বিষণ্ণ কাগজে হাত
আঁচড়, কৌণিক চ্যুতি, ঝুরিবেষ্টিত গোধূলিতে
যৌগিক ভেদের সূত্র লজ্জিত হয়
তুমি কি জলচর, স্ফীত উদর চুঁয়ে পড়ে আলো;
মেরুদণ্ডে আঘাত, ন্যাড়া গাছে হিল্লোল মুছে যায়
কোন দূরত্ব প্রবল, কোথায় চোরাবালি, কার আঙুলে অ্যাসিড
এই যে মর্মর পথ, দৌড়াদৌড়ি, স্কেলের ক্ষতিগ্রস্ততা
কী নামে ডাকবে,
বালুচর জেগে ওঠে যেভাবে সরু হয়ে যায় তিস্তা, আর
লাইসোজাইম হেরে যায় আঁচড়ের দাগে।

সন্ন্যাস

তৌহিদ আহাম্মেদ

দুপুরে রোদ নেই, কুয়াশায় ঢেকে গেছে গ্রাম
বিন্দু বিন্দু শিশিরে ভিজে গেছে ফসলের মাঠ
দূরের তাবুতে বসে ভাবছে পথিক
তোমার মৃত্যুর পরে কে এসে বসবে পাশে,
পাখির কলরব থেমে গেলে কুয়াশা আসবে যখন
সন্ধ্যার মতো একা হবে সমস্ত জীবন
আমার জন্মের পর অন্য জন্মে
জীবন যখন শৈশবের মতো ছোট হবে
তখন তোমাকে মনে পড়বে...

আমার হৃদয়ের পাশে তোমার হৃদয় রেখে
হাঁটতে হাঁটতে পারি দেব ফসলের মাঠ
তোমার স্মৃতিচিহ্ন ভেসে উঠবে হলুদ সর্ষে বনে
তোমার ভালোবাসা এসে ভেঙে দেবে আমার সন্ন্যাস।

যখন পঞ্চাশ পেরিয়ে

সোমা মুৎসুদ্দী

তোমার পঞ্চাশে আমি হেঁটে বেড়াই ডিঙি ভাসাই
নয়তো ভাসি নয়নাভিরাম সমুদ্র বক্ষে
তোমার পঞ্চাশেই আমার মন রাখা,
সুঁই ও সুতোয় গড়ে তুলি অনুভূতির নকশিকাঁথা।

তোমার পঞ্চাশে করি মনচাষ, তুলি আগাছার সারি
পরতে পরতে করে তুলি উত্তম তোমায়,
ভাবছো কি? এ যে সুচিত্রার বড়ই বাড়াবাড়ি?
জানো তো পঞ্চাশের চোখে ভাসে সাদা-কালো মায়াবী ছবি?

ফেলে আসা সেই সন্ধ্যায় কোন এক ভবঘুরে কবি!
এসেছিলে আমার মনের কোণে, ফাগুন হাওয়ার উতলা গানে-
তাই আজও আমি পঞ্চাশেই করি বাস,
হোকনা কিছু স্বপ্ন দেখা অথবা সর্বনাশ
আর এই পঞ্চাশেই হোক প্রিয় কিছু কাব্যকলার চাষ।

একাকী শালিক

মৃগাঙ্ক সিংহ

দৃষ্টিকে পলকের আড়ালে সরিয়ে বললে,
আর কোনোদিন আসবো না!
সাথে সাথে রোদের উদ্দাম ভেঙে- গড়িয়ে গেল
কলসভাঙা স্রোত-
তাকাতে পারছিলাম না অচেনা হয়ে ওঠা বুকপোড়া;
নদীটির দিকে!

তুমুল অনুরাগের নিঃশব্দ মুসাবিদা যে ওষ্ঠে রেখেছি রুয়ে,
ভুল সাঁতারের আখ্যানে পোর্ট্রেটের রঙ কাঁপে শিহরিত ভুঁয়ে

জীবন এক নান্দনিক ভুল, ভুলেভরা বিবর্ণ ছবি—
একাকী শালিক,
দ্যাটস মিনস্ প্রচেষ্টারত ব্যর্থ কবি।

মাটির প্রতিমা

এনাম আনন্দ

এক মাটির প্রতিমাকে পাওয়ার জন্য-
কত পাহাড়-পর্বত, কত বন-জঙ্গল পাড়ি দিয়েছি,
পাড়ি দিয়েছে সাত সমুদ্র তেরো নদী।
কত ঋষিকে দেখেছি - তার ধ্যান ভঙ্গ করে
মাটির প্রতিমার খোঁজে বের হয়ে যেতে।
উত্তর মেরু কিংবা দক্ষিণ মেরুতে,
যেখানেই থাকুক মাটির প্রতিমা
আমি তাকে মনের দামেই চাই।
রাক্ষসপুরী খোক্ষসপুরী জয় করে -
আরোহণ করব প্রতিমার- লাল পাহাড়ের চূড়ায়
সাঁতার কাটব তার পদ্মপুকুর জলে -
ক্লান্তিহীন- অনন্তকাল।

প্রেম ধীরে মুছে যায়

মুক্তারা বেগম নদী

শাওয়ার জেলের শেষ ফোঁটাটুকু নিংড়ে সারা গায়ে মেখে নিল হৃদিতা। বাথটাবে দাঁড়িয়ে নিজেকে ভালো করে ধুয়ে নিল যেন পানির কণার সাথে সাথে ধুয়ে যায় সৌভিকের দেয়া যত অপমান আর কটুবাক্য।
শাওয়ার শেষে জেলের খালি বোতলটা ডাস্টবিনে ফেলে দিল। নতুন বাসায় শিফট করার পর এক সাথে দু'জনে ঘর সংসারের জন্য বাজার সদাই করতে গিয়ে সৌভিক কিনেছিল। হৃদিতা গায়ে মাথার সাবান নিয়ে কিনতে চাইলে সৌভিক জোর করে শাওয়ার জেলটা কিনে বলেছিল, সাবানের চেয়ে জেলই ভালো। জেলটা পছন্দ হয়নি, কোন ভালো ব্র্যান্ডের তো নয়ই, ছিল না কোন ভালো গন্ধ। শুধু সৌভিক কিনে দিয়েছিল বলেই এতদিন অপছন্দের জিনিসটা ভালোবেসে ব্যবহার করেছে।

আজ এতদিন পর সেটা শেষ হয়ে গেল অদ্ভুত ভাবে ঠিক আজকের দিনেই, যেভাবে শেষ হয়ে গেছে তার স্বপ্ন বিশ্বাস আস্থা ভালোবাসা আর পরম নির্ভরতা। বড্ড বেশি তাড়াতাড়ি শেষ হয়ে গেলো সব কিছু!

দীর্ঘ ৩ বছরের সম্পর্ক, সৌভিক ভালো আবৃত্তি করতো, সেই আবৃত্তি শুনেই অদেখা অচেনা সৌভিককে ভালোবেসেছিল হৃদিতা। তারপর খুদেবার্তায় ভাব-বিনিময়, গান মুভি রাজনীতি সমাজ সব কিছু নিয়েই আলাপ হতো। ভালো লাগা বন্ধুত্ব থেকে প্রেম। সবকিছু দু'পায়ে মাড়িয়ে চলে গেলো, একবারও পেছন ফিরে দেখেনি।

সবাই সৌভিকের ছেড়ে যাওয়ার গল্পটা জানে, জানে না বেদনার বালুচরে লুকিয়ে আছে তার অশ্রুজল। তার না থাকার মাঝে সে আছে স্মৃতিদের ভিড়ে। বিরহে ডুবে থাকার যতœহীন হৃদিতাকে কেউ দেখেনা।

তারও যে কষ্ট হয়, চিৎকার করে কাঁদতে ইচ্ছে করে, বলতে ইচ্ছে করে এভাবে ছেড়ে না গেলেও তো পারতে! তবে বলা হয় না, তাদের কথা হয় না, দেখা হয়না। তবু সে আছে হৃদয়ের খুব কাছেই।

সমস্ত রাত্রি অনেক ভেবেছে, ঘুমের ওষুধগুলো হাতে নিয়ে প্রিয় জানালার পাশে বসে ছিল। স্মৃতির পাহাড় ভেঙে পড়ছিল হৃদয়ের কার্নিশে। সবকিছু ছেড়ে নিঃস্ব হয়ে হৃদিতা সৌভিকের হাত ধরে বাঁচতে চেয়েছিল। সৌভিকও দু'হাত দিয়ে হৃদিতাকে আগলে রেখেছিল। সেই সৌভিক আজ অনেক দূরের, অচেনা অজানা কেউ।

এত ঘৃণা হৃদিতা আর কখনো কারো চোখে দেখেনি নিজের জন্য। হৃদিতা কেবলই অবাক হয়, ক্লাউড নাইনের সুখ নয়, সৌভিক তাকে নতুন সূর্য দেখিয়েছিল, সেই সৌভিক আজ তার পুরো পৃথিবীকে অন্ধকার করে দিয়ে চলে গেলো!

রাত্রির নিকষ কালোর চেয়ে অন্ধকারের বুক ছিঁড়ে আলো ফুটতে হৃদিতা ছোট হাত ব্যাগটা নিয়ে রওনা হলো। না এই শহরে এই বাসায় আর সে থাকবে না। যেখানে সৌভিকের ভালোবাসা আর অপমান রোজ লড়াই করে। মা হতে চেয়েছিল হৃদিতা, সেটা আর কোনদিন সম্ভব না। কিন্তু সে এখন একজনের না, অনেকের মা হয়েই বেঁচে থাকবে।

তার মতো মা- বাপ-গৃহহীন বাচ্চাদের স্কুলেই বাকি জীবনটা কাটিয়ে দেবে।

ট্রেনে করে যেতে যেতে জানালা দিয়ে স্মৃতিগুলোকে হাওয়ায় উড়িয়ে দিল হৃদিতা। সে আর পিছনে ফিরে তাকাবে না।

sunman express
global money transfer

সানম্যান গ্লোবাল এক্সপ্রেস কর্পোরেশন

Fast, Secure & Reliable Remittance

GRAND OPENING

1st April 2022

শুভ উদ্বোধন

Jackson Heights Branch :

37-14 73 Street (Suite 201)
Jackson Heights, NY-11372
718-505-2224

Send Money To Bangladesh, India, Nepal, Pakistan & West Africa

Currency Exchange

HEAD OFFICE:
37-17 74TH STREET (1ST FL)
JACKSON HEIGHTS, NY-11372
PHONE: 718-565-5052

JAMAICA BRANCH:
167-05 HILLSIDE AVE.
JAMAICA, NY-11432
PHONE: 718-297-3443

ASTORIA BRANCH:
29-24 36 AVENUE
L.I.C, NY-11106
PHONE: 718-729-0600

Send Money Online at www.sunmanexpress.com

প্রথম আলো উত্তর আমেরিকা পদার্পণ করেছে ৬ষ্ঠ বর্ষে। বর্ষপূর্তির এ আয়োজনকে ঘিরে ২৭ মার্চ নিউইয়র্কের কুইন ব্লুভার্ডের আগ্রা প্যালেসে অংশ নেন কমিউনিটি অ্যাক্টিভিস্ট, বিচারক, আইনজীবী, ব্যবসায়ী, বিজ্ঞাপনদাতা, লেখক ও সাংবাদিকসহ সুধীজনেরা। ছবি তুলেছেন সৈয়দ মাসুদুল কবির, হৃদয় অনির্বান খন্দকার, এমবি তুষার, শান্তনু সাজ্জাদ ও নুরুল হক

GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING YOUR RELATIVES AT HOME WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

M&N HOME CARE SERVICES LLC
$23/hr
CD PAP - PCA - HHA
866-688-6922

প্রথম আলো

Prothom Alo North America
31 March 2022, Thursday, 6th Year, Issue 263, 40 Pages

৩১ মার্চ ২০২২, ১৭ চৈত্র ১৪২৮, ২৮ শাবান ১৪৪৩, বৃহস্পতিবার

প্রাণবন্ত সাহিত্য ঘ্রাণে সুষমামণ্ডিত প্রথম আলো উত্তর আমেরিকার ৫ম বর্ষপূর্তি। ছবি: প্রথম আলো

ইসলাম

রহমতময় রমজানের প্রথম দশদিন

শামীম সিদ্দিকী

ইসলামের পাঁচটি স্তম্ভের অন্যতম একটি স্তম্ভ হচ্ছে রোজা। আমাদের প্রিয় নবী মুহাম্মদ (স.) বলেন, 'রমজানকে তিন ভাগে ভাগ করা হয়েছে। এর মধ্যে প্রথম দশদিন আল্লাহর রহমত নাজিলের, দ্বিতীয় দশদিন গোনাহ মাফ তথা মাগফিরাতের এবং তৃতীয় দশদিন আল্লাহর আজাব থেকে নাজাতের জন্য নির্ধারিত।'

পবিত্র রমজান মাসের প্রথম ১০ দিন রহমতের। পবিত্র ও মর্যাদাপূর্ণ মাহে রমজানের বিশেষ বৈশিষ্ট্য বিবৃত করতে গিয়ে রাসূলুল্লাহ (সা.) বলেছেন, এটা এমন এক মাস যে প্রথম দশ দিন রহমতের বারিধারায় পরিপূর্ণ। মধ্যের দশ দিন ক্ষমা ও মার্জনা লাভের জন্য নির্ধারিত এবং শেষ দশদিন জাহান্নাম থেকে মুক্তি লাভের উপায়রূপে নির্দিষ্ট। রোজাদারদের মাঝে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

চার দেশ থেকে বহিষ্কার ৪৩ রুশ কূটনীতিক

উত্তর আমেরিকা ডেস্ক

সমন্বিত পদক্ষেপের মাধ্যমে রাশিয়ার ৪৩ কূটনীতিককে বহিষ্কার করার কথা জানিয়েছে আয়ারল্যান্ড, বেলজিয়াম, নেদারল্যান্ডস এবং চেক প্রজাতন্ত্র। তাঁদের বিরুদ্ধে গুপ্তচরবৃত্তির অভিযোগ এনেছে ইউরোপের এই চার দেশ।

রুশ সংবাদমাধ্যম আরটি জানায়, বেলজিয়াম ২১ রুশ নাগরিককে দেশে ফেরত পাঠাচ্ছে। তাঁরা ব্রাসেলসে মস্কো দূতাবাস এবং অ্যান্টওয়ার্পের কনস্যুলেটে কর্মরত। কর্মকর্তাদের অভিযোগ, রাশিয়ার ওই ২১ নাগরিকের সবাই 'কূটনীতিক হিসেবে স্বীকৃত' থাকলেও তাঁরা মূলত গুপ্তচরবৃত্তিতে নিযুক্ত ছিলেন।

ডাচ পররাষ্ট্র মন্ত্রণালয় ঘোষণা করেছে, তারা ১৭ জন 'কথিত রাশিয়ান গোয়েন্দা এজেন্টকে' অপসারণ করছে। আর রাশিয়ান দূতাবাসে কর্মরত চার সিনিয়র কর্মকর্তার ক্রিয়াকলাপ

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৬

খুনিদের আশ্রয় দিয়ে যুক্তরাষ্ট্র র‍্যাবের ওপর নিষেধাজ্ঞা দেয়

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

ঢাকা অফিস

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) সাবেক ও বর্তমান কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের দেওয়া নিষেধাজ্ঞাকে গর্হিত কাজ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, 'তারা নিজেদের দেশে স্বীকৃত খুনিদের স্থান দেয়, আর বিনা অপরাধে আমাদের দেশে নিষেধাজ্ঞা দেয়।'

র‍্যাবের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন প্রধানমন্ত্রী। রাজধানীতে ২৮ মার্চ সোমবার র‍্যাব ফোর্সেস সদর দপ্তরে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কেউ অপরাধে জড়ালে সরকার তাঁদের শাস্তি নিশ্চিত করে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, যারা আমাদের

প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিনা কারণে, বিনা দোষে র‍্যাবের কয়েকজন সদস্যের বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি করেছে, তাদের দেশে কিন্তু এই ধরনের অপরাধ করলে, কোনো বাহিনীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে না।'

শেখ হাসিনা আরও বলেন, 'আমি স্পষ্ট বলি, আমেরিকায় আপনারা দেখেছেন একটা বাচ্চা ছেলে পকেটে হাত

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

প্রাণবন্ত সাহিত্য ঘ্রাণে প্রথম আলোর ৫ম বর্ষপূর্তি

এইচ বি রিতা

সফলতার সাথে দীর্ঘ পাঁচ বছরের পথ অতিক্রম করে প্রথম আলো উত্তর আমেরিকা পৌঁছেছে তার ষষ্ঠ বছরে। বৈশ্বিক মহামারির থাবাও সামলাতে হয়েছে পত্রিকাটিকে এরই মধ্যে। আমাদের ভেতর-বাইরেও কম পুড়েনি। তবু থেমে থাকেনি শহরের অলিগলি, গ্রোসারি দোকানগুলোতে পত্রিকাটির উপস্থিতি।

২৭ মার্চ ৫ম বর্ষপূর্তি উপলক্ষে আগ্রা প্যালেসে দারুণ আতিথেয়তায় আয়োজন করা হলো বর্ষপূর্তি অনুষ্ঠানটি। বর্ষপূর্তি নিয়ে দেশ-বিদেশ থেকে শুভেচ্ছাবার্তা ও কবিতা, প্রবন্ধ, গল্প নিয়ে ১২০ পাতার এ সংখ্যার পত্রিকার ঝলমলে পাতাগুলো ছিল সবার নজরে।

দারুণ উত্তেজনা নিয়ে অনুষ্ঠানটি শুরু হলো সকাল ১১টায়। সম্পাদক জানালেন, "এই অনুষ্ঠান আপনার বা আমার নয়। এই অনুষ্ঠান সবার। এখানে যেন বিরোধিতা না হয়, শুধু ভালোবাসা বিনিময় হবে যত্নের সাথে।"

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

ঢাকার মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে 'ক্রিকেট সেলিব্রেটস মুজিব হান্ড্রেড' অনুষ্ঠানে গান পরিবেশন করছেন ভারতীয় সংগীতশিল্পী এ আর রাহমান। মঙ্গলবার রাতে। ছবি: সংগৃহীত

ঢাকা মাতালেন এ আর রাহমান

ঢাকা অফিস

স্টেডিয়াম ভর্তি অপেক্ষমাণ দর্শক। রাত ৯টায় মঞ্চে উপস্থাপনার দায়িত্ব নেন আদিত্য নারায়ণ। ঘোষণা দেন, কিছুক্ষণের মধ্যই মঞ্চে আসবেন এ আর রাহমান। তবে সেই কিছুক্ষণ রাত ৯টা ৪০ মিনিটে গিয়ে ঠেকে। অবশেষে সহশিল্পীদের নিয়ে মঞ্চে আসেন উপমহাদেশের কিংবদন্তি সংগীতশিল্পী এ আর রাহমান। পুরো মাঠেই তখন দর্শকদের বাঁধ ভাঙা উচ্ছ্বাস। মুহুর্মুহু করতালি দিয়ে প্রিয় শিল্পীকে স্বাগত জানান তাঁরা। মঞ্চে এসেই এ আর রাহমান গেয়ে শোনান 'জয় হো'। এরপর পরিবেশন করেন 'মুক্কালা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

HILLSIDE TAX & MULTISERVICES INC.
e-file
• Income Tax • Sales Tax • Corporate Tax • Partnership Tax
• Business setup • Payroll (W2, 1099) • All imigratoin Services • Accounting & Bookkeeping
MD SHORIFUL ISLAM
President & CEO
165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432
Tel: 347-254-9924, Email: Hillsidetax21@gmail.com

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave, 2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয়ে সহযোগিতার জন্য কল করুন
"REALTOR, YOU CAN DEPEND ON"
RE/MAX PROS
Hashan Chowdhury
Realtor
Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282
মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২
Realtorchowdhury@gmail.com
12810 Wisterica Dr, #300
Germantown, MD 208/4

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
IRS ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

নূতন রূপে বাহারি সব বাংলাদেশি খাবারের আয়োজন
Khalil's Food
খলিল'স ফুড
khalilsfood.com
Khalil Biryani House 718.409.6840
Khalil Halal Chinese 646.763.5073
Khalil Pizza & Grill 718.577.7997
Khalil Supermarket 718.521.9993
খলিলুর রহমান
CEO, Khalils Food
1457 Unionport Rd, Bronx, NY 10462

IATA Accredited Agent
OPEN 7 DAYS
Best service is our Goal
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন
হজ্ব ওমরাহ্
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
স্বল্প ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টাকা পাঠান
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

হোম কেয়ার
Immigrant Elder Home Care LLC
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
IATA ARC
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
QATAR
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

MTR Electric
Murad Hussain
আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।
আমরা অত্যন্ত দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিদ্যুৎ সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, বয়লার সিস্টেম, থার্মোস্ট্যাট, এয়ার কন্ডিশন, ওয়্যারিং, লাইটিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, অ্যালার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, সিটরাক, ফ্রেমিং, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।
MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

Home & Habitat Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
সুলভ মূল্যে বাড়ী ক্রয় বিক্রয়
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

মতিন
MOTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
989 Liberty Ave, Brooklyn, NY 11208
Commercial, Residential & Retail
917-346-8207
Liberty Renovation
Libertyrenovation.com

সম্পাদক: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, **ফোন**: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল**: **নিউজ**: news@prothomalony.com, **বিজ্ঞাপন**: cm@prothomalony.com